চতুর্থ পরিশিষ্ট—প্রথম খণ্ড

বাৎস্য গোত্রীয় রাঢ়ী ও বারেন্দ্র ব্রাহ্মণ-বংশাবলী
ও কুল-পরিচয়।

—o:*:o—

৺পণ্ডিত লালমোহন বিদ্যানিধি।

চতুর্থ সংস্করণ

সন ১৩৪৮ সাল।

মূল্য এক টাকা বার আনা মাত্র।

মূল্য বৃদ্ধি চারি আনা মাত্র।

৯৩।৪ হরি ঘোষ ষ্ট্রীট, কলিকাতা হইতে
শ্রীমাণিক চন্দ্র ভট্টাচার্য্য দ্বারা
প্রকাশিত।

সম্বন্ধ-নির্ণয়--

প্রথম পরিশিষ্ট—১ম খণ্ড মূল্য ১।০
দ্বিতীয় পরিশিষ্ট—১ম খণ্ড মূল্য ১৷৵০
তৃতীয় পরিশিষ্ট—১ম খণ্ড মূল্য ১৷০
চতুর্থ পরিশিষ্ট—১ম খণ্ড মূল্য ১৷৵০
পঞ্চম পরিশিষ্ট—১ম খণ্ড মূল্য ১৲
ষষ্ঠ পরিশিষ্ট—১ম খণ্ড মূল্য ২।০

কলিকাতা, ৯৩।৪ হরি ঘোষ ষ্ট্রীটস্থ
ইউনাইটেড্ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে
শ্রীচারুচন্দ্র ভট্টাচার্য্য কর্ত্তৃক মুদ্রিত।

উৎসর্গ।

দেবর্ষি রূপেতে হইয়া পূজ্য
লভিলে বঙ্গে আসন উচ্চ,
সমাজ-ইতির দিব্য দীধিতি
ছড়ালে উজলি দেশেতে প্রাচ্য।
দেশের গৌরব মহামহীয়ান্
গরীয়ান্ স্বীয় গর্ব্বিত কুলে,
জাতীয় গৌরব ভাতিল দেশেরে
তোমার সিদ্ধ সাধনা বলে।
কুড়ায়ে তোমার রতনরাজি—
বাণীর মন্দিরে (যাহা) রাখিয়া গেলে
দীন পুত্র তোমা দিতেছে অর্ঘ্য—
গঙ্গা-পূজা যথা গঙ্গার জলে।

———

প্রকাশকের নিবেদন

——•:*:•——

৺শ্রীশ্রীভগবানের কৃপায় ও সামাজিক ব্যক্তিবর্গের অনুকম্পায় আমরা ইতিপূর্ব্বে ১৩৪৬ সালে 'সম্বন্ধ-নির্ণয়ে'র প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পরিশিষ্ট প্রকাশ করিতে সমর্থ হইয়াছি এবং এবার পৌষ পার্ব্বণের দিন চতুর্থ পরিশিষ্ট প্রকাশ করিতে সমর্থ হইলাম।

বঙ্গবাসীর এরূপ হিতকর মহামূল্য প্রাচীনতম সামাজিক গ্রন্থখানি প্রকাশে এত বিলম্ব ঘটায় দেশবাসী আমাদের নিকট অনুযোগ করিতেছেন, তাঁহাদের এই অনুযোগ উপেক্ষনীয় নহে; তাই দীর্ঘদিনের পরিশ্রমে ও প্রভূত অর্থব্যয়ে আমরা যতদুর নূতন তথ্য সংগ্রহে সমর্থ হইয়াছি, তাহা গ্রন্থাকারে প্রকাশ করিতে বাধ্য হইলাম। বিলম্বের কারণ অভিজাত সম্প্রদায় ও সাধারণ জনগণের ঔদাসীন্য ও নিজেদের সময়ের অভাব; কিন্তু স্বর্গীয় পিতৃদেবের উদ্দীপনাময়ী বাণীর প্রেরণায় ও তাঁহার অমোঘ আশীর্ব্বাদে নানা বাধা বিঘ্ন অতিক্রম করিয়া আজ গ্রন্থের চতুর্থ পরিশিষ্ট প্রকাশ করা সম্ভব হইল।

বিখ্যাত ব্যক্তিগণের জীবনী ধারাবাহিক বংশ-পরিচয়াদিসহ রক্ষা না করিলে ভবিষ্যৎ বংশীয়গণের পক্ষে স্ব স্ব পূর্ব্বপুরুষগণের আদর্শের ধারাবাহিকতা রক্ষা করা সম্ভব হয় না। সে কারণ আমরা ধারাবাহিক বংশাবলীর সহিত প্রসিদ্ধ ব্যক্তিগণের সংক্ষিপ্ত জীবনী ও বংশপরিচয়াদি দিবার চেষ্টা করিয়াছি।

যতদিন আমাদিগের অন্তঃকরণে আমাদিগের পিতৃপুরুষগণের স্মৃতি সমুজ্জ্বল থাকিবে, যতদিন আমরা তাঁহাদিগের কার্য্যকলাপের সারবত্তা, তাঁহাদিগের মহত্ত্ব, ঔদার্য্য, গাম্ভীর্য্য, সাহস, দয়া, দাক্ষিণ্য, শৌর্য্য, বীর্য্য প্রভৃতি যাবতীয় সদ্‌গুণের আলোচনা করিতে থাকিব, ততদিনই আমাদিগের অন্তঃকরণে নিজে বড় হইবার আকাঙ্ক্ষা থাকিবে। নিজ বংশাবলীর প্রতি শ্রদ্ধা না থাকিলে আত্মাভিমান ও আত্মগৌরব নষ্ট হয়।

বর্ত্তমানে জাতি ও তাহার শিক্ষা, সংস্কৃতি এবং সমাজ-ব্যবস্থা লইয়া গবেষণা করার প্রয়োজনবোধ ও অবসর অনেকেরই নাই। ইদানীং অধ্যাপক ডক্টর সুনীতি কুমার চট্টোপাধ্যায় মহাশয়ের এদিকে দৃষ্টি পড়ায় আমরা বিশেষ সুখী হইলাম। তাঁহার প্রণীত "জাতি সংস্কৃতি ও সাহিত্য" নামক পুস্তকখানি সকলেরই পাঠ্য। তিনি পাশ্চাত্য শিক্ষা ও সভ্যতার প্রয়োজনীয়তা উপলব্ধি করিলেও, সনাতন হিন্দুধর্ম্মের বা ভারতীয় আর্য্য ঋষিগণের শিক্ষা, সমাজ ও সংস্কৃতির ধারাবাহিকতা রক্ষা করিতে গৌরব বোধ করেন।

একথা অবশ্য স্বীকার্য্য যে, আমরা মনে মনে পাশ্চাত্য শিক্ষা ও সভ্যতাকে আদর্শ ধরিয়া লইয়া অন্য সকলের বিচার করিয়া থাকি; কিন্তু এ মোহ কাটাইয়া জাতির নিজস্ব ভিত্তিতে দাঁড়াইতে হইবে, তবেই আমরা আর্য্য বংশধর বলিয়া গৌরব বোধ করিতে পারিব। নচেৎ যেভাবে বর্ত্তমান সমাজ প্রগতিশীল হইয়াছে, তাহাতে অচিরে আমরা আরও অনাচারী ও কাণ্ড-জ্ঞানহীন অনার্য্যশ্রেণীতে পরিণত হইয়া নিকৃষ্ট অসার বস্তুরূপে গণ্য হইব।

আর্য্যঋষি-প্রবর্ত্তিত ধর্ম্মমূলক (বর্ণাশ্রম ধর্ম্ম) জাতিভেদই মানুন বা পাশ্চাত্য দেশানুযায়ী ধনগর্ব্বমূলক জাতিভেদই মানুন, মোটের উপর কোন না কোন আকারে শ্রেণীভেদ প্রথা মানিতেই হইবে।

আধুনিক সভ্যতম পাশ্চাত্য দেশসমূহে যে প্রকার জাতিভেদ-প্রথা বিদ্যমান আছে, তাহার সহিত তুলনা করিলে আমাদের দেশের এই জাতিভেদ প্রথাকে অনেকাংশে উন্নত এবং মহত্ত্বব্যঞ্জক বলিতে হয়, যেহেতু এক্ষেত্রে বৈশিষ্ট্য—কর্ম্ম ও গুণ বিচার। পাশ্চাত্যের অনুকরণে জাতির ভিত্তি গঠন করা অপেক্ষা যে সনাতন বর্ণাশ্রম ধর্ম্মের শীতল ছায়ায় আমরা এতদিন পরিবর্দ্ধিত ও সঞ্জীবিত আছি, যে আশ্রয় আমাদের চিরপরিচিত ও অগণিত জনগণকে আজিও যাহা ধারণ করিয়া আছে, কালের প্রভাবে তাহাতে যে আবর্জ্জনা

জন্মিয়াছে সেগুলি দূর করিতে পারিলেই আমরা আবার অতি শীঘ্র সভ্যতার চরম সীমায় উঠিতে পারিব বলিয়াই আমাদের বিশ্বাস।

পৃথিবীব্যাপী যুদ্ধ চলিতেছে, সমস্ত জিনিষই দুষ্প্রাপ্য ও দুর্ম্মূল্য ; কাগজের অবস্থা আরও শোচনীয়, সুতরাং বহু নূতন তথ্য সংগৃহীত থাকিলেও তাহা এই খণ্ডে সংযোগ করিবার সুযোগ হইল না।

পাঠকগণ 'সম্বন্ধনির্ণয়ে'র ঐতিহাসিক ভাগে জাতিভেদ-রহস্য ও ভারতীয় আর্য্যজাতির সামাজিক রীতি নীতি সম্বন্ধে সবিশেষ অবগত হইবেন।

যে সমস্ত সহৃদয় ব্যক্তি বংশাবলী সংগ্রহ ব্যাপারে স্বর্গীয় পিতৃদেবের এই মহৎ কীর্ত্তি রক্ষার সহায়ক হইয়াছেন, তন্মধ্যে ঢাকার 'স্বায়ত্ত-শাসন পত্রিকা' সম্পাদক শ্রীযুক্ত কালীভূষণ মুখোপাধ্যায়ের নাম বিশেষ উল্লেখ যোগ্য।

এই পুস্তক প্রকাশে ৺পূজ্যপাদ পিতৃদেবের প্রিয়তম শিষ্য শ্রেষ্ঠ কুলীন প্রসিদ্ধ ধনী ব্যবসায়ী শ্রীমান্ যোগেশচন্দ্র মুখোপাধ্যায়, সম্বলপুর ও শ্রীমান্ সুরেশচন্দ্র মুখোপাধ্যায়, বিদ্যাসাগর-ভবন, কলিকাতা, পৃষ্ঠপোষকতা করিয়া আমাদের পরম আশীর্ব্বাদের পাত্র হইয়াছেন।

বাঙ্গলার বাঘ মহামান্য স্যর আশুতোষ মুখোপাধ্যায় মহাশয়ের সুযোগ্য জ্যেষ্ঠ পুত্র স্বধর্ম্মনিষ্ঠ শ্রীযুক্ত রমাপ্রসাদ মুখোপাধ্যায় ও মধ্যম পুত্র জনপ্রিয় দেশহিতৈষী হিন্দুনেতা ও বাঙ্গালাদেশের বর্ত্তমান শিক্ষা মন্ত্রী শ্রীযুক্ত ডাঃ শ্যামা-প্রসাদ মুখোপাধ্যায় মহাশয়গণের শুভেচ্ছায় মহামূল্য সামাজিক গ্রন্থখানি সাধারণে প্রকাশ করা হইল।

৺শ্রীশ্রীভগবানের নিকট মহামান্য ভারত সম্রাট ও সম্রাজ্ঞীর শুভ কামনা, জগৎব্যাপী যুদ্ধের বিরতি, যুদ্ধে ভারত-সম্রাটের জয়লাভ ও সর্ব্বাঙ্গীন শান্তি কামনা জানাইয়া ক্ষান্ত হইলাম। ওঁ শান্তিঃ ! ওঁ শান্তিঃ !! ওঁ শান্তিঃ !!!

৩০শে পৌষ, ১৩৪৮
পৌষ সংক্রান্তি।

শ্রীমাণিকচন্দ্র ভট্টাচার্য্য

বাৎস্য গোত্র ছান্দড়ের পুত্রগণের বেদপ্রচারার্থ আশ্রমের নাম

পুত্রের নাম	আশ্রম বা গাঁই	পুত্রের নাম	আশ্রম বা গাঁই
১। শঙ্কর	পূতিতুণ্ড	২। শ্রীধর	কাঞ্জিলাল
৩। সুরভি	ঘোষাল	৪। কবি	শিমলাল
৫। নারায়ণ	কাঞ্জিয়ারি	৬। মহাযশা	বাপুলী
৭। ধীর	পিপলাই	৮। বিশ্বম্ভর	পূর্ব্বগ্রামী
৯। গুণাকর	চোৎখণ্ডী	১০। মন	দীঘাল
১১। রবি	মহিন্তা		

বাৎস্য গোত্রে কাঞ্জিলাল, পূতিতুণ্ড ও ঘোষাল এই তিন ঘর কুলীন। পূতিতুণ্ড বংশের গোবর্দ্ধনাচার্য্য, ঘোষাল বংশের শিরো এবং কাঞ্জিলাল বংশের কানু ও কুতূহল এই চারি ব্যক্তি বল্লাল-সভায় কৌলীন্য মর্য্যাদা প্রাপ্ত হন। এই চারি জনের অধস্তন ধারার ব্যক্তিগণ কুলীন, অপর সকলেই অকুলীন এবং বল্লালী কৌলীন্য মর্য্যাদা প্রাপ্ত ব্যক্তিগণের অধস্তন বংশধরগণের মধ্যেও যাঁহারা কৌলীন্য রক্ষায় যত্নবান ছিলেন না, তাঁহারাও অকুলীন।

শিমলাল ও কাঞ্জিয়ারি এই দুই ঘর সিদ্ধ শ্রোত্রিয়।

বাপুলী এই এক ঘর সাধ্য শ্রোত্রিয়।

পিপলাই, পূর্ব্বগ্রামী, চোৎখণ্ডী, দীঘাল ও মহিন্তা এই পাঁচ ঘর কষ্ট শ্রোত্রিয়। ইঁহাদিগের মধ্যে যাঁহারা প্রসিদ্ধ কুলীনে কন্যাদান, সৎকার্য্যে দান ও সমাজের মর্য্যাদা রক্ষায় যত্নবান, তাঁহারা সাধ্য বা সিদ্ধ শ্রোত্রিয়ের ন্যায় সম্মান পাইয়া আসিতেছেন।

দেবীবর প্রবর্ত্তিত রাঢ়ীয় কুলীন ব্রাহ্মণের মেল বিভাগ।

ফুলিয়া ১। খড়দহ ২। বল্লভী ৩। সর্ব্বানন্দী ৪। সুরাই ৫। পণ্ডিত-রত্নী ৬। ছায়ানরেন্দ্রী ৭। আচার্য্যশেখরী ৮। বাঙ্গালপাশী ৯। গোপাল ঘটকী ১০। চট্টরাঘবী ১১। বিজয় পাণ্ডিতী ১২। চাঁদাই ১৩। মাধাই ১৪। বিদ্যাধরী ১৫। পারিহাল ১৬। শ্রীরঙ্গভট্টী ১৭। প্রমোদিনী ১৮। বালী ১৯। চন্দ্রপতি বা চন্দ্রশেখরী ২০। শতা (সদা) নন্দখানী ২১। ভৈরব ঘটকী ২২। কাকুৎস্থী ২৩। আচম্বিতা ২৪। দেহাটা ২৫। দশরথ ঘটকী ২৬। মালাধর-খানী ২৭। নড়িয়া ২৮। শ্রীবর্দ্ধনী ২৯। হরি মজুমদারী ৩০। রায় ৩১। রাঘব ঘোষালী ৩২। ধরাধরী ৩৩। শুভরাজ খানী ৩৪। শুদ্ধো সর্ব্বানন্দী ৩৫। ছৈ (ছয়ী) ৩৬।

বাৎস্য গোত্রে বারেন্দ্র ব্রাহ্মণদিগের আশ্রম বা গাঁই।

ভীমকালী ১, সংযামিনী ২, ভট্টশালী ৩, কামকালী ৪, কুড়মুড়ী ৫, ভাড়িয়াল ৬, লক্ষক ৭, জামরুখী ৮, শীতলী ৯, ধোসলী ১০, তানুড়ী ১১, বৎসগ্রামী ১২, দেউলী ১৩, নিদ্রালী ১৪, কুক্কুটী ১৫, বোড়গ্রামী ১৬, শ্রুতবটী ১৭, চাক্ষুষ গ্রামী ১৮, সিহরী ১৯, কালীগাঁই ২০, কালীহর ২১, পৌণ্ড্রীকাক্ষী ২২, কালিন্দী ২৩, চতুরান্দী ২৪। কোন কোন পুঁথিতে আদিত্য ও কামদেবক নামে আরও দুই গাঁই দেখা যায়।

ভীমকালী ও সংযামিনী এই দুই গাঁই কুলীন।

ভট্টশালী ও আদিত্য এই দুই গাঁই সিদ্ধ শ্রোত্রিয়।

কুড়মুড়ী, সিহরী, জামরুখী বা জামুরিখ এই তিন ঘর সাধ্য শ্রোত্রিয়।

অবশিষ্ট গাঁই গুলি কষ্ট শ্রোত্রিয়।

বারেন্দ্র ব্রাহ্মণগণের পটী।

নিরাবিল ১। ভূষণা ২। রোহিলা ৩। ভবানীপুর ৪। বেণী ৫। আলেখানি ৬। কুতুবখানি ৭। জোনালী ৮।

সূচীপত্র

সম্বন্ধ-নির্ণয় চতুর্থ পরিশিষ্ট—১ম খণ্ড

বাৎস্য গোত্র ছান্দড় বংশের শাখা সূচী

ব্যক্তি-সূচী

কাঞ্জারি বংশ

কাঞ্জিলাল বংশ

ঘোষাল বংশ

ঘোষাল বংশ

দীঘালগ্রামী বংশ

পিপলাই বংশ

পূতিতুণ্ড বংশ

পূতিতুণ্ড বংশ

মতিলাল (মহিন্তা) বংশ

শিমলাল বংশ

বারেন্দ্র বংশ

শুদ্ধিপত্র

অশুদ্ধ			শুদ্ধ
৪১পৃঃ	১৩পং	পদ্মপুরাণ	পদ্মপুরাণ লিখিত
৪৬পৃঃ	১৯পং	শিগুকুমার	শিশুকুমার
৬২পৃঃ	৬পং	সয়ম্বত্যুপাধিক	সরস্বত্যুপাধিক
৭৬পৃঃ	৮পং	স্তম্মাৎ	স্তস্মাৎ
৮০পৃঃ	৯পং	বিরচিতঃ	বিরচিতং
৯৯পৃঃ	১৯পং	ভদ্রেশ্বর	ভদ্রেশ্বর (চাঁদু)
১০২পৃঃ	১পং	যৌ	মৌ
১০২পৃঃ	১৩পং	যৌগ্রামের	মৌগ্রামের
১০২পৃঃ	২৪পং	গৌরীকান্তের	গৌরীচরণের
১০৪পৃঃ	১৩পং	গ্রানী	গ্রামী
১১২পৃঃ	২৩পং	পুষ্পাবলা	পুষ্পবালা
১১৮পৃঃ	১৬পং	বনাই	বলাই
১১৯পৃঃ	২৩পং	২১। ২২। ২৩।	২২। ২৩। ২৪।
১৮০পৃঃ	শেষ পং	বিমল — মৃগাঙ্ক, শোভা	বিমল — শোভা, মৃগাঙ্ক
১৮০পৃঃ	শেষ পং	চারুচন্দ্র — অমরনাথ, গৌরীদেবী	চারুচন্দ্র — বন্দনা, সমরনাথ
২২১পৃঃ	১০পং	দামে	দামো
২৪০পৃঃ	১৪পং	জুনিয়	জুনিয়র
২৬০পৃঃ	১পং	বিশ্বেশ্বরজ্ঞ (২২৪পৃঃ)	বিশ্বেশ্বরজ্ঞ (২৪৪পৃঃ)

ক্রোড়-পত্র

(বংশপরিচয় ৯৮—১০৫ পৃঃ দ্রষ্টব্য) ১০২—১০৩ পৃষ্ঠায় হরিপদ শর্ম্মা মণ্ডলের মাতামহ বংশপরিচয়। চন্দ্রভূষণ শর্ম্মা মণ্ডল ও যজ্ঞেশ্বরী দেবী পতি-পত্নী সম্বন্ধে আবদ্ধ। ১২৮৪ সালে ২৭শে ফাল্গুন উভয়ের পরিণয় কার্য্য সম্পন্ন হয়। এই দীর্ঘকাল একীভূত থাকার পর বিগত ১৩৪৭ সালে ১৭ই পৌষ স্ত্রী পরলোক গমন করেন আজ তাঁহার ঃ—

স্মৃতি-তর্পণ।

"প্রিয়তমা" "প্রাণপ্রিয়া" হেন কোন শব্দ,
তোমায় বলিতে গেলে চিত্ত হয় স্তব্ধ।
এবে পঞ্চ-ভূতাতীত ধরেছ স্বরূপ,
সম্বন্ধ তোমার সনে ধরিব কিরূপ ?
তবে দুটী হৃদি-বীণা বাঁধা ধর্ম্ম-তারে,
একের আঘাতে অন্য বাজিতেও পারে।
বাঁধি বুক তাই, পেয়ে শাস্ত্রের বিধান,
যা বলনা অগো, নব জাগ্রত বিজ্ঞান।

অয়ি দেবি,—

একটী পুত্রের তরে তোমার পিতার ঘরে,
দুঃখ স্রোত সদাই বহিত,
শেষ এক যজ্ঞ ফলে তব জন্ম পুত্র স্থলে,
বিধাতার যেমন বিহিত।
যজ্ঞ ফলে জন্মাইলা তাই পিতা রেখেছিলা,
সু-পবিত্র "যজ্ঞেশ্বরী" নাম।

মোর গৃহে এসেছিলা সুখে দুঃখে মিশেছিলা
হিতচিন্তা রত অবিরাম।
শ্রীক্ষেত্র শ্রীবৃন্দাবন প্রয়াগ নৈমিষ-বন
কাশী হরিদ্বার মধুপুরী,
অযোধ্যায় রাম সীতা দেখে মনে হরষিতা
আরও কত কি কহিতে পারি।
নানা তীর্থ বেড়াইয়ে কি জানি কি বস্তু দিয়ে,
গড়েছিলে হিয়া আপনার
সহজে উত্তর দিতে তার প্রতিবাদ দিতে
মনে শক্তি না হত সঞ্চার।
বেড়েছিল পতিভক্তি পতি প্রীতি আনুরক্তি
মুক্তা যথা শুক্তির ভিতর,
তোমার সুযুক্তি বাক্য হৃদয়ে করিলে ঐক্য
সখ্য ভাবে ভরিত অন্তর।
তব পরামর্শ মত যে কাজে হতাম রত,
সুফল ফলিত তায় মোর,
"যাও যাও এই কর তাঁহারে কাণ্ডারী ধর"
কথাগুলা কত জোর জোর।
১৩৪৭ সাল এলো সে বিষম কাল
১৭ই পৌষ মোর পক্ষে,
তোমার জীবন বৃন্ত কাটিয়া দিল কৃতান্ত
কোন রূপে না পাইল রক্ষে।
আগে যাব বলেছিলে কাজে তাই করে গেলে
লোকে তোমা' বলে ভাগ্যবতী,
তাই বুঝি হাঁসি হাঁসি হইলে দ্যুলোক বাসী
আর না পাইব খুঁজি ক্ষিতি।

পুত্র পৌত্র কন্যা বধূ সবার বদন বিধু
শোক- রাহু গ্রাসে দিলে ফেলে,
করিলে যে অভিনয় উদ্দেশ্য পাবার নয়
কার ডাকে কোথা চলে গেলে !

শেষ মুহূর্ত্তে :—

কেন বা কাঁপিল কায় ? কেন যেন কান্না পায় ?
কে করিবে ইহার নিশ্চয় ?
আবার কেন কি সুখে হাঁসি ভরা দেখি মুখে
দেখিতে দেখিতে সব লয়।
ও—ই সব ফুরাইল হায় হায় কি হইল
বিকৃত বদন তবু নয়,
শান্ত স্নিগ্ধ মুখখানি জীবিতের প্রায় মানি
হাঁসিখানি লুকাইয়ে রয়।
দেখিতে দেখিতে মুখ শোক-মেঘাচ্ছন্ন বুক
দু ফোটা বর্ষণ কৈনু জল,
যা বলিনু মনে মনে লজ্জা কি তাহা বর্ণনে
পশ্চাতে লিখিনু অবিকল।

বিশেষ বাক্য :—

নরং নারী প্রোদ্ধরতি
মজ্জন্তং ভব বারিধৌ।
এ তৎ সন্দর্শনার্থায়
তথা চক্রে ভবোদ্ভবঃ ॥

(স্কন্দ পুরাণ, মাহেশ্বর খণ্ড পঞ্চবিংশাধ্যায়
৩৪২ পৃষ্ঠা ৪৮ শ্লোক)

ভব সমুদ্রের জলে নর নিমজ্জিত হলে
নারী তারে করয়ে উদ্ধার,
এ সত্য প্রচারচ্ছলে শিব ভাসে কূপজলে
ডাকিয়া কহেন বার বার ;—
"কে আছ রক্ষ আমারে কূপেতে ব্রাহ্মণ মরে"
শুনিয়া সে কাতর বচন,
দৈবক্রমে ভগবতী আসিলেন দ্রুতগতি
সঙ্গেতে সকল সখীগণ।
সব সখী একে একে বাম হস্ত দিয়া দেখে
কই ? কোথা ? এই ধর কর,
শিব কন ডুবে মরি তবু হস্ত নাহি ধরি
বাম হস্ত নহে শুভকর।
তখন শ্রীভগবতী— "বিপদে বিচার যুক্তি
খুঁজিলে কি কার্য্য সিদ্ধ হয় ?"
এই বলে দক্ষসুতা হইয়া করুণাযুতা
ডান হস্ত বাড়াইয়া রয়।
শঙ্কর ধরিয়ে কর উঠিলেন দিগম্বর
কহিলেন ভবে ধন্যা নারী,
শিব শিব সবে কহে আর কি অ-শিব রহে
জয় জয় বরাভয় ধারী।
উত্তর অয়নে গতি হলে দেবলোকে স্থিতি
তব স্থিতি দেবলোকে হবে,
'নরং নারী প্রোদ্ধরতি' এ কথাটী রেখো স্মৃতি
ভগবতী যথা ভব দেবে।

—:০:—

৪র্থ পরিশিষ্ট—প্রথম ভাগ

বংশাবলী ও কুল-পরিচয়

—:০*০:—

বাৎস্য গোত্রে কাঞ্জিলাল বংশ।

কৌলীন্য প্রাপ্তি সময়ে কাঞ্জিলাল বংশের কানু ও কুতূহল ১১শ। ছান্দর বংশের পূতিতুণ্ড মহাকবি গোবর্দ্ধনাচার্য্য, ঘোষাল বংশের শিরোমণি, কাঞ্জিলাল বংশের কানু (কাহ্নু) এবং কুতূহল, যজ্ঞকারী অন্য চারি মহর্ষির সন্তানগণের সহিত সমবেতভাবে বল্লালের সভায় সমাসীন হয়েন। মহা-বংশাবলীর লিখনে গোবর্দ্ধন, শিরঃ, কানু ও কুতূহল পরস্পর সমপর্য্যায়।

বাৎস্য গোত্র ছান্দর বংশাবলী

ছান্দর ১। শ্রীধর ২। বেদগর্ভ ৩। বিষ্ণু ৪। সুজিষ্ণু বা যজ্ঞেশ্বর ৫। কোল বা ধীর ৬। ধুরন্ধর বা বসুন্ধর ৭। প্রাণেশ্বর ৮। এখানে প্রাণেশ্বর পুত্র স্থানীয় আছে। কিন্তু এড়ুমিশ্রের কারিকায় প্রাণেশ্বর ভ্রাতৃস্থানীয়। প্রাণেশ্বর সুত গুণাকর ৯। গুণাকর সুত নিশাপতি ১০। তৎপুত্র কানু ও কুতূহল ১১শ। কোন কোন পুস্তকে নিশাপতি স্থলে হিঙ্গল আছে। এবং কানু ও

কুতূহল ১১শ বটে কিন্তু সহোদর নহেন। খুড়তত ভ্রাতা। কুতূহলের পিতার নাম বরাহ ১০ম এইরূপ লিখিত আছে।

মহাবংশাবলী

খ্যাতঃ স্বরভির্ঘোষালঃ পুত্রঃ সাগরকোমতঃ।
তস্মত্তমোপহোজাতঃ হলস্তৎপুত্রকঃ স্মৃতঃ॥
হলাৎ মুরারিকোজাতস্তজ্জাতো বিশ্বামিত্রকঃ।
তস্য পুত্রোজিতামিত্রঃ শরণিস্ত ততোঽভবৎ॥
শরণাৎ পিঙ্গলোজাতস্তস্মাচ্ছিরোমণিঃ স্মৃতঃ।
কাঞ্জিবিল্লে কবিঃ শ্রীমান্ শ্রীধরোধার্ম্মিকো মহান্॥
তৎসূনুর্বেদগর্ভোঽভূৎ বিষ্ণুস্ত তস্য পুত্রকঃ।
তস্মাৎ জিষ্ণু সমুদ্ভূতস্তৎপুত্রঃ কোল সংজ্ঞকঃ॥
সুতো বসুন্ধরঃ কোলাৎ তৎপুত্রো বাণ এবচ।
সূনুর্গুণাকরো জাতস্তস্মাৎ নিশাপতিরভূৎ।
সুতৌ নিশাপতের্জাতৌ কানুকুতূহলাবুভৌ॥ মহাবংশাবলী।

মতান্তর

কানু কুতূহলাবেতৌ কাঞ্জিকুল প্রতিষ্ঠিতৌ। মেলমালা।

কাঞ্জিলাল বংশের প্রথম কুলীন **কানু,** ইনি ছান্দড়ের অতিবৃদ্ধপ্রপৌত্র, অর্থাৎ ইনি ছান্দড় হইতে ছয় পুরুষ অধস্তন। দেবীবরের সময় কানুর অধস্তন ষষ্ঠ পুরুষ আচার্য্যকৃষ্ণ ও মধুসূদন কৌলীন্য প্রাপ্ত হয়েন। ইহাঁদিগের পিতার নাম নরপতি। কাঞ্জিলাল বংশের আদি হইতে কৃষ্ণকিঙ্কর পর্য্যন্ত একবিংশ পুরুষের বংশাবলীর একদেশ দেখ। রাঢ়দেশী পুস্তকে কিছু বিভিন্নতা আছে।

বাৎস্য গোত্রীয় ছান্দড় ১। বঙ্গদেশী পুস্তকের লেখা শ্রীধর কাঞ্জিলাল ২। বেদগর্ভ ৩। বেদগর্ভের দুই পুত্র বীর ও বসুন্ধর ৪। বীর উত্তররাঢ়বাসী।

বসুন্ধরের পুত্র হিঙ্গু ৫। ইহাঁর দুই পুত্র **কানু ও কুতূহল** ৬। ইহাঁরা উভয়েই কৌলীন্য মর্য্যাদা প্রাপ্ত হয়েন। কানুর পুত্র চাঁদ ৭। চাঁদের চারি পুত্র তৈই, রুদ্র, হিঙ্গন ও গণ ৮। তৈই পুত্র গোপী, তপন, ভীম ও গঙ্গাধর ৯। গোপীর দুই পুত্র কুশল ও কৌতুক ১০। ৯ তপনের পুত্র বসু, মিত ও মাধব ১০। কুশলের ২ পুত্র একের নাম কঞ্জিনর অপরের নাম নরপতি ১১। নরপতির দুই পুত্র প্রথমের নাম আচার্য্যকৃষ্ণ দ্বিতীয়ের নাম মধুসূদন ১২। ইঁহাদিগের সময় মেল বন্ধন হয়। আচার্য্যকৃষ্ণের বংশাবলী যথা—ইহাঁর পুত্রদ্বয়ের নাম প্রজাপতি ও বিষ্ণু ১৩। প্রজাপতির পুত্রচতুষ্টয়ের নাম রামচন্দ্র, রামভদ্র, পুরুষোত্তম ও গঙ্গাধর ১৪। রামচন্দ্রের দুই পুত্র শ্রীগর্ভ ও রত্নগর্ভ ১৫। রত্নগর্ভের পুত্র পুণ্ডরীকাক্ষ ১৬। তৎপুত্র হরি ১৭। ইহার ধুত্রদ্বয়ের নাম ধীর, মার্কণ্ডেয় ও গঙ্গারাম ১৮। মার্কণ্ডের পুত্র গুণজ্ঞ ও হৃদয়ানন্দ ১৯। হৃদয়ানন্দের পুত্র শম্ভু ও গঙ্গারাম ২০। শম্ভু পুত্র কৃষ্ণকিঙ্কর প্রভৃতি ২১।

ফরিদপুর জেলার অন্তর্গত টগরবন্ধ ও পিঙ্গলিয়া গ্রামের কাঞ্জিলাল ও যশোহর জেলার পান্তাপাড়া ও ইতিনার কাঞ্জিলাল প্রসিদ্ধ ও নিকষ কুলীন।

পুরন্দরপুর, মহেশপুর, মৃজাপুর ও কোঁচমালীতে কাঞ্জিলাল বংশ আছে। প্রথম তিনটী স্থান নদীয়া জেলার অন্তর্গত।

ছান্দড় বংশের কানু ও কুতূহল ছান্দর হইতে ছয় পুরুষ অন্তর। কেহ কেহ এ বিষয়ে সন্দেহ করেন। শ্রীহর্ষ বংশের উৎসাহ শ্রীহর্ষ হইতে চতুর্দ্দশ পুরুষ অন্তর। বল্লালের কৌলীন্য মর্য্যাদা প্রদান সময়ে কানুর সহিত উৎসাহ আট পুরুষ অধস্তন ছিলেন। অনেকের মতে ইহাও সন্দেহজনক। এখনও শ্রীহর্ষের অধস্তন চতুস্ত্রিংশ বিষ্ণু সন্তান শ্যামের ধারায় রায় শ্যামাধর মুখোপাধ্যায়ের সহিত ছান্দড় গোষ্ঠীর শিমলাল-বংশ-সম্ভূত অষ্টাবিংশ পুরুষ পাঁচু (তারাপদ) ভট্টাচার্য্যে ঐক্য কর, সাত পুরুষ অন্তর দেখা যাইবে।

সুরাই মেলের কুলীন

কাঞ্জিলাল বংশের একদেশ

কাঞ্জিলাল বংশ বহু বিস্তৃত অনেক স্থলেই বংশ পাওয়া যায়। কিন্তু বংশাবলীর ধারা অনেকেই জানেন না তদ্ধেতু একটী ধারা দেখান গেল। উহা রাঢ়দেশী পুস্তক সম্মত।

ছান্দর ১। শ্রীধর ২। বেদগর্ভ ৩। বিষ্ণু ৪। সুজিষ্ণু বা যজ্ঞেশ্বর ৫। কোল বা ধীর ৬। ধুরন্ধর বা বসুন্ধর ৭। প্রাণেশ্বর বা বাণেশ্বর ৮। গুণাকর ৯। নিশাপতি ১০। কানু ও কুতূহল ১১। কানু পুত্র চাঁদ, জয়মান, অগস্ত্য উধ, তিল, মকরন্দ ও দাস ১২। চাঁদ সুত ত্রিলোচন, বাসুদেব ও নরসিংহ ১৩। ত্রিলোচন সুত জন, বিষ্ণু, পশু ও নিশু ১৪। জন সুত গোপী, তপন গঙ্গাধর ও ভীম ১৫। তপন সুত কৌতূহল ও ভৈরব ১৬। কৌতূহল সুত বিশু ও নরপতি ১৭। (এই সময়ে দেবীবরের মেল বন্ধন হয়); নরপতি সুত মধুসূদন, আচার্য্যকৃষ্ণদেব ও বলভদ্র ১৮। আচার্য্যকৃষ্ণের সময় মেলবন্ধন হয়। মধুসূদন সুত (বাঘশোঁকা) কালিদাস ১৯। ইহাঁর নিবাস হরিদাসপুর, জেলা ফরিদপুর। ইহাঁরা নিকষ কুলীন। কালিদাস সহোদর দামোদর, বাসুদেব মাধব, মৃত্যুঞ্জয় ও ভাস্কর ১৯। দামোদর ফরিদপুর জেলার পিঙ্গলিয়া নিবাসী।

কালিদাস সুত রঘু, মুকুন্দ পণ্ডিত ও দৈবকীনন্দন ২০। মুকুন্দ পণ্ডিত সুত বনমালী, কৃষ্ণানন্দ, রাঘব ও পূর্ণানন্দ ২১। বনমালি পুত্র নীলকণ্ঠ ও রতিনাথ ২২। নীলকণ্ঠ সুত গোপীকান্ত, গোপাল, গোবিন্দ ও রসিক ২৩। গোপী-কান্ত সুত রামেশ্বর, মথুরেশ, জগদীশ ও রামভদ্র ২৪। রামভদ্র পুত্র বাণেশ্বর, রত্নেশ্বর ও বিশ্বেশ্বর ২৫। বাণেশ্বর সুত বিষ্ণুরাম, কৃষ্ণকিঙ্কর ও রামকুমার ২৬। বিষ্ণুরাম সুত হরি ২৭। হরি সুত চণ্ডীপ্রসাদ ২৮। চণ্ডীপ্রসাদ সুত কানাই ও রামপ্রসাদ, নীলমণি ২৯। কানাই সুত আনন্দ ৩০।

রামপ্রসাদ সুত রামেন্দ্র ও শ্যামাচরণ ২৯। রামেন্দ্র সুত ভগবান্ ও বিজয় ৩০। ভগবান্ সুত সীতানাথ ৩১। সাং পুরন্দরপুর, জেলা নদীয়া।

কৃষ্ণকিঙ্কর সুত রামচরণ ২৭। রামচরণ সুত রামধন ২৮। রামধন সুত রাজেন্দ্র ২৯।

রামকুমার সুত কমল ২৭। কমল সুত রামচাঁদ ২৮। রামচাঁদ পুত্র অমরনাথ ২৯। অমরনাথ সুত সুরেশ ৩০। রত্নেশ্বর সুত সদানন্দ ২৬। সদানন্দ সুত জয়নারায়ণ ও শিবনারায়ণ ২৭। জয় সুত রামকুমার ২৮। রামকুমার সুত হরচন্দ্র ২৯। হর সুত গোপাল ও মথুরানাথ ৩০। গোপাল সুত ভূষণ ও কামাখ্যা ৩১। নিবাস পুরন্দরপুর নদীয়া। মথুরানাথ সুত পঞ্চানন, যোগীন্দ্র, সুরেন্দ্র ও যতীশ ৩১। সাং পুরন্দরপুর।

শিবনারায়ণ পুত্র তিলক ২৮। তিলক সুত গিরিশ ও শ্রীধর ২৯। বিশ্বেশ্বর সুত মাণিকচন্দ্র ২৬। রাজজয় ২৭। ঈশ্বর ২৮। হরিশ্চন্দ্র ও মহিমাচন্দ্র ২৯।

সাগড়দাঁড়ী গ্রামের কাঞ্জিলাল বংশের ধারা

রতিনাথ সুত নারায়ণ ও রামেশ্বর ২১। নারায়ণ পুত্র কপীশ্বর, হরিহর, গঙ্গাধর ও রুদ্রদেব ২২। হরিহর পুত্র রামগোবিন্দ, রামনাথ ও রাঘব ২৩। রামনাথ সুত গৌরাঙ্গ ২৪। গৌরাঙ্গ সুত রাধামোহন ২৫। তৎসুত রামানন্দ ২৬। ইনি গোয়ালপুর বাসী, জেলা যশোহর।

রুদ্রদেব সুত রামচরণ ২৩। সুত নীলকণ্ঠ, গন্ধর্ব্ব ও পঞ্চানন ২৪। গন্ধর্ব্ব-সুত মনোহর ২৫। পুত্র রামরতন, পীতাম্বর ও শম্ভু ২৬। রামরতন সুত ঈশ্বর, আনন্দ, ইন্দ্র, মহেশ ও হরি ২৭। ঈশ্বর সুত মধু ২৮। সুত পঞ্চানন ও সীতানাথ ২৯। সাং খড়িঞ্চা, জেলা যশোহর।

আনন্দ সুত বিশ্বেশ্বর, শ্রীবিষ্ণু ও রাম ২৮। বিশ্বেশ্বর সুত গোপাল ও নফর ২৯। নফর সুত অমূল্য ৩০। সাং নিমতা, যশোহর।

বিষ্ণু সুত বিহারী ২৯, সুত স্মরজিৎ ৩০। পুরন্দরপুর, নদীয়া।

ইন্দ্র সুত অক্ষয় ২৮। বিপিন ২৯। প্রফুল্ল ৩০। সাং মৃজাপুর নদীয়া।

মহেশ সুত নিবারণ, পঞ্চানন ও বিধুভূষণ ২৮। সাং মৃজাপুর নদীয়া।

হরি পুত্র শ্রীশচন্দ্র ২৮। সাং পুরন্দরপুর নদীয়া।

পীতাম্বর পুত্র গোলোক ও মহিমাচন্দ্র ২৭। গোলোক সুত দ্বারিক ২৮। পুত্র উপেন্দ্র ও বিপ্রেন্দ্র ২৯। উপেন্দ্র সুত প্রফুল্ল ৩০। সাং গদখালী। মহিমচন্দ্র পুত্র কৈলাস, যদু ও নটবর ২৮। নটবর গদখালী-বাসী। কৈলাস সুত যোগেন্দ্র, রাজেন্দ্র, জ্ঞানেন্দ্র, সুরেন্দ্র, নরেন্দ্র ও মুণীন্দ্র ২৯। যোগেন্দ্র পুত্র প্রকাশচন্দ্র ৩০, হুগলীবাসী।

শম্ভু ২৬। পুত্র মাধব ২৭। পৌত্র শ্রীগোপাল ও জয়গোপাল ২৮, নখফুল-বাসী [illegible]গ্রাম সবডিভিসন।

পঞ্চানন ২৪। পুত্র পার্ব্বতীচরণ ২৫। পৌত্র হরিনারায়ণ ২৬। প্রপৌত্র জয়চন্দ্র, কাশীকান্ত ও কালীকৃষ্ণ ২৭। জয়চন্দ্র সুত প্রসন্ন ২৮। তৎপুত্র ব্রজেন্দ্র ২৯, সাগরদাড়ী নিবাসী। কালীকৃষ্ণ সুত শশিভূষণ ২৮। সুত বিধুভূষণ ২৯। সাং মহেশপুর।

কৃষ্ণানন্দ ১৯। পুত্র শ্রীরাম ২০। রমাকান্ত ২১।

এই তালিকা অনুসারে কানু ও কুতূহল ছান্দড় হইতে আট পুরুষ অধস্তন হন। কিন্তু অধিকাংশ পুস্তকেই নিম্নলিখিত বংশাবলীর ধারা আছে। যথা— ছান্দড় ১। শ্রীধর ২। বেদগর্ভ, রত্নগর্ভ ও হেমগর্ভ ৩। বেদগর্ভ সুত বীর ও বসুন্ধর ৪। বসুন্ধর সুত প্রাণেশ্বর, বাণেশ্বর ও হিঙ্গুলেশ্বর ৫। হিঙ্গুলেশ্বর সুত কানু ও কুতূহল ৬। অতি অল্প পুস্তকে প্রাণেশ্বর পুত্র বাণেশ্বর এবং তৎসুত হিঙ্গুলেশ্বর দেখা যায়। কিন্তু এই সকল লেখা প্রাচীন নহে,

অধুনাতন ঘটকদিগের হস্তলিখিত পাতড়া মাত্র। এই সকল পাতড়ার মধ্যে একখানি প্রাচীন লেখা। ঐ পাতড়ায় কানু ও কুতূহলের পিতার নাম নিশাপতি বলিয়া বর্ণিত হইয়াছে। তদনুসারে কানু ও কুতূহল ছান্দড় হইতে নবম পুরুষ অধস্তন হন ; ইহা অসঙ্গত নহে। মহাবংশাবলীর লিখনে কানু ও কুতূহল ১১ শ।

বাৎস্য গোত্র ছান্দড় বংশে কাঞ্জিলাল

ছান্দড় ১। শ্রীধর কাঞ্জিলাল ২। বেদগর্ভ ৩। বিষ্ণু ৪। কোন ৫। ধুরন্ধর ৬। বাণেশ্বর ৭। প্রাণেশ্বর ৮। হিঙ্গুল ও বরাহ ৯। হিঙ্গুল সুত কানু ১০। বরাহ সুত কুতূহল ১১। কানু সুত চাঁদ, জয়মণি ও দ্যুমাণ ১২। চাঁদ সুত ত্রিলোচন, নৃসিংহ ও বামন ১৩। ত্রিলোচন সুত জন, পথ, মধু ও নকর্ত্তন ১৪। জন সুত গোপী, তপন, ভীম ও গঙ্গাধর ১৫। তপন সুত কৌতুক ও ভৈরব ১৬। কৌতুক সুত নরপতি ও বিজয় ১৭। নরপতি সুত মধুসূদন আচার্য্য ও কৃষ্ণ ১৮। (এই সময় মেল বন্ধন হয়)।

মধুসূদন আচার্য্য সুত কালিদাস পণ্ডিত (ফরিদপুর জেলার অধীন হরিদাস গ্রামে বাস করেন), বাসুদেব, দামোদর, মাধব ও মৃত্যুঞ্জয় ১৯। কালিদাস সুত রঘুপতি, মুকুন্দ ও দেবকীনন্দন ২০। মুকুন্দ সুত কৃষ্ণানন্দ, পূর্ণানন্দ, অচ্যুত ও বনমালী ২১। বনমালী সুত নীলকণ্ঠ ও রতিনাথ ২২। নীলকণ্ঠ সুত গোপাল, গোপীকান্ত ও শিবকান্ত ২৩। গোপাল সুত বামদেব, রঘুদেব ও রামচন্দ্র ২৪। বামদেব সুত কৃষ্ণরাম সার্ব্বভৌম, বলরাম, কামদেব, জয়দেব, মহাদেব, বিশ্বনাথ ও রামকান্ত ২৫। বলরাম সুত রামশঙ্কর ও রামশরণ ২৬। রামশঙ্কর যশোহর জেলার অধীন ইতিনা গ্রামে বাকপুর শিমলাই ঘরে বিবাহ করিয়া তথায় বাস করেন, সেই পক্ষের পুত্র আনন্দরাম ও রামসুন্দর

তর্কবাগীশ ঘরে, রামশঙ্করের আর এক বিবাহ পাড় পাড়ায় সুন্দরামল্ল শ্রেত্রিয়। সেই পক্ষের পুত্র ভবানী, ভৈরব ও রামগোবিন্দ ২৭।

আনন্দরাম সুত রামতনু শিরোমণি ও গঙ্গানারায়ণ ২৮। গঙ্গা সুত শীতল ও রাইচরণ ২৯। রাইচরণ সুত পূর্ণচন্দ্র ও যামিনীকান্ত ৩০। পূর্ণচন্দ্র সুত সুধীরকুমার ৩১। রামসুন্দর যশোহর জেলার লোহাগড়ায় ডিংসাই শ্রোত্রিয় ঘরে বিবাহ করেন। সেই পক্ষের পুত্র হরিশচন্দ্র ন্যায়ভূষণ ২৮। চণ্ডীচরণ ২৯। রাজেন্দ্রনাথ ৩০। শশিভূষণ, প্রমথভূষণ, খোষাল ও কালীপদ ৩১।

রামসুন্দর তর্কবাগীশের আর এক বিবাহ নিজ ইতিনা গ্রামে সাগরদিয়া বন্দ্যঘটির ঘরে সেই পক্ষের পুত্র জগচ্চন্দ্র বাচস্পতি ২৮। সুত বাণীকণ্ঠ, কৈলাসচন্দ্র ও চন্দ্রকুমার ২৯। বাণীকণ্ঠ (যশোহর জেলার অধীন দেয়াপাড়া গ্রামে বঙ্গপাশি বন্দ্যোপাধ্যায় ঘরে বিবাহ করিয়া তথায় বাস করেন) পুত্র শশধর, জ্যোতিন্দ্রনাথ ও **রামলাল বেদান্ততীর্থ** সংস্কৃতে এম্-এ, কাশ্মীর শ্রীনগর কলেজের প্রফেসার ৩০। জ্যোতিন্দ্রনাথ সুত নরেন্দ্রনাথ, রামনাথ ও জ্ঞানেন্দ্রনাথ ৩১। রামলাল সুত সুধীরকুমার, অমলকুমার ও সুশীলকুমার ৩১। চন্দ্রকুমার সুত গিরিজাভূষণ ৩০।

কৃষ্ণ সুত প্রজাপতি ১৯। সুত রঘু ও রামভদ্র ২০।

ভীম সুত ব্যাস ১৬। তৎসুত দশরথ ১৭।

গঙ্গাধর সুত আনো, গণপতি ও বনমালী ১৬। আনো সুত বাসুদেব ১৭। তৎসুত শতানন্দ ১৮।

এই বংশাবলী ছাঞ্চাডাঙ্গা নিবাসী রুদ্র ঘটক মহাশয়ের এবং টীকারডাঙ্গা নিবাসী রামচন্দ্র ঘটক মহাশয়ের নিকট পুরাতন হাতের লেখা যে পুথি ছিল তাহার সহিত মিল করিয়া ২৮এর পর নূতন নাম লিখিয়া দেওয়া হইল।

পূতিতুণ্ডবংশাবলীর একদেশ।

বাৎস্যে (১) ছান্দর মূল। (২) রবি। (৩) জৈমিনি। (৪) লক্ষ্মীধর। (৫) বল। (৬) অংশু। (৭) বল্লভ। (৮) নীলাম্বর [উৎসাহাচার্য্য (৮)। পূতি গোবর্দ্ধন] (৯)।

পূতির্গোবর্দ্ধনাচার্য্যঃ শিরো ঘোষালসম্ভবঃ। মেলমালা।
শৃঙ্গারোত্তরসৎপ্রমেয়বচনৈরাচার্য্যগোবর্দ্ধনঃ। গীতগোবিন্দ।

গোবর্দ্ধন-পুত্র শিক (১০) প্রভৃতি চারি জন। (১১) পীতাম্বর। (১২) রাম, তৎসহোদর মাধব ও চক্রপাণি প্রভৃতি। মাধব পুত্র (১৩) আদিত্য প্রভৃতি। আদিত্য সুত সুকণ্ঠ বা শ্রীকণ্ঠ (১৪)। সুকণ্ঠসুত (১৫) কংসারি। কংসারি পুত্র পরমানন্দ মিশ্র (১৬)। পূতিতুণ্ড পরমানন্দ, (নাথাই) শ্রীনাথ চট্টোপাধ্যায়ের জামাতা।

ধন্দঘাটগতা কন্যা শ্রীনাথচট্টজাত্মজা।
যবনেন সংস্পৃষ্টা সোঢ়া কংসসুতেন বৈ॥ মেলমালা।

(১৩) চক্রপাণির বংশ—চক্রপাণির পুত্র—পূরো, ব্যাস, বশিষ্ঠ, জট, শশী, ভূধর, শম্ভু, ধূসর ও পুণ্ড্র (১৪)। পুণ্ড্র সুত গোপাল (১৫)। তৎপুত্র **শ্রীরঙ্গভট্ট** (১৬)। ইনি **শ্রীরঙ্গভট্টী মেলের (নায়ক) কুলীন**। পুণ্ড্র-সহোদর পূরো প্রভৃতির বংশ শ্রোত্রিয়ান্ত বংশজ; কিন্তু বরিশাল অঞ্চলে শ্রোত্রিয় বলিয়া পরিচিত।

চক্রপাণি সুত (১৪) বশিষ্ঠ বংশ—(১৫) কাক। (১৬) তরণি। (১৭) মধু। (১৮) পিথো বা পৃথ্বীধর। (১৯) আনন্দরাম। (২০) কৃষ্ণকান্ত। (২১) জগচ্চন্দ্র। (২২) মদন। (২৩) হরানন্দ। (২৪) বৈদ্যনাথ। (২৫) রমাকান্ত। (২৬) লক্ষ্মীনারায়ণ—বরিশাল অঞ্চল হইতে মগের ভয়ে জাতি মান রক্ষার্থ সর্ব্ব প্রথমে সপরিবারে ফরিদপুর জেলার অন্তর্গত মাদারিপুর মহকুমার নিকট

কেন্দুয়া গ্রামে উঠিয়া আসিয়া বাস করেন। বরিশাল জেলার অন্তর্গত রাকুদিয়া প্রভৃতি গ্রামেও এই বংশ দেখিতে পাওয়া যায়। পূতি—শ্রোত্রিয় লক্ষ্মীনারায়ণের বংশধরগণ মধ্যে (৩২) গিরিশ ও দুর্গাদাস হুগ্‌লিতে বাস করিতেছেন, অন্যান্য সকলে উক্ত কেন্দুয়া গ্রামে বাস করেন। লক্ষ্মীনারায়ণ পুত্র (২৭) কৃষ্ণদেব। তৎপুত্র (২৮) দুর্গারাম। তৎপুত্র (২৯) রামহরি। রামহরি সুত (৩০) শম্ভুনাথ ও লোকনাথ। (৩০) শম্ভুনাথসুত (৩১) রামকুমার। তৎপুত্র (৩২) গিরিশ। গিরিশের (৩৩) (দত্তক পুত্র)। যতীন্দ্রনাথ (৩০) লোকনাথ সুত পার্ব্বতী নাথ ৩১। পার্ব্বতী সুত শ্রীদুর্গা দাস চক্রবর্ত্তী B. A., Asstt. Settlement Officer Midnapur পর্য্যায় ৩২। তৎসুত জিতেন্দ্র নাথ পর্য্যায় ৩৩।

রামকুমারের পুত্র গিরিশকে ধরিলে ছান্দড় হইতে পূতিতুণ্ডবংশ-পর্য্যায়ে ৩২ পুরুষ হয়। এই গোত্রের অন্য বংশের পর্য্যায় মিলন করিলে এই বংশে অনেক উর্দ্ধ সোপান দেখা যায়। গোবর্দ্ধনাচার্য্যের বংশের কতক বংশজ, কতক শ্রেত্রিয় ; এবং কতক সুরাই মেলের কুলীন এ রহস্যের মর্ম্ম ভেদ করা অত্যন্ত কঠিন ও আশ্চর্য্যজনক ব্যাপার। বাস্তবিক গোবর্দ্ধনাচার্য্যই কৌলীন্য প্রাপ্ত হয়েন। নবগুণের অভাবে অন্যেরা শ্রোত্রিয়। ইহাতেই ঠিক হয় কৌলীন্য বংশগত ছিল না। গুণবত্তায় ছিল।

পরিশুদ্ধ কৌলীন্য-নিবন্ধন গোবর্দ্ধনাচার্য্যের বংশে বাল্যবিবাহের আধিক্য হইয়াছিল। সেই হেতু ছান্দড়-বংশের উর্দ্ধতনে ৩৪শ পুরুষ পর্য্যন্ত দেখিতে পাওয়া যায়।

পূতিতুণ্ড-বংশ

ছান্দড় বংশের একাদশ গ্রামীণের মধ্যে আর্য্যাসপ্তশতী প্রণেতা মহাকবি **পূতি গোবর্দ্ধন আচার্য্য** ঘোষাল-বংশের **শির** এবং কাঞ্জিলাল বংশের

কান্নু ও **কুতূহল** এই চারি ব্যক্তি মহারাজ বল্লালের নিকট কৌলীন্য-মর্য্যাদা প্রাপ্ত হয়েন। গোবর্দ্ধনাচার্য্যের বংশীয়গণ কুলীন, তদ্ব্যতীত অন্যে অকুলীন। পূতিতুণ্ড-বংশের কংসারি-পুত্র পরমানন্দ মিশ্র দ্বারা ফুলিয়া মেলের উদ্ধার হয়। কংসারি পূতিতুণ্ড তৎকালে অতি প্রসিদ্ধ পণ্ডিত, বদান্য, কুলশ্রেষ্ঠ, এমন কি কুলপতি সদৃশ মান্য ছিলেন। তন্নিবন্ধন তদীয় পুত্র পরমানন্দ ফুলিয়া মেলস্থ সমস্ত ব্যক্তির পতিতপাবন ও পরমানন্দ স্বরূপ হইয়াছিলেন।

ছান্দড় (১) সুত রবি (কোন কোন পুথিতে 'ধীর' এই নাম আছে; পূতিতুণ্ড ২। জৈমিনি ৩। লক্ষ্মীধর, শ্রীধর, হিরণ্য, কিরণ, কঙ্কণ, মঙ্গল এবং ধরণীধর ৪। লক্ষ্মীধর-সুত বল ও গৌতম ৫। বল সুত অংসল ৬। অংসল সুত পুণ্ড্র ও বল্লভ ৭। বল্লভ সুত নীলাম্বর বা উৎসাহাচার্য্য ৮। তৎপুত্র গোবর্দ্ধনাচার্য্য ৯। গোবর্দ্ধন সুত হরি, শিকো, সোম, উদ্ধরণ, উদয়ন, নরসিংহ, যোগী ও সন্ন্যাসী ১০। হরি সুত কান্নু ও মনোহর ১১। মনো-সুত মধু ১২। মুরারি, পুরো, কুবের, ঈশান এবং শঙ্কর ১৩। কুবের সুত বাসুদেব ১৪। কীত, ডোখল ও মুরারি ১৫। কীত সুত জগন্নাথ ১৬। ধরাধর ১৭। পরমেশ্বর ১৮।

শিকো সুত পীতাম্বর, হরি, বাসু ও দেবনারায়ণ ১১। পীতাম্বর সুত রাম, মাধব, বল, হল, ভরত এবং লখ ১২। রাম সুত চক্রপাণি এবং বীজ ১৩। চক্রপাণি সুত ব্যাস, বশিষ্ঠ, ভূধর ও পুণ্ড্র (দ্বিতীয় গোবর্দ্ধন) প্রভৃতি ১৪। পুণ্ড্র সুত গোপাল ১৫। পুত্র **শ্রীরঙ্গ ভট্ট** ১৬ (ইহাঁর সময় মেলবন্ধন হয়)।

মাধব (১২) সুত কান্নু, দুর্য্যোধন (দুজো), সূর্য্য (সুজো এবং আদিত্য প্রভৃতি ১৩। কান্নু (১৩) সুত শূলপাণি ১৪। আদিত্য সুত হরি ও সুকণ্ঠ ১৪। হরি সুত দামোদর ১৫। সুকণ্ঠ সুত কংসারি ও জগন্নাথ ১৫। কংসারি পুত্র পরমানন্দ ১৬। এই পরমানন্দ নাথাই চট্টের কন্যা বিবাহ করেন।

পূতিতুণ্ড বংশে কোকের (১৬) ধারায়
দুর্লভানন্দের বংশের একদেশ
ধারাবাহিকক্রমে অঙ্কপাত করা গেল।

কোক (১৬) পুত্র দুর্লভ ১৭। পরমানন্দ ১৮। গোপীনাথ ও রঘুনাথ ১৯। গোপী সুত রামকৃষ্ণ, বিশ্বেশ্বর, শ্রীকৃষ্ণ, রামেশ্বর, জগন্নাথ ও কাশীশ্বর ২০। রামকৃষ্ণ সুত রাজেন্দ্র ২১। রাজেন্দ্র সুত নন্দকিশোর ও রাজপ্রসাদ ২২। নন্দ সুত আত্মারাম ও রামচন্দ্র ২৩। রামচন্দ্র সুত মনোহর, কৃষ্ণকান্ত ও কমলাকান্ত ২৪। মনোহর সুত হরপ্রসাদ, গুরুপ্রসাদ, দ্যুতিপ্রসাদ ও দেবীপ্রসাদ ২৫। কৃষ্ণকান্ত সুত মথুরামোহন, বৃন্দাবন, কাশীনাথ, চন্দ্রশেখর ও লোকনাথ ২৫। বৃন্দাবন সুত রামধন, কৃষ্ণধন ও হরিধন ২৬। রামধন সুত অংশুপ্রকাশ অব্জপ্রকাশ, অরুণপ্রকাশ, কিরণপ্রকাশ ও হরিদাস ২৭।

রাজপ্রসাদ ২২। বিনোদরাম ২৩। জগন্মোহন, কৃষ্ণমোহন, মদনমোহন, ব্রজমোহন ও গৌরমোহন ২৪। জগন্মোহন সুত গোবিন্দ, মধুসূদন, জনার্দ্দন ও গোপাল ২৫। মদন সুত গঙ্গারাম ও রামনারায়ণ ২৫। ব্রজ সুত তারাচাঁদ ও গোরাচাঁদ ২৫। গৌরমোহন সুত তিনকড়ি, প্যারী, কালীপ্রসাদ ও রাজকুমার প্রভৃতি ২৫।

শ্রীকৃষ্ণ (২০) সুত গোপালচন্দ্র হালদার ও ক্ষেত্রনাথ হালদার ২১, নিবাস ভাটপাড়া। রামেশ্বর নলডাঙ্গা-বাসী। জগন্নাথ সুত নিমাইচন্দ্র হালদার ২১। রঘুনাথ (১৯) সুত কৃষ্ণদাস হালদার ২০। ইহাঁরা ভাটপাড়া নিবাসী।

বাৎস্য গোত্রীয় পূতিতুণ্ড বংশের একদেশ বংশাবলী

(১) ছান্দড়। (২) রবিপূতি তুণ্ড। (৩) জৈমিনি। (৪) লক্ষ্মীধর। (৫) বল। (৬) অংশুল। (৭) বল্লভাচার্য্য। (৮) নীলাম্বর। (৯) পুতি গোবর্দ্ধনাচার্য্য (ইনি কৌলিন্য মর্য্যাদা প্রাপ্ত হন)। (১০) শিক। (১১

পিতাম্বর। (১২) রাম। (১৩) চক্রপাণী। (১৪) পুরো। (১৫) চতুর্ভুজ। (১৬) দক্ষ। (১৭) অনিরুদ্ধ। (১৮) কাশীশ্বর ভট্টাচার্য্য। (১৯) বিশ্বনাথ। (২০) বামদেব। (২১) যদু। (২২) ত্রিলোক। (২৩) শিব। (২৪) অর্জ্জুন। (২৫) মদন (২৬) শ্যামাচরণ *। (২৭) নারায়ণ। (২৮) কংসারি। (২৯) যজ্ঞেশ্বর। (৩০) মতিলাল। (৩১) কৃষ্ণচরণ। (৩২) গুরুচরণ। (৩৩) দ্বারকানাথ। (৩৪) দ্বারকানাথের ২ পুত্র বিহারীলাল ও রামরূপ। (৩৫) বিহারীলালের ২ পুত্র মণিমোহন ও শশীভূষণ ; রামরূপের ৪ পুত্র—ননীলাল, ফণীভূষণ, কিশোরী-মোহন, কৃষ্ণপদ। (৩৬) মণিমোহনের পুত্র কালিপদ, নরেন্দ্রনাথ, নিরঞ্জন। ননীলালের পুত্র হরেন্দ্রনাথ।

পূতিতুণ্ড বংশীয় চক্রপাণীর সন্তান, কাশীশ্বর ভট্টাচার্য্যের ধারা (ভঙ্গ)।

* (২৬) **শ্যামাচরণ**—ইনি বৈষ্ণবধর্ম্মে দীক্ষিত হন এবং শ্রীশ্রীকৃষ্ণ-বিগ্রহ সেবার অধিকার প্রাপ্ত অর্থাৎ "অধিকারী" উপাধিতে সাধারণে আখ্যাত হন। ইনি শাক্ত আত্মীয় স্বজনগণের সহিত বৈবাহিক আদান প্রদান রহিত করিয়া দেন। ইহাদের কোন কোন আত্মীয়-বংশ বর্ত্তমানে শাক্ত বংশের সহিত বৈবাহিক সম্বন্ধ পুনঃ স্থাপিত করিয়াছেন।

অনুমান একশত বর্ষকাল এই বংশ, জেলা ২৪ পরগণার অন্তর্গত বাদুড়িয়া নামক গ্রামে বাস করিতেছেন।

বাৎস্য গোত্র পূতিতুণ্ড বংশ

গ্রাম ও পোঃ বাহারু, থানা জনগর, জেলা ২৪ পরগণা

দয়ারাম ১। হরিশ্চন্দ্র ২। প্রাণকৃষ্ণ ৩। নীলকান্ত ৪। সুত শ্রীধীরেন্দ্র-নাথ চক্রবর্ত্তী, উকীল আলিপুর ৫। ধীরেন্দ্র সন্তান উমাদেবী, সরোজকুমার ও সুধীরকুমার।

শ্রীধীরেন্দ্রনাথ চক্রবর্ত্তী

কলিকাতার ঠিকানাঃ—৮।৪এ, নেপাল ভট্টাচার্য্য লেন, কালীঘাট।

পূতিতুণ্ড বংশের শ্রোত্রিয়ের ধারার একদেশ নিম্নে প্রদর্শিত হইল।

(২৮) রাজমোহনসুত রমণীমোহন, শ্রীহরমোহন, শ্রীদক্ষিণামোহন, নীরদ-মোহন ও শ্রীপ্যারীমোহন (২৯)।

শ্রীহরমোহন ২৯। পুত্র শ্রীমনোমোহন ৩০। প্যারীমোহনসুত শ্রীসুরেন্দ্র-মোহন, শ্রীযোগেন্দ্রমোহন ও শ্রীদেবেন্দ্রমোহন সেহানবীশ ৩০।

দক্ষিণামোহনসুত শ্রীনীরদমোহন সেহানবীশ ৩০।

শ্রীশ্রী রাধামদনমোহনো বিজয়তে ।

ছান্দড়বংশীয় রাঢ়াশ্রেণী বাৎস্য গোত্রীয় পিপলাই গ্রামীণ সিদ্ধঃশ্রোত্রিয় নদীয়া জেলান্তর্গত শান্তিপুর গ্রামের উড়িষ্যা গোস্বামী বংশের একদেশ বংশাবলী ।

ছান্দড় ১। সুত রবিকর, সুরভি, কবি, মহাযশাঃ, ধীর, নীর, বিশ্বম্ভর ও শ্রীধর ২।

ধীর সুত ভদ্ররথ ও বিষ্ণুপদ ৩। ভদ্ররথ সুত ধৃতি ও শ্রীকণ্ঠ ৪।

শ্রীকণ্ঠ সুত হিঙ্গল, পিঙ্গল ও জয় ৫। জয় সুত মোহন ও রুদ্র ৬।

মোহন সুত বিদ্যাধর, চতুর্ভুজ, হরিদাস, ভবদাস ও অনকেশ্বর ৭।

হরিদাস সুত গোপীকৃষ্ণ, তেয়াই, ভগীরথ ও গঙ্গাহরি ৮।

গঙ্গাহরি সুত রামকুমার ও শ্রীকৃষ্ণ ৯। শ্রীকৃষ্ণ সুত সংকর্ষণ ও **শঙ্কর** (ত্রিবেণী নিবাসী, বঙ্গাধিপ লক্ষণ সেনের গুরু— উৎকলগত) ১০।

শঙ্কর সুত শিবরাম, অভিরাম, পরশুরাম ও হরিরাম ১১। শিবরাম সুত বাণেশ্বর ও বনমালী ১২। বাণেশ্বর সুত রামগোবিন্দ, মুরলীধর ও অযোধ্যা রাম ১৩। অযোধ্যারাম সুত গোপীনাথ ১৪। গোপীনাথ সুত শ্রীকর ও লখো বা লক্ষ্মণ ১৫। লখো সুত গঙ্গাদাস ১৬। তৎসুত বলরাম ১৭। তৎসুত ভানুকর [গুপ্তপল্লী (গুপ্তিপাড়া) নিবাসী] ১৮।

ভানুকর সুত চণ্ডীদাস ১৯। তৎসুত **জগন্নাথ** অপর নাম **মামু গোস্বামী** ইনি শ্রীমদগদাধর পণ্ডিত গোস্বামী হইতে প্রাপ্ত শ্রীপুরুষোত্তমের শ্রীটোটাগোপীনাথ জীউর সেবাইত ২০।

জগন্নাথ সুত নারায়ণ ও প্রাণবল্লভ সার্ব্বভৌম ২১। প্রাণবল্লভ সুত হরি-বল্লভ বিদ্যানিধি ও কৃষ্ণবল্লভ ২২। হরিবল্লভ সুত রামবল্লভ শিরোমণি ও রামকৃষ্ণ ২৩। রামবল্লভ সুত রঘুনাথ ন্যায়ালঙ্কার ২৪। তৎসুত রামচন্দ্র

বাচস্পতি ২৫। তৎসুত **রাধাবল্লভ** বিদ্যাবাচস্পতি— ইনি উৎকল হইতে শ্রীশ্রীনৃত্যগোপাল বিগ্রহ সহ শান্তিপুরে আগমন করেন, তজ্জন্য ইনি ও ইহাঁর বংশধরেরা শান্তিপুরে উড়িয্যাগোস্বামী বলিয়া বিখ্যাত ২৬।

রাধাবল্লভ সুত রামগোপাল, হরিদেব, কৃষ্ণদেব গোস্বামী ভট্টাচার্য্য, রামভদ্র ও রামদেব ২৭। কৃষ্ণদেব সুত রামনাথ ন্যায়বাগীশ, রমানাথ, রামকান্ত ঘনশ্যাম ও হরেন্দ্রকৃষ্ণ ২৮। রামনাথ সুত ব্রজনাথ তর্কালঙ্কার ২৯। তৎসুত হরিনারায়ণ ন্যায়শাস্ত্রী (তিরোভাব শ্রাবণ মাসের শুক্লা ত্রয়োদশী) স্ত্রী উমাসুন্দরী ৩০। তৎসুত নবকৃষ্ণ বেদান্তবাগীশ (তিরোভাব ফাল্গুন মাসের শুক্লাপঞ্চমী) স্ত্রী শঙ্করী, প্রাণকৃষ্ণ তর্কবাচস্পতি (তিরোভাব কার্ত্তিক মাসের কৃষ্ণাদশমী) স্ত্রী ভবসুন্দরী ও ধনকৃষ্ণ ন্যায়ালঙ্কার—স্ত্রী রামলক্ষ্মী ৩১।

নবকৃষ্ণ সুত চন্দ্রমোহন (তিরোভাব ঝুলন পূর্ণিমা), প্রথমা স্ত্রী সারদাসুন্দরী, দ্বিতীয়া স্ত্রী মুক্তকেশী (তিরোভাব ১৮২৬ শক অগ্রহায়ণ মাস, কৃষ্ণাসপ্তমী) ও লালমোহন (প্রাণকৃষ্ণের পালিত পুত্র) ৩২।

চন্দ্রমোহন সুত রাধারমণ জ্যোতিরত্ন (পালিত পুত্র) ১মা স্ত্রী হরিদাসী (তিরোভাব ১৮২৬ শক, অগ্রহায়ণ কৃষ্ণাদ্বাদশী), ২য়া স্ত্রী প্রিয়বালা ৩৩। ১মা স্ত্রীর গর্ভজাত চারিপুত্র রাধাগোবিন্দ (স্ত্রী মনোরমা), রাধামোহন গণক সার্ব্বভৌম (স্ত্রী মলিনাবালা), রাধামাধব (স্ত্রী স্বর্ণলতা), রাধাচরণ ২ য়া স্ত্রীর গর্ভজাত দুই পুত্র রাধাকিশোর ও রাধাকান্ত ৩৪।

রাধাগোবিন্দ সুত রাধাজীবন, রাধাকুমুদ ও রাধাশ্যাম ৩৫। রাধামোহন সুত রাধাকমল ৩৫।

প্রাণকৃষ্ণ সুত লালমোহন পালিত পুত্র (তিরোভাব ১৭৯৪ শক মাঘ মাস, কৃষ্ণাপঞ্চমী) ১মা স্ত্রী রামসোনা, ২য়া স্ত্রী কালীমতী (তিরোভাব ১৮৩৪ শক পৌষ, কৃষ্ণাপঞ্চমী) ৩২। লালমোহন সুত মন্মথমোহন তিরো—১৮৩১ শক ফাল্গুন, কৃষ্ণানবমী ১মা স্ত্রী হরিমতী, ২য়া স্ত্রী প্রফুল্লকুমারী; প্রমথনাথ তিরো—

১৮১৬ শক জ্যৈষ্ঠ শুক্লাপঞ্চমী স্ত্রী মানকুমারী ; যাদবেন্দ্র (রাধারমণ) চন্দ্রমোহনের পালিত ও গোপালচন্দ্র জ্যোতির্ব্বিনোদ স্ত্রী কালীপদ ৩৩।

মন্মথমোহনের ১মা স্ত্রীর গর্ভজাত—বিনয়কৃষ্ণ—স্ত্রী উষাঙ্গিনী ৩৪। তৎসুত গোপেন্দ্রকৃষ্ণ ও বীরেন্দ্রকৃষ্ণ ৩৫।

প্রমথনাথ সুত যোগানন্দ স্ত্রী সুরবালা, জ্ঞানানন্দ স্ত্রী মলিনাবালা, সুশীলকুমার (শচীন্দ্রনাথ) রাসবিহারীর পোষ্যপুত্র স্ত্রী তরুলতা ৩৪। যোগানন্দ সুত কৃষ্ণনাথ ৩৫। জ্ঞানানন্দ সুত গোপীনাথ ৩৫।

গোপালচন্দ্র সুত সুধীরঞ্জন স্ত্রী সান্তনাকুমারী ও মদনমোহন ৩৪।

বহরমপুর। শ্রীভূষণচন্দ্র দাস, এম্-এ ;
দোল পূর্ণিমা প্রিন্সিপ্যাল বহরমপুর কৃষ্ণনাথ কলেজ।
১৫ই ফাল্গুন শকাব্দা ১৮৪৭।

বাৎস্য গোত্র কাঞ্জিলাল বংশের এক শাখা দশ বাড়ীর ভট্টাচার্য্য।

আদি নিবাস বাদু মনেশ্বরপুর জেলা ২৪ পরগণা।

Central section E. B. Ry.

কন্দর্প ১। শিশুরাম তর্কভূষণ ২ (ইনি বাদু হইতে ভাটপাড়ার মাদরাণী গ্রামে বাস করেন। লক্ষ্মীনারায়ণ, দেবনারায়ণ ও জয়নারায়ণ ৩। লক্ষ্মীনারায়ণ সুত গোপালচন্দ্র, কেদারনাথ, অম্বিকা ও বিষ্ণুচরণ ৪। গোপাল সুত সারদাপ্রসাদ (কানপুর কটনমিলের ডাক্তার) ৫। সরদার ২ কন্যা ৬। কেদার সুত সুরেন্দ্রনাথ কলিকাতায় চাকুরী করেন। ৫। সুরেন্দ্র সুত শৈলেন, জিতেন, কৃষ্ণ ও খোকোন ৬।

বিষ্ণুচরণ সুত বিনয়ভূষণ ও কুঞ্জভূষণ ৫। বিনয় সন্তান সুধাময়ী, ফণী-প্রসাদ তারাপ্রসাদ, চিণ্ময়ী, মৃণ্ময়ী, জ্যোতির্ম্ময়ী ও কণা ৬।

ইহাঁরা এক্ষণে ভঙ্গকুল। শ্রীধর কাঞ্জিলাল হইতে কন্দর্পের পর্য্যায় সংখ্যা আপাততঃ জানিবার কোন উপায় নাই।

পাটনা সেক্রেটারিয়েট্, আই-জি, পুলিশ অফিসের কেরাণী।
শ্রীবিনয়ভূষণ ভট্টাচার্য্য প্রদত্ত। ১৪।১০।৩৫

ঘোষাল-বংশ।

পূর্ব্বদেশী ঘটকের পুস্তক এবং রাঢ়দেশী ঘটকের পুস্তক দৃষ্টে ফুলিয়া সমাজের পুস্তকের বংশাবলীর পর্য্যায় সংখ্যার অনৈক্য হয়। ঐ ইতর বিশেষ অধিকাংশ পুস্তকের সঙ্গে সামঞ্জস্য করা বড়ই কঠিন ব্যাপার। সুতরাং পূর্ব্বদেশী প্রসিদ্ধ কুলাচার্য্য বংশীবদন বিদ্যারত্ন ঘটকের এবং রাঢ়দেশী পাঁচড়া নিবাসী বিখ্যাত ভৈরব বিদ্যাসাগর কুলাচার্য্যের লিখিত বংশাবলী এখানে গ্রহণ করা গেল। বিদ্যারত্ন মহাশয়ের সহিত ভৈরব বিদ্যাসাগরের লিখিত বংশাবলীর কিঞ্চিত বিভিন্নতা আছে। এক পুরুষের অভাব ও সদ্ভাব।

বংশীবদন বিদ্যারত্ন প্রদত্ত—ছান্দড় ১। তৎসুত সুরভি ২। তৎসুত সাগর ৩। মনোরথ ৪। বিশ্বামিত্র ৫। জিতামিত্র ৬। ভগবান ৭। পিঙ্গল ৮। পিঙ্গলসুত শিরঃ, ভাস্কর, হিঙ্গল, মাঙ্গলিক, শূলপাণি, মদন ও বিশ্বরূপ ৯।

ভৈরব বিদ্যাসাগর প্রদত্ত--পিঙ্গল ৮। তৎসুত সুবুদ্ধি ৯। শিরঃ ১০। উধ (উদ্ধব), বিশ ও সঙ্কেত ১১। উধসুত কোঁচ ও মার্কণ্ডেয় ১২। কোঁচসুত আভ ১৩। আভসুত পশু ১৪। পশুসুত ত্রিলোচন ও হিঙ্গল ১৫। ত্রিলোচন সুত উদয় ১৬। উদয়সুত বামন ১৭। বামন সুত বিশ্বনাথ, সাধু ও মাধু ১৮। বিশ্বনাথ-সুত কংসারি মিশ্র ও অরবিন্দ ১৯। কংসারিসুত শ্রীধর, ভবানন্দ,

ভুবনাচার্য্য প্রভৃতি ২০। ভবানন্দসুত চক্রপাণি ২১। চক্রপাণিসুত হরিহর ২২। হরিহর সুত রাম তর্কবাগীশ ও গোবিন্দ ২৩। রাম তর্কবাগীশ সুত রাঘব, মহাদেব, শিবদেব, যাদবেন্দ্র, রঘুদেব ও রুদ্রদেব ২৪। শিবদেব পুত্র রামনাথ বাচস্পতি ও কেশব প্রভৃতি ২৫। কেশব পুত্র জগন্নাথ ২৬। জগন্নাথ সুত সন্তোষ, সুধারাম, রামকানাই, বলরাম, গোকুলচন্দ্র, রামতনু ও উমাকান্ত ২৭। ইহাঁরা আঁড়িয়াদহ বাসী।

লিঙ্গল ১৬। সুত নায়িদেব, মহীপতি ও বিনায়ক ১৭।

ফুলিয়া সমাজের পুস্তকে শিরঃ, ছান্দড় হইতে অধস্তন ১১শ পুরুষ।

আঁড়িয়াদহের ঘোষালগণ সর্ব্বানন্দী মেলের কুলীন। এই স্থানে চক্রপাণি ঘোষালের অতিবৃদ্ধপ্রপৌত্র কানাই ঘোষালের বংশ আছে।

নদীয়া জেলার বিল্বগ্রামে রাম তর্কবাগীশের পুত্র রঘুদেবের পৌত্র দয়ারামের বাস। দয়ারামের পিতার নাম মধুসূদন। ইনি আঁড়িয়াদহের ঘোষাল।

পাটুলীর চাটুতি কৃষ্ণের সন্তানগণ সর্ব্বানন্দী মেলে বিশেষ প্রসিদ্ধ। ৩য় পরিশিষ্ট ৪৭—৫০ পৃষ্ঠা দ্রষ্টব্য।

সর্ব্বানন্দী মেলের উৎপত্তিস্থল মহিন্তা, সুতরাং মহিন্তা এই মেলের প্রধান শ্রোত্রিয়। নিম্নের মেলমালা দ্রষ্টব্য।

"আনাইশ্চ বিভাইশ্চ সত্যবাণস্ততো মতঃ।
লভ্যো বাণেশ্বরো বন্দ্যো গৌরীবরো যথোচিতঃ।
ন্যূনোচিতঃ শতানন্দো ষট্ ক্ষেম্যান্ ক্রমশঃ শৃণু॥
চণ্ডীবরো বিদ্যাধরস্তেজাইশ্চ বিভাকরঃ।
সবাইশ্চ জিতামিত্রো ডিণ্ডীন্দ্রপরিবর্ত্তিনঃ॥
মহিন্তা জগদানন্দো দগ্ধবাটী গজেন্দ্রকঃ।
ডিণ্ডী চ পরমানন্দস্ত্রয়ো রায়াঃ কুলান্তকাঃ॥" মেলমালা।

জেলা যশোহরের অন্তঃপাতী মহকুমা নড়াইলের অন্তর্গত সারলগ্রামের কাঞ্জারি বংশের বিবরণ।

মহারাজাধিরাজ আদিশূরের যজ্ঞে আনীত পঞ্চব্রাহ্মণের মধ্যে ছান্দড়ের অধস্তন দ্বাদশ পুরুষ পরিচায়ক যদুনন্দন বিদ্যালঙ্কার সারলে বাস করেন। তাঁহার ৩ পুত্র। গোপাল সিদ্ধান্ত, নারায়ণ তর্কবাগীশ ও শ্রীরাম পঞ্চানন (১৩শ)। গোপালের পুত্র কুমুদ ন্যায়বাগীশ ১৪। কুমুদের পুত্র রঘুনাথ সিদ্ধান্তবাগীশ ১৫। নদীয়ার রাজা রাঘব রায়কে শিষ্য করিয়া সারল হইতে বাসস্থান পরিত্যাগ করিয়া নদীয়া জেলায় কাঁদবিলা গ্রামে বাস করেন। তাঁহার বংশধরেরা এক্ষণে ধর্ম্মদা, বহির্গাছি, সিমলা, বাগ আঁচড়া গ্রামে বাস করিতেছেন। শ্রীরামপঞ্চাননের বংশধরগণ সম্প্রতি খুলনা জেলায় সেনহাটী গ্রামে বাস করিতেছেন। নারায়ণ তর্কবাগীশের সন্তানগণ সারলে বাস করিতেছেন। তাঁহার বংশের সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হইল।

১৩। নারায়ণ তর্কবাগীশ পুত্র (১৪) গোপীনাথ তর্কাচার্য্য, হরিনাথ ও রামনাথ।

গোপী সুত রামকৃষ্ণ বিদ্যাবাচস্পতি ও রামদেব বাচস্পতি ১৫।

রামকৃষ্ণ সুত রঘুদেব তর্কালঙ্কার, শ্রীকৃষ্ণ ন্যায়বাগীশ, রামগোপাল ও দুর্গাদাস ১৬। রামগোপাল সুত রামরাম ১৭। তৎসুত কৃষ্ণকিঙ্কর ন্যায়ালঙ্কার, রামবল্লভ ও গঙ্গানারায়ণ বিদ্যাভূষণ ১৮। কৃষ্ণকিঙ্করসুত গৌরচন্দ্র, দুর্গাপ্রসাদ ও শিবচন্দ্র ১৯।

গৌরসুত মহিমাচন্দ্র বিদ্যারত্ন ২০। তৎসুত চারুচন্দ্র স্মৃতিভূষণ, যদুনন্দন, সুরেশচন্দ্র ও হরিশ্চন্দ্র ২১। হরিশ্চন্দ্র সুত প্রকাশচন্দ্র ও তারাদাস ২২।

সারলবাসী কুমুদ ন্যায়ালঙ্কার-বংশ।

এক রাম প্রসবিল কৌশল্যা ধন্যা।
তিন রাম প্রসবিল কুমুদের কন্যা॥ মেলমালা।

এই কুমুদ কে? ইনি সারস-বাসী কাঞ্জারি-গোষ্ঠী সমুদ্ভূত কুমুদ ন্যায়-বাগীশ। ইহাঁরই কন্যার নাম কৌশল্যা। কুমুদের দৌহিত্র বন্দ্য রুদ্ররাম, রঘুরাম ও কেশবরাম চক্রবর্ত্তী (সাগরদিয়া)। কুমুদ ন্যায়বাগীশ বাৎস্ত-বংশাবতংস ছান্দড় হইতে অধস্তন চতুর্দ্দশ পুরুষ।

এই স্থলে নবদ্বীপাধিপতির গুরু ধর্ম্মদহ বহিরগাছী নিবাসী কাঞ্জারি ভট্টাচার্য্য-বংশের একদেশ দেখান গেল। পাঠকগণ ইহা দ্বারা এই বংশের ধারাবাহিক ব্যক্তিবর্গের বিদ্যা ব্রাহ্মণ্যের পরিচয় বুঝিতে পারিবেন।

যথা—(১৪) কুমুদ ন্যায়বাগীশ। (১৫) পুত্র রঘুনাথ সিদ্ধান্তবাগীশ, ইনি নবদ্বীপাধিপতি রাজা রুদ্ররামের গুরু। ইনি প্রথম রাজগুরু। (১৬) পৌত্র কৃষ্ণদেব বিদ্যাবাগীশ। (১৭) প্রপৌত্র রামচন্দ্র তর্কালঙ্কার। ইহাঁর চারি পুত্র—(১৮) রামভদ্র ন্যায়ালঙ্কার, রামগোপাল তর্কসিদ্ধান্ত, রামকেশব তর্কালঙ্কার ও রামশরণ তর্কসিদ্ধান্ত। বৃদ্ধপ্রপৌত্রগণের মধ্যে রামভদ্র জ্যেষ্ঠ এবং রাজা কৃষ্ণচন্দ্রের ইষ্টদেব।

এই চারি সহোদর ক্রমান্বয়ে বহিরগাচী, ধর্ম্মদহ, বাঘ-আঁচড়া ও শিমলা-নিবাসী। প্রত্যেক ব্যক্তির সন্তানই রাজগুরু ভট্টাচার্য্য বলিয়া প্রসিদ্ধ এবং রাজ-পরিবারবর্গের একতমের গুরু। ইহাঁদিগের সন্তানগণ স্বীয় স্বীয় আবাসস্থানে বিরাজ করিতেছেন।

রামভদ্রের পুত্র (১৯) রামরাম তর্কবাচস্পতি, রামেশ্বর সার্ব্বভৌম, রামকান্ত ন্যায়ালঙ্কার, রামহরি তর্কসিদ্ধান্ত, রামগোবিন্দ বিদ্যাবাগীশ ও রামানন্দ ন্যায়রত্ন (১৯)। রামরামের পুত্র রঘুরাম তর্কবাচস্পতি ও রামশঙ্কর

বিদ্যানিধি। (২০) রামশঙ্করের পুত্র রুক্মিণীনাথ, রাধানাথ ও রুদ্রনাথ (২১)। ইহাঁদিগের উপাধি ক্রমান্বয়ে শিরোমণি, ন্যায়পঞ্চানন ও বিদ্যাবাচস্পতি। এই পর্য্যন্ত যে ব্যক্তি যে বিদ্যায় পারদর্শী ছিলেন, তাঁহার উপাধি তদনুসারে হইয়াছিল।

রাধানাথের পুত্র গোপীনাথ বিদ্যারত্ন (২২) রাজা শ্রীশচন্দ্রের গুরুদেব। গোপীনাথের মধ্যম পুত্র লক্ষ্মীকান্ত তর্কালঙ্কার (২৩) রাজা সতীশচন্দ্রের গুরু। লক্ষ্মীকান্তের জ্যেষ্ঠ পুত্র শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র স্মৃতিরত্ন (২৪) মহারাজা ক্ষিতীশচন্দ্রের গুরু।

(১৮) রামভদ্র-প্রমুখ রামরাম তর্কবাচস্পতি সুত রঘুরাম (২০)। পুত্র কালীকান্ত, নীলাকান্ত ও শ্রীকান্ত (২১)। নীলাকান্তের পুত্র নন্দগোপাল (২২) পৌত্র ক্ষেত্রনাথ (২৩)। শ্রীকান্তের পুত্র মধুসূদন তর্ক-পঞ্চানন সুকবি (২২)। হরিহর ও কুঞ্জ ২৩। কুঞ্জসুত নৃসিংহ প্রভৃতি। (২৪)।

রামভদ্র প্রমুখ রামেশ্বর বংশ—রঘুনন্দন ও রঘুদেব ২০। রঘুনন্দন-সুত রামতনু, রামকুমার, রামকিঙ্কর ও রামমোহন ২১। রামকিঙ্কর সুত রাম-গোপাল ২২। পৌত্র লোহারাম, খগেন্দ্র ও হরিপদ ২৩। কমলাপতি পুত্র কালীনাথ (জটায়ু) ২২। পৌত্র হরিদাস (২৩); ২০। রঘুদেব সুত কমলাপতি কাশীপতি ও রুক্মিণীপতি ২১। কাশীসুত রাধামোহন ২২। নবীন ও উমেশ ২৩।

রামভদ্র প্রমুখ রামকান্তের বংশ—রামনিধি ও রামসুন্দর ২০। রামনিধি সুত অন্নদা ২১। তৎসুত সর্ব্বেশ্বর ২২। (২০) রামসুন্দর সুত কাশীপ্রসাদ ২১। তৎসুত নিমাইচাঁদ ২২। তৎসুত তিনকড়ি ও কামাখ্যা ২৩।

রামভদ্র-প্রমুখ রামহরি-বংশ—রামলোচন, রাজবল্লভ ও রামরত্ন ২০। রামলোচন সুত রুদ্রদেব। ২১ তৎপুত্র হারাধন ও কৃষ্ণধন ২২। কৃষ্ণসুত তারক ২৩। (২০) রাজবল্লভ সুত জগন্মোহন ও দ্বারকানাথ ২১। জগন্মোহন সুত ক্ষেত্রনাথ ২২। দ্বারকানাথ পুত্র যোগীন্দ্র ও উপেন্দ্র ২২।

রামভদ্র-প্রমুখ রামানন্দ বংশ—রঘুমণি বিদ্যাভূষণ ২০। দত্তক-চন্দ্রিকাগ্রন্থ ইহাঁরই কৃত। তৎসুত কাশীশ্বর (২১)। ইহাঁর পুত্র বিশ্বেশ্বর, চন্দ্রকান্ত ও শ্যামাচরণ ২২। রঘুমণির সহোদর—রঘুপতি ও কালীপ্রসাদ ন্যায়বাগীশ ২০। রঘুপতি-পুত্র বৈদ্যনাথ, শ্যামাচরণ ও নীলকমল ২১। বৈদ্যনাথ সুত হরিমোহন, যদুনাথ ও নবীন ২২। শ্যামচরণ সুত রাধিকানাথ ২২। পুত্র কালীপ্রসন্ন ও তারাপ্রসন্ন ২৩। (২১) নীলকমল সুত বিনোদ ২২। হরিমোহন সুত মনোমোহন ও রামচন্দ্র ২৩। নবীন সুত কালিদাস প্রভৃতি ২৩।

রাজা ঈশ্বরচন্দ্রের গুরু রামশঙ্কর চূড়ামণি। রাজা শিবচন্দ্রের গুরু রামরাম তর্কবাচস্পতি।

কুমুদ ন্যায়বাগীশের পূর্ব্বপুরুষদিগের নাম নিম্নে দেওয়া গেল। যথা—

ছান্দড় (মূল) ১। তৎসুত **নারায়ণ**—কাঞ্জারি বংশের আদিপুরুষ ২। ইনি ছান্দড়ের নিকট '**হরিনারায়ণ**' এই নামে আখ্যাত হইতেন। এবং নিজের সাগ্নিক ক্রিয়া ও সর্ব্বকার্য্যে সিদ্ধি জন্য 'মাধব' এই রাজ্যাশ্রিত নামেও কীর্ত্তিত হইতেন। ইনি সেই জন্য হরি, নারায়ণ ও মাধব এই তিন নামেই প্রসিদ্ধ। পুত্র বিশ্বম্ভর ৩। পৌত্র গুণাকর ৪। প্রপৌত্র শৌরি ও ধোয়ী ৫। শৌরি সুত জীয় (বা জীব) ৬। তাঁহার তিন পুত্র যথা—সাহ (সাঢ়), গুড়াকেশ ও বিকর্ত্তন ৭। বিকর্ত্তন সুত মহাদেব ৮। মহাদেব সুত হিরণ্যাক্ষ, বেদগর্ভ, কমলাক্ষ ও মনোহর ৯। হিরণ্যাক্ষ সুত নিধিপতি ১০। তৎপুত্র গুণার্ণব ১১। গুণার্ণব সুত যদুনন্দন বিদ্যালঙ্কার ও রঘুনাথ বিদ্যানিধি ১২। বিদ্যানিধির বংশধরগণ সেনহাটীতে বিরাজ করিতেছেন।

যদুনন্দনের এক পুত্র কবি গোপাল ১৩। গোপাল পুত্র কুমুদ ন্যায়-বাগীশ সহোদর শ্রীনারায়ণ তর্কবাগীশ ও শ্রীরাম পঞ্চানন ১৩। ছান্দড় হইতে কুমুদ ন্যায়বাগীশ পর্য্যন্ত অধস্তন চতুর্দ্দশ পুরুষ। অক্ষয়চন্দ্রের পুত্র শিবপ্রসন্ন, কুমুদ ন্যায়বাগীশ হইতে ধারাবাহিক অধস্তন দ্বাদশ পুরুষ। এই কুমুদ হইতে

ছান্দড় উৰ্দ্ধতন চতুৰ্দ্দশ পুরুষ। সুতরাং কাঞ্জারি বংশের কোন গোষ্ঠীতেই অদ্যাপি ২৮ বা ২৯ পুরুষের অধিক হয় নাই। ান্দড় ছয়হোদয় যে কান্যকুব্জাগত পঞ্চ মহর্ষির সর্ব্বকনিষ্ঠ ছিলেন, ইহা তাহার একটী দেদীপ্যমান প্রমাণ।

রামভদ্র ন্যায়ালঙ্কার ছান্দড় হইতে ১৮শ পুরুষ অধস্তন। তৎপৌত্র রঘুরাম বিদ্যানিধির (২০) বংশ নিম্নে দেওয়া গেল।

২২। গোপীনাথের বংশ—চন্দ্রকান্ত তন্ত্ররত্ন, লক্ষ্মীকান্ত তর্কালঙ্কার, রতিকান্ত, দ্বারকাকান্ত, সূর্য্যকান্ত ও গঙ্গাকান্ত এই ছয় সহোদর। ২৩। লক্ষ্মীকান্তের পাঁচ পুত্র—অক্ষয় প্রভৃতি। কেদার পুত্র দ্বিজ প্রভৃতি ও যোগেন্দ্র পুত্র কনিষ্ঠ ভবেন্দ্র প্রভৃতি ২৫। রতিকান্তের পুত্র মদনাদি ২৪। দ্বারকানাথের পুত্র নীলমণি ও রোহিণী ২৪। গঙ্গাকান্তের পুত্র প্রমথ ও মন্মথ ২৪। সূর্য্যকান্ত সুত প্রসন্ন, রজনী ও বসন্ত ২৪।

রামভদ্র-প্রমুখ ধর্ম্মদহ-নিবাসী রামগোপালের বংশের গোপীমোহন, কালীবিলাস ও কেদার ধর্ম্মদহের গুরু ভট্টাচার্য্যগোষ্ঠীর দিবাভাগের দীপশিখা মাত্র। গোপীমোহন পুরাণপাঠ ব্যবসায়ী। ইহাঁর পুত্র প্রমথমোহন। গোপীর পিতা কৃপারাম, পিতামহ রামনাথ। ১৯। কেদারের পিতা কালী-কিঙ্কর। পিতামহ রমাকান্ত। ১৯ পুত্র শৌরীন্দ্র ২০। রামগোপালের চতুর্থ পুত্র রামদুলালের (১৯) সুত রামচাঁদ, পৌত্র নারায়ণ ও কাশী ২১। রামগোপালের ৫ পুত্র রামনাথ, রামচরণ, রামরুদ্র, রামদুলাল ও রামকান্ত। রামরুদ্রের দৌহিত্র রামধন মুখোপাধ্যায়—২য় পরিশিষ্টে বলরাম ঠাকুরের ধারা দেখ (১৯)।

বাঘ-আঁচড়ার রামকেশবের প্রপৌত্রের ধারায় যে কয়েকটী মাত্র পুরুষ আছেন, তাঁহারাও নিঃস্ব ও নিস্তেজ হইয়া পড়িয়াছেন।

শিমলার রামশরণ-বংশের ধন, মান, বিদ্যা ও গৌরব অনেকদিন ছিল; এক্ষণে নির্দ্ধনতা-হেতু পূর্ব্ব গৌরব লোপ হইবার উপক্রম হইয়াছে।

১৮। রামশরণের পুত্র মৃত্যুঞ্জয় তর্কভূষণ ও রামজয় বিদ্যালঙ্কার (১৯)।

মৃত্যুঞ্জয় সুত ষষ্ঠীদাস তর্কবাগীশ ও নিমাইচাঁদ শিরোমণি ২০। ষষ্ঠীসুত পূর্ণানন্দ, অরুণানন্দ ও যমুনানন্দ ২১। পূর্ণানন্দসুত পঞ্চানন ২২। নিমাই সুত অশোকজীবন (২১)। রামজয় (১৯) বংশে কয়েকটীমাত্র সন্তান আছে। কাঞ্জারি-বংশে অনেক স্থলে ছান্দড় হইতে ২৫।২৬ পুরুষের অধিক হয় নাই।

সারলের কাঞ্জারী রূপনারায়ণ সন্ততির একদেশ।

নারায়ণ তর্কবাগীশের ৪র্থ পৌত্র শ্রীশ্রীকৃষ্ণ ন্যায়বাগীশ। তৎপুত্র রূপনারায়ণ ও রামনায়ণ। রূপসুত কৃষ্ণরাম তর্কভূষণ, পৌত্র রামগঙ্গা বিশারদ, প্রপৌত্র তারিণীচরণ সিদ্ধান্তসাগর। বৃদ্ধপ্রপৌত্র রাধানাথ, অতিবৃদ্ধ প্রপৌত্র যোগেন্দ্র। বৃদ্ধাতিবৃদ্ধ প্রপৌত্র উপেন্দ্র নাথ। রামেশ্বরসুত রামদুলাল। পৌত্র ঈশানচন্দ্র; প্রপৌত্র অবিনাশ।

নারায়ণ তর্কবাগীশের অধস্তন ৫ম পুরুষ—দুর্গানন্দ, তৎপুত্র হরেকৃষ্ণ, পৌত্র চন্দ্রনারায়ণ, প্রপৌত্র রামচরণ, বৃদ্ধপ্রপৌত্র শশিভূষণ। নারায়ণ তর্কবাগীশের অধস্তন ৬ষ্ঠ পুরুষ অচ্যুতানন্দ—তৎপুত্র রামরত্ন বিদ্যাবাগীশ। পৌত্র রামচন্দ্র, প্রপৌত্র প্রিয়নাথ ও বৃদ্ধপ্রপৌত্র মহেন্দ্র। নারায়ণের অধস্তন ৭ম পুরুষ রামবল্লভ, তৎপুত্র ভবানীপ্রসাদ, পুত্র অভয়াচরণ, প্রপৌত্র অক্ষয়-কুমার। ঐ ৭ম পুরুষের একতম গঙ্গানারায়ণ পুত্র কালীপ্রসাদ, পৌত্র মদন চন্দ্র, প্রপৌত্র উমেশচন্দ্র, বৃদ্ধপ্রপৌত্র ভুবনমোহন।

সারলবাসী কাঞ্জারি ভট্টাচার্য্য বংশের তালিকাদ্বয় নবদ্বীপাধিপতি পরমকল্যাণ ভাজন্ শ্রীমান্ মহারাজা—ক্ষিতীশ চন্দ্রের সভাসদ শ্রীযুক্ত চারুচন্দ্র স্মৃতিরত্ন ভট্টাচার্য্য প্রদত্ত।

বাৎস্যে ছান্দড়-প্রমুখ ঘোষাল বংশ

ছান্দড় ১। ইহাঁর-সুত সংখ্যা এগার। তন্মধ্যে সুরভি (২) ঘোষাল-বংশের আদিপুরুষ। পুত্র পিঙ্গল ৩। তৎ-সুত শিরঃ, পাম্নু, বিশ্বরূপ এবং মদন ৪। শিরঃ-সুত উধ ৫। তৎপুত্র পশুপতি ও কোঁচ ৬। কোঁচ-সুত আভ ৭। তৎপুত্র গদ, পশু, গেঁথো বা শেঁখো, মার্কণ্ডেয়, গোপী, পীতাম্বর, পুরো ও নখ ৮। পশু-সুত তেঁই, রুদ্র, হিঙ্গন ও ত্রিলোচন ৯।

পাম্নু-সুত শতানন্দ ও সুরানন্দ ৫। সুরানন্দ-সুত হাড়, বিষ্ণু, নারায়ণ, মক (মকরন্দ), বাহু ও উক ৬। হাড়-সুত গরুড়, দৈত্যারি, কেশব এবং কুশধ্বজ ৭। গরুড়-সুত নৃসিংহ ৮। তৎসুত ত্রৈলোক্যনাথ, রঘুনাথ ও জানকীনাথ ৯।

দৈত্যারি-সুত শুক্লাম্বর ও পীতাম্বর ৮। শুক্লাম্বর-সুত মধু। মধু-সুত রঘুনাথ, জনার্দ্দন, ও মাধব ১০। রঘু সুত রাজারাম, তিলকরাম, বলরাম, কৃষ্ণহরি এবং রাম প্রভৃতি ১১।

ঘোষাল-বংশের গদ-সন্তানগণ ডুমুরিয়া বলিয়া বিশেষ প্রসিদ্ধ। ডুমুরিয়া গ্রাম নদিয়া জিলার চুয়াডাঙ্গার অন্তর্গত কাশীপুরের নিকট। উভয় গ্রাম ডুমুরিয়া কাশীপুর বলিয়া একত্র খ্যাত। গদ-সুত হরি, সঙ্কেত এবং সুদর্শন ৯। হরি-সুত গৌতম ১০। তৎপুত্র উদ্ধরণ, বিশ্বম্ভর, নৃসিংহ ও কামদেব ১১। উদ্ধরণ-সুত রাঘব ১২। বিশ্বম্ভর সুত সদানন্দ, শ্রীধর ও ব্যাপক ১২। কামদেব সুত শঙ্কর (১২)।

পশুপতির সন্তানগণ কলিকাতার ঘোষাল বলিয়া প্রসিদ্ধ। সুতরাং কলিকাতাকে আমরা অনেক দিনের প্রাচীন গ্রাম বলিয়া নিশ্চয় করিতে পারি। অন্ততঃ ন্যূনকল্পে আটশত বৎসরের অপেক্ষাও প্রাচীন। পশু সুত হিঙ্গন ৯। তৎপুত্র বিনায়ক ও মহী ১০। বিনায়ক সুত গৌরী (ভঙ্গ),

গ্ধৌ, লৌ এবং শ্রীপতি ১১। শ্রীপতি সুত মাউ ১২। সুত গোবৰ্দ্ধন, পুরো, কন্দ, নিম, গণ এবং জন ১৩।

তেঁই সুত সূৰ্য্য, কৃষ্ণ, উদয়ন ও বনমালী ১০। কৃষ্ণ সুত নৃসিংহ, বৈকুণ্ঠ, শূলপাণি, উদয়ন, মাধব এবং শঙ্কর ১১।

নৃসিংহ-সুত শ্রীধর, রাম এবং দুর্গাবর ১২। শ্রীধর সুত বিপ্রদাস ১৩। বিপ্রদাস সুত বিষ্ণুদাস ১৪। তৎপুত্র ত্রৈলোক্যনাথ ১৫। পুত্র অনন্ত ও যদু ১৬। দুর্গাবর সুত গৌরীবর ও বৈকুণ্ঠ ১৩। বৈকুণ্ঠ সুত বিজয়, নিত্যানন্দ ও গর্ভেশ্বর ১৪। বিজয় সুত বাচস্পতি ও গোপীনাথ ১৫। বাচস্পতি সুত সোমনাথ, ভবনাথ এবং নীলকণ্ঠ ১৬। ভব সুত নন্দ চক্রবর্ত্তী ও লক্ষ্মীনাথ চক্রবর্ত্তী ১৭।

ঘোষাল শেঁখো বা গেঁথো বংশ, কলিকাতা।—ইহাঁরাও কলিকাতার ঘোষাল বলিয়া পরিচিত। শেঁখো সুত শিব, মঙ্গল এবং মহী ৮। শিব সুত সাগর এবং গণপতি ৯। সাগর সুত কুলপতি, দুর্গাবর, কিনু, পুর এবং দাম ১০। মঙ্গল সুত কুবের এবং বাসু ৯। কুলপতি সুত গদাই, জগন্নাথ এবং রাম ১১। রাম সুত বলাই ১২। তৎপুত্র রাঘব ১৩। সুত রতিকান্ত প্রভৃতি ১৪। রতি সুত কুবের, সুবিন্দ এবং কৌশিক ১৫। কুবের সুত পুর, ধৃত ও পৃথ্বীধর প্রভৃতি ১৬। দাম সুত অনন্ত ১১। তৎপুত্র গোবিন্দ প্রভৃতি ১২। মহী-সুত দানপতি এবং সুধাকর ৯।

পশুপতি সুত ত্রিলোচন (৯) বংশ।—ত্রিলোচন সুত কৃষ্ণ, সূৰ্য্য উদয় ও বসন ১০। উদয় সুত তনু, সুরাণ, শুভদ, ঈশ্বর, অমর, জটাধর ও বনমালী ১১। তনু সুত পরম ও বিশ্বনাথ ১২। বিশ্বনাথ পুত্র কংসারি মিশ্র ও ঘোষাল ১৩। ইহাঁদিগকে সৰ্ব্বানন্দ উপাধিতে আহ্বান করিত। ইহাঁরা আড়িয়াদহের ঘোষাল বলিয়া পরিচিত, সৰ্ব্বানন্দী মেলের কুলীন।

কংসারির পুত্র ঘোষঘুষী বা সুঘোষ, রামাচাৰ্য্য ও ভুবনাচাৰ্য্য ২৪।

সুঘোষ পুত্র শ্রীকর মিশ্র, রঘু, শ্রীধর ও রাঘব ১৫। রঘুর পুত্র বল্লভাচার্য্য ১৬। তৎপুত্র ভবানীদাস, শিবরাম ও রাঘব ১৭। লোকে ইহাঁকে নবম রাঘব কহিত। শ্রীধর পুত্র অনন্ত, গোপীকান্ত ও জনার্দ্দন ১৭। গোপীকান্ত সুত বলরাম ও রামকৃষ্ণ ১৮। রামকৃষ্ণ পুত্র বিষ্ণুদেব ১৯। বিষ্ণু সুত কৃষ্ণদেব ২০। তৎপুত্র কন্দর্প, রামদুলাল ও জগন্নাথ ২১। কন্দর্প সুত কৃষ্ণচন্দ্র, রামচন্দ্র ও গোকুলচন্দ্র ২২। ইহাঁরা খিদিরপুরের ভূকৈলাস বাসী। কৃষ্ণচন্দ্র সুত জয়নারায়ণ ২৩। পুত্র কালীশঙ্কর ২৪।

ভূকৈলাসের ঘোষাল-বংশ।

কন্দর্প-প্রমুখ কালীশঙ্করের (২৪) ধারা।

পুত্র কাশীকান্ত, সত্যপ্রসাদ, সত্যকিঙ্কর, সত্যচরণ, সত্যশরণ, সত্যপ্রসন্ন ও সত্যভক্ত ২৫। সত্যপ্রসাদ সুত সত্যজীবন ২৬। সত্যকিঙ্করের কন্যাদ্বয় সাবিত্রী ও সতী ২৬। সত্যচরণের দুই পুত্র, সত্যানন্দ ও সত্যসত্য ২৬। সত্যানন্দ সুত সত্যশ্রী, সত্যনিধি, সত্যসেবক ও সত্যমোহন এবং দুই কন্যা সত্যবাণী ও সত্যজ্ঞানী ২৭। সত্যশ্রীর পুত্রের নাম সত্যশান্তি ২৮। সত্যমোহনের পুত্রের নাম সত্যবিজয় ২৮।

সত্যসত্য ২৬। সুত সত্যশঙ্কর, সত্যবাদী, সত্যভানু, সত্যধ্যান ও সত্যহর্ষ ২৭। সত্যপ্রসন্ন ২৫। সুত সত্যরঞ্জন ও সত্যকৃষ্ণ ২৬।

গোকুল ঘোষাল ২২। ইহাঁর পাঁচ পুত্র ও এক কন্যা। পুত্র বৃন্দাবন, রামনারায়ণ, হরিনারায়ণ, লক্ষ্মীনারায়ণ ও গঙ্গানারায়ণ ২৩। লক্ষ্মীনারায়ণের কন্যার নাম রাধামণি ২৪। চৈতল চন্দ্রশেখরের ধারা তারাকিঙ্কর চট্টো-পাধ্যায়ের সহিত ইহাঁর বিবাহ হয়। রাধামণির ধারায় নবচন্দ্র ২৫। তৎপুত্র

অতুল, প্রতুল, অনুকূল ও সানুকূল চট্টোপাধ্যায় ২৬—(৩য় পরিশিষ্ট ১৪১—১৪২ পৃঃ দ্রষ্টব্য) গোকুলচন্দ্র ঘোষালের অন্য চারি পুত্র ও কন্যা নিরপত্য।

সত্যভক্ত (২৫) নিঃসন্তান। ইহাঁর পত্নীর নাম শ্রীমতী তারাসুন্দরী দেবী। ইনি চন্দননগরে অবস্থানপূর্ব্বক পতি ও শ্বশুরাদির স্বর্গ-কামনায় নিরন্তর যথাসাধ্য সৎকার্য্য দ্বারা বিদ্বন্মণ্ডলীর সম্মান-রক্ষা এবং অতিথি, অনাথ ও নিরন্নদিগের ভরণপোষণ করিয়া থাকেন।

শিমলাল বংশ।

ছান্দড়ের শিমলাল-গোষ্ঠীর একদেশমাত্র। যথা—ছান্দড় (১)। **কবি (শিমলাল)**। (২)। ভয়াপহ (৩)। কিরণ (৪)। গৌতম (৫)। কর্ণবাল, দয়া ও দশরথ (৬)। কর্ণবাল পুত্র গঙ্গাধর, বিকর্ত্তন, রবিকর ও রজনী (৭) গঙ্গাধরপুত্র ভগীরথ, মহীমণ্ডল, চন্দ্রচূড় ও শুক্লাম্বর (৮)। ভগীরথ-সুত রাম, অচ্যুত, ধর, ধীর ও গোবিন্দ (৯)। রাম-সুত রুদাই বা রুদ্র, লবাই ও কুশাই (১০)। লবাই-সুত সাগর হাজরা (১১)। পৃথ্বীধর (১২)। বাণী ও বলাই (১৩)। বলাই সুত জগাই ও সোমনাথ (১৪)। জগাই-সুত মদন, কেশব ও অঙ্গদ (১৫)। মদন-পুত্র গঙ্গারাম, গোবিন্দও কৃষ্ণ (১৬)। গঙ্গারাম-পুত্র রাজারাম, ভবানী, শিব ও দুর্গা (১৭)। রাজারাম-সুত নিধি (১৮)।

(১৪) সোমনাথ পুত্র বাগু হাজরা (১৫)। বাগু পুত্র রামকৃষ্ণ, হরিরাম ও রাজারাম (১৬)। রামকৃষ্ণ পুত্র শ্যাম, পাণ্ডু, কৃষ্ণ ও রাজু (১৭)। শ্যাম-সুত বেণী, ঘনু ও দ্বারকা (১৮)। (সর্ব্বেবিদ্যাবিশারদাঃ)

(১০) রুদ্র-সুত বিষ্ণু, চক্রপাণি, চতুর্ভুজ, শঠাই, লম্বোদর ও অর্জ্জুন (১১)। বিষ্ণু পুত্র শ্রীমান্ (১২)। তৎপুত্র **মধুসূদন** হাজরা * (ইহাঁর

---

* "রাঢ়ে রসবতী ধন্যা যত্রাস্তে মধুসূদনঃ।" মেলমালা।

অধস্তন সন্তানেরা মধুস্থদন হাজরার সন্তান বলিয়া পরিচয় দিয়া থাকেন). কৃষ্ণ ও দমনক (১৩)। মধুস্থদনের পুত্র মকরন্দ, নারায়ণ, ত্রিবিক্রম ও যদুনন্দন (১৪)।

(১৪) মকরন্দ স্থত শ্রীরত্ন, শ্রীকৃষ্ণ ও শ্রীগোবিন্দ (১৫)। শ্রীকৃষ্ণ স্থত শঙ্কর ও গন্ধর্ব্ব (১৬)। শঙ্কর-স্থত কন্দর্প, মদন, রূপ ও শ্যাম (১৭)। সর্ব্বেঽপি ন্যায়ভূষণসংজ্ঞতাঃ।

(১৬) গন্ধর্ব্বস্থত রামজীবন, রামশরণ, হরিরাম, অভিরাম (১৭)। তর্কাদিশাস্ত্রৈরুপশোভিতা এতে।

(১৪) নারায়ণ পুত্র রামগোবিন্দ (১৫)। উদয়, রামদেব ও রামচন্দ্র (১৬) এতে বেদান্তাদিবিদ্যাবিচক্ষণাঃ।

(১৪) ত্রিবিক্রম স্থত স্থমেরু ও শিব (১৫)। শিব স্থত চাঁদ ও কার্ত্তিক (১৬)। চাঁদ স্থত শ্রীনারায়ণ, লক্ষ্মী, ইন্দ্র ও রাজারাম (১৭)। স্মার্ত্তাঃ সর্ব্বেপ্রকীর্ত্তিতাঃ।

(১৫) স্থমেরু স্থত শেখর, কানু ও ভগবান্ (১৬)। ভগবান্-স্থত মাধব (১৭)। শ্রীগর্ভ ও কাশী (১৮)। শ্রীগর্ভ-স্থত রামচন্দ্র (১৯)। রঘুনন্দন, রাজবল্লভ ও বলাই (২০)। রঘুনন্দন স্থত রাজারাম, অনন্তরাম, রামরাম ও রামশরণ (২১)। রাজারাম স্থত রত্নেশ্বর ও রূপরায় (২২)। রত্নেশ্বর স্থত শঙ্কর ও দয়ারাম (২৩)। তান্ত্রিকাঃ পৌরাণিকাশ্চ সর্ব্বে।

এই সময় লালমোহন পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, জজ শম্ভুনাথ পণ্ডিত ও রাজা রাজেন্দ্রলাল মিত্র প্রভৃতির বিশেষ প্রিয়পাত্র হইয়াছিলেন। এই সময়েই তিনি কলিকাতার দেওয়ানজীর বাড়ীতে গৃহশিক্ষক নিযুক্ত হন এবং রাজা রাজেন্দ্রলাল মিত্রের চেষ্টায় তিনি কলিকাতা কোর্ট-অব-ওয়ার্ডসের তত্ত্বাবধানে অবস্থিত রাজকুমারদিগের শিক্ষকতা লাভ করেন। তাঁহাদিগকে বিদ্যাশিক্ষার সঙ্গে বিনয় ও শিষ্টাচার শিক্ষা দিতে হইত।

রাজা রাজেন্দ্রলাল মিত্রের সহিত লালমোহনের পরিচয় হওয়ার পর তিনি "রহস্য সন্দর্ভে" শিশু সাহিত্য-বিষয়ক ইংরাজী পুস্তকের অনুবাদ প্রকাশ করেন। পরে বহু গবেষণা-পূর্ণ প্রবন্ধ লিখিয়া "রহস্য সন্দর্ভের" গৌরব বর্দ্ধন করেন। হাইকোর্টের তদানীন্তন বিচারপতি মহামান্য এল্, এস্ জ্যাকসন সাহেব "রহস্য সন্দর্ভে" তাঁহার লিখিত প্রবন্ধ পাঠ করিয়া তাঁহার সহিত বন্ধুত্ব করেন। তখনকার বিচারপতিরা এদেশীয়দিগের নিকট শাস্ত্রচর্চ্চা করিতে ও হিন্দু আইন সম্বন্ধে মীমাংসা জানিবার জন্য বিশেষ আগ্রহ প্রকাশ করিতেন। মহামান্য এল্, এস্, জ্যাকসনের সহায়তায় তিনি

তদানীন্তন শিক্ষা বিভাগের ডিরেক্টর মহামাণ্য অ্যাটকিন্‌সন ও মিষ্টার উড্রো সাহেবের বাঙ্গালা ও সংস্কৃত ভাষার শিক্ষক নিযুক্ত হইয়াছিলেন।

তিনি সংস্কৃত কলেজে ১৮৫৮ খৃঃ অঃ হইতে ১৮৬৭ খৃঃ অঃ পর্য্যন্ত কাব্য, অলঙ্কার, স্মৃতি ও ন্যায়াদি অধ্যয়ন করেন। এই অধ্যয়ন কালের মধ্যেই ১৭ বৎসর বয়ঃক্রমকালে অর্থাৎ ১৮৬০ খৃঃ অব্দে "পরিদর্শক" নামক পত্রে অলঙ্কার পরিচ্ছেদ প্রকাশ করিলে, বঙ্গ শুভাকাঙ্ক্ষিণী সভা তাঁহাকে ৫০৲ টাকা পারিতোষিক প্রদান করেন। ১৮৬২ খৃঃ অব্দে লালমোহনের "কাব্য-নির্ণয়" নামক বাঙ্গলা অলঙ্কার গ্রন্থ প্রকাশিত হয়। মহাত্মা ই, বি, কাউএল ও মিষ্টার টি, পালিত উক্ত গ্রন্থ প্রকাশের বিশেষ উৎসাহদাতা ছিলেন। "কাব্যনির্ণয়" পুস্তকখানি কলিকাতা বিশ্ববিদ্যালয়ে তদানীন্তন এফ-এ ও বি-এ, ক্লাসের পাঠ্য পুস্তকরূপে নির্দ্দিষ্ট হইয়াছিল এবং অদ্যাপিও বি-এ, ক্লাশে পঠিত হয় ও শিক্ষিত সমাজে বিশেষরূপে আদৃত হইয়াছে। স্বনামধন্য ভূদেব মুখোপাধ্যায়, সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, ই, বি, কাউএল প্রমুখ তদানীন্তন বিশিষ্ট ব্যক্তিগণ এই পুস্তকের বিশেষ সমালোচনা করিয়া ভূয়সী প্রশংসা করিয়া গিয়াছেন।

কলিকাতা সংস্কৃত কলেজে অধ্যয়ন সমাপ্ত হইলে তিনি কলেজ কমিটী কর্ত্তৃক "বিদ্যানিধি" উপাধি প্রাপ্ত হন।

কর্ম্মজীবন, বিবাহ ও অন্যান্য উল্লেখযোগ্য ঘটনা

শিক্ষা-বিভাগের ডিরেক্টর মহামান্য অ্যাটকিনসন, শিক্ষা বিভাগের ইন্‌স্পেক্টর মিষ্টার এইচ উড্রো সাহেব দ্বারা তাঁহাকে কটক স্কুল ও কলেজের সংস্কৃতাধ্যাপকের পদে নিযুক্ত করিবার জন্য যে পত্রখানি লেখেন, তাহা নিম্নে উদ্ধৃত করা গেল :—

My dear Sir,

I am requested by the Director of Public Instruction to inform you that the appointment of Head Pandit of the Cuttack School will soon be filled up. The salary is Rs. 50/-, the holder of it must know English up to the Entrance Standard and be capable of teaching Sanskrit B. A. Standard.

The Cuttack School will some time only read up to the first Arts Standard in Sanskrit. If you are willing to be a candidate for the post you must make your application atonce.

Yours Sincerely,

Sd/- H. Woodrow.

24, Dec. 1867

To Pandit Lalmohan Bhattacharya.

তিনি ১৮৬৮ খৃঃ অব্দের ২৫এ জানুয়ারী কটক স্কুল ও কলেজের সংস্কৃতাধ্যাপকের পদে ৫০৲ টাকা বেতনে নিযুক্ত হন (বর্ত্তমানে গভর্ণমেণ্ট এইরূপ উচ্চপদের মাহিনা বহুগুণ বর্দ্ধিত করিয়াছেন)। এই পদের নিয়োগপত্র পাইয়া তিনি পদব্রজে কটক যাত্রা করেন। অর্থাভাব হেতু তিনি ইন্স্পেক্টর বাহাদুরের নিকট কলিকাতা হইতে কটক যাইবার পাথেয় নির্ব্বাহের জন্য কিছু অর্থ অগ্রিম পাইবার প্রার্থনা জানাইয়াছিলেন; কিন্তু ইনস্পেক্টর বাহাদুর তাঁহার সে প্রার্থনা মঞ্জুর না করিয়া, কলিকাতা হইতে কটক যাইবার পথে যতগুলি গবর্ণমেণ্ট স্কুল পড়ে, তাঁহাকে তৎসমুদয়ের পরীক্ষক নিযুক্ত করেন। লালমোহন প্রথমে হাওড়া জিলা স্কুলের টেষ্ট পরীক্ষার জন্য পরীক্ষক নিযুক্ত হন, উহার পারিশ্রমিক ২০৲ টাকা ধার্য্য হয়। এইরূপে গবর্ণমেণ্ট স্কুল সমূহে পরীক্ষা করিতে করিতে তাঁহার কটক যাইতে একমাস লাগিয়াছিল। কটক পৌঁছিবার কিছু পূর্ব্বে তিনি পাল্কী

পাইয়াছিলেন ; তাহাতেই নির্ব্বিঘ্নে কটকে উপস্থিত হন। কটক স্কুলে তিনি যেরূপ দক্ষতার সহিত শিক্ষকতা করিয়াছিলেন, তাহা নিম্নলিখিত রিপোর্ট হইতে জানিতে পারা যায়।

"The School has also gained in the appointment of Pandit Lalmohan Vidyanidhi to the Head Panditship, though young in years he is a painstaking teacher, erudite Scholar and well behaved."

কটকে অবস্থানকালে তিনি রাজা রাজেন্দ্রলাল মিত্রকে উড়িষ্যার পুরাতত্ত্বানুসন্ধানের সহায়তা করিতেন। কটক হইতে বহু তালপাতায় লিখিত উড়িয়া পুঁথিও সংগ্রহ করিয়াছিলেন। কটক কলেজে অধ্যাপনা কালে ১৮৬৮খৃঃ অব্দে তিনি শান্তিপুর নিবাসী চৈতল বংশের ভক্ত পণ্ডিতের জ্ঞাতি ৺শ্যামাচরণ চট্টোপাধ্যায়ের কনিষ্ঠা কন্যা অন্নদা দেবীর পাণি গ্রহণ করেন। তখন শান্তিপুর খুব সমৃদ্ধিশালী, স্বাস্থ্যকর ও বহু জ্ঞানী পণ্ডিত ও মহাপুরুষের আবাসস্থল ছিল। এই সব নানা কারণে ও মহেশপুরে ম্যালেরিয়ার বিশেষ প্রকোপ হেতু কিছুদিন পরে অর্থাৎ সন ১২৮৭ সালের ফাল্গুন মাসে ইং-১৮৮১ খৃঃ অব্দে লালমোহন শান্তিপুরেই বাড়ী খরিদ করিয়া স্থায়ীভাবে বাস করিতে থাকেন।

শান্তিপুরবাসী মহাত্মা বিজয়কৃষ্ণ গোস্বামী একস্থানে বলিয়াছেন,—

"ঢাকার জন্মাষ্টমী, শ্রীবৃন্দাবনের দোলযাত্রা, অযোধ্যার ঝুলন এবং শান্তিপুরের রাসযাত্রা দেখবার জিনিষ, এর তুলনা আর কোথাও নাই। চক্ষে যারা না দেখেছেন কিছুতেই তাঁদের বুঝান যায় না।"

প্রকৃত পক্ষে শ্রীধাম বৃন্দাবন তুল্য শান্তিপুরে গঙ্গা উপকূলে বাস জন্য লালমোহনকে বিশেষরূপে আকৃষ্ট করিয়াছিল।

ইহার পর তিনি ১৮৬৮ খৃঃ অব্দে দিনাজপুরের পাতিরাম সার্কেলের ডেপুটী ইনস্পেক্টরের পদে ৭৫৲ টাকা বেতনে নিযুক্ত হন। এই সময় দিনাজ-

পুরের রাজপণ্ডিত মহেশচন্দ্র তর্কচূড়ামণির ভ্রাতা গিরিশচন্দ্র চক্রবর্ত্তী B. A., B. L. মহাশয়ের বাসায় সপরিবারে অবস্থান করিতেন এবং গিরিশচন্দ্রের পুত্র শ্রীযুক্ত শ্রীশচন্দ্র চক্রবর্ত্তীকে বাঙ্গলা ও সংস্কৃত ভাষা শিক্ষা দিতেন। এই শ্রীশচন্দ্র কালে বেহার উড়িষ্যা প্রদেশের Superintending Engineer হইয়াছিলেন। এক্ষণে ইনি অবসর গ্রহণ করিয়া পেনসন্ ভোগ করিতেছেন। ব্রাহ্মণ পণ্ডিত ঘরে জন্ম হওয়ায় এবং বাল্যকালে উপযুক্ত ব্রাহ্মণ পণ্ডিতের হস্তে শিক্ষাপ্রাপ্ত হওয়ায় শ্রীশচন্দ্র উত্তরকালে Superintending Engineer এর ন্যায় এতাদৃশ উচ্চ রাজ পদে অধিষ্ঠিত হইয়াও ব্রাহ্মণোচিত আচার, ব্যবহার ও শুদ্ধাচার ভুলিতে পারেন নাই।

সালমোহন একদিকে যেরূপ পণ্ডিতবর্গ, রাজা, মহারাজ ও উচ্চ ইংরাজ কর্ম্মচারিগণের সহিত মিশিতেন, অন্যদিকেও তেমনি সাধারণ লোকের সহিত মিলিয়া যাহাতে শিক্ষোন্নতি ও পাঠশালার ছাত্র-সংখ্যা বৃদ্ধি হয়, তজ্জন্য প্রাণপণ চেষ্টা করিতেন। তিনি যখন যে স্কুল পরিদর্শনে যাইতেন, তখন সেই স্কুলের পরীক্ষা না লইয়া অধিকাংশ স্থলে তাঁহার নূতন পদ্ধতি অনুসারে নিজেই শিক্ষা দিতেন। সেইজন্য দিনাজপুর ও বগুড়া জিলার লোকে আজিও তাঁহার অমায়িকতার কথা ভুলিতে পারেন নাই।

দিনাজপুর রাজপ্রাসাদের সম্মুখস্থিত স্তম্ভটী গঙ্গারামপুরের অরণ্যে স্কুল পরিদর্শনকালে তিনিই প্রথম সন্ধান পাইয়া তথাকার মহারাজকে সংবাদ দেন। ঐ স্তম্ভে একটী শ্লোক দৃষ্ট হয়। নিম্নে শ্লোকটী উদ্ধৃত করা গেল।

"দুর্ব্বারারিবরূথিনী প্রমথনে দানে চ বিদ্যাধরৈঃ
সানন্দং দিবি যস্য মার্গণগুণগ্রামগ্রহো গীয়তে।
কাম্বোজান্বয়জেন গৌড়পতিনা তেনেন্দুমৌলেরয়ং
প্রাসাদো নিরমায়ি কুঞ্জরঘটাবর্ষেণ ভূভূষণঃ॥"

ইহার পর হইতেই তাঁহার প্রত্নতত্ত্বানুসন্ধানের ইচ্ছা বলবতী হয়।

১৮৭২ খৃঃ অব্দে লালমোহন ৭৫৲ টাকা বেতনে রাঁচী জেলার স্কুল সমূহের ডেপুটী ইনস্পেক্টর নিযুক্ত হয়েন। ক্রমে তিনি হাজারীবাগ, পালামৌ, লোহারডগা ও সিংভূম জেলার ডেপুটী ইনস্পেক্টর হন এবং তাঁহার ঐকান্তিক উৎসাহ ও যত্ন দৃষ্টে মিঃ এইচ উড্রো সাহেব তথাকার ওরাও ও মুণ্ডা জাতিদিগের জ্ঞানোন্নতি ও শিক্ষার পথ প্রশস্ত করিয়া দেন।

তাঁহারই যত্ন ও চেষ্টায় ঐ প্রদেশের অসভ্য জাতির স্ত্রীলোকেরা সূচের কার্য্যে বিশেষভাবে অগ্রসর হয়।

এ সম্বন্ধে উড্রো সাহেবের পত্রখানি নিম্নে উদ্ধৃত করা গেল,—

My dear Pandit,

Mr. Atkinson has appointed you to Ranchi one of the healthiest places in Bengal at least in my opinion. I am not certain whether you will stay at Ranchi or at Hazaribag but both are healthy.

I shall welcome your assistance as a Deputy Inspector and I trust that our future relations may strengthen the esteem and regard that I now feel for you.

Yours very sincerely,
Sd/ H. Woodrow

এখানে আসিয়া তিনি হিন্দী ভাষাও বিশেষরূপে শিক্ষা করিয়াছিলেন এবং লোহারডগার স্কুল বুক ও ভার্ণাকুলার সোসাইটীর এজেন্ট নিযুক্ত হইয়াছিলেন। ঐ কার্য্য তিনি বিশেষ দক্ষতা সহকারে সম্পাদন করেন।

তিনি যখন রাঁচী গমন করেন তখন সেখানে রেল-পথ হয় নাই। সেখানে যান বাহনাদি অতি দুষ্প্রাপ্য ও রাস্তাঘাট খুব খারাপ থাকায় যাতায়াতের অসুবিধা ছিল।

স্কুল পরিদর্শনে বাহির হইলে তিনি নিজেই রন্ধন করিয়া খাইতেন। সে সময় ছোটনাগপুরের সর্ব্বত্র মেটে হাঁড়ীও দুষ্প্রাপ্য ছিল। কোলেরা সাল পাতা দ্বারা হাঁড়ীর ন্যায় প্রস্তুত করিয়া তাহার উপর মাটীর প্রলেপ দিয়া অগ্নির উত্তাপে হাঁড়ি তৈয়ারি করিয়া দিলে তাহাতে তিনি মধ্যে মধ্যে রন্ধন করিতেন। মুণ্ডাদিগের নিকট তিনি কাঠে কাঠে ঘর্ষণ দ্বারা অগ্নি প্রজ্জলিত করিতেও শিখিয়াছিলেন। কারণ তৎকালে দেশলাই পাওয়া যাইত না। ওরাওন ও মুণ্ডা ছাত্রেরা তাঁহার রন্ধনের জন্য প্রস্তর নির্ম্মিত কুঠার দ্বারা কাষ্ঠ ছেদন করিয়া দিত। তৎকালে ছোটনাগপুর প্রদেশ ভীষণ জঙ্গলে আবৃত থাকায় ব্যাঘ্রের ভয় বিশেষ ছিল; স্কুল পরিদর্শনের জন্য তাঁহাকে বহু জঙ্গলের মধ্য দিয়া যাতায়াত করিতে হইত এবং মধ্যে মধ্যে ব্যাঘ্র দর্শনে বঞ্চিত হইতেন না। সৌভাগ্যক্রমে গভর্ণমেণ্ট তাঁহাকে ১৮৭৩ খৃঃ অব্দে কৃষ্ণনগর নর্ম্ম্যাল স্কুলের হেড মাষ্টারের পদ খালি হইলে উক্ত পদে নিযুক্ত করেন।

কৃষ্ণনগরে আসিয়া তিনি এখানকার রাজবাড়ীর দেওয়ান কার্ত্তিকেয়চন্দ্র রায় মহাশয়ের সহিত বঙ্গসমাজের উন্নতিকল্পে প্রত্যহ নানা প্রকার আলোচনা করিতেন। এখান হইতে তিনি তদানীন্তন নদীয়া মহারাজের এবং বহু পণ্ডিত ও সামাজিক ব্যক্তির নিকট এবং পৈতৃক নানাবিধ পুরাতন পুঁথি প্রাপ্ত হওয়ায় ও তাঁহাদিগের অশেষ প্রকার সাহায্য ও উৎসাহে ১৮৭৪ খ্রীঃ অব্দে বঙ্গ সমাজের অমূল্য রত্ন "সম্বন্ধ-নির্ণয়" নামক গ্রন্থ প্রথম প্রকাশ করেন।

১৮৭৩ খ্রীঃ অব্দে তিনি বহরমপুর নর্ম্ম্যাল স্কুলের হেড মাষ্টার পদে এবং তদানীন্তন বঙ্গের মহামান্য ছোটলাট বাহাদুর কর্ত্তৃক ১৮৭৬ খৃঃ অব্দে মুর্শিদাবাদ ডিষ্ট্রীক্ট স্কুল কমিটির সেক্রেটারী পদে নিযুক্ত হইয়াছিলেন। বহরমপুর অবস্থানকালে তিনি সাহিত্য-সম্রাট্ মহাত্মা বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

মহাশয়ের সহিত বিশেষভাবে পরিচিত হন। এবং পরে "বঙ্গদর্শনে" ধারাবাহিক ভাবে বহু গবেষণা-পূর্ণ প্রবন্ধ প্রকাশ করেন। বঙ্কিমবাবু বহরমপুর হইতে বারাসত বদলী হইলে বিদ্যানিধি মহাশয়ের অভাব বিশেষরূপ অনুভব করিতেন।

বহরমপুর অবস্থানকালে আর একজন মনস্বীর সহিত তাঁহার পরিচয়ের সুবিধা ঘটে। এই মনস্বীর জ্ঞানবত্তা সম্বন্ধে তৎকালে সুধিজনের কিরূপ ধারণা ছিল তাহা নিম্নলিখিত সংক্ষিপ্ত বিবরণ হইতেই বুঝা যায়:—
ইহঁার নাম Dr. Ram Das Sen.

(Born Dec. 10, 1845, Died Aug. 19, 1887) "An eminent Oriental Scholar, a learned antiquarian and a stunch friend of education."

বহরমপুর কলেজে ডাঃ রামদাস সেনের প্রস্তরমূর্ত্তি আছে, তাহার গাত্রে উক্ত ছত্র কয়টী খোদিত আছে।

ডাঃ রামদাস সেনের সহিত লালমোহনের প্রত্নতত্ত্ব সম্বন্ধে ও নানা শাস্ত্রের আলোচনা হইত এবং এই সম্বন্ধে উভয়েই উভয়ের সহায়ক ছিলেন।

তদানীন্তন মুর্শিদাবাদের ম্যাজিষ্ট্রেট ও স্কুল কমিটীর প্রেসিডেণ্ট মিষ্টার সি, ডবলিউ, বোল্‌টন্‌ সাহেব লালমোহনের অসাধারণ পাণ্ডিত্য, ছাত্রগণের বিদ্যাশিক্ষার জন্য অবিশ্রান্ত পরিশ্রম, কার্য্যতৎপরতা ও নিরপেক্ষ বিচারশক্তি দর্শনে তাঁহার উপর বহু কার্য্যের ভার অর্পণ করিতেন এবং বহু সারবান বিষয়ের আলোচনা করিতেন।

১৮৭৩ খ্রীঃ অব্দ হইতে ১৮৭৬ খৃঃ অব্দ পর্য্যন্ত ক্রমান্বয়ে লালমোহন বহরমপুর নর্ম্ম্যাল স্কুলের হেড্‌মাষ্টার, কাল্‌নার স্পেশাল স্কুল সব-ইনিস্‌পেক্টর ও কৃষ্ণনগর নর্ম্ম্যাল স্কুলের হেডমাষ্টারের কার্য্য করেন। কৃষ্ণনগর ও বহরমপুরের নর্ম্ম্যাল স্কুল উঠিয়া যাওয়ায় তিনি কাল্‌না ও কাটোয়ার স্পেশাল সব-ইনিস্‌-

পেক্টরের পদে ৭৫৲ টাকা বেতনে নিযুক্ত হন। এই কার্য্যে তিনি ১৮৭৬ খৃঃ অব্দ হইতে ১৮৮৮ খৃঃ অব্দ পর্য্যন্ত নিযুক্ত ছিলেন। কালনা মহকুমার সরকারী রিপোর্টে প্রকাশ আছে যে, ঐ অঞ্চলে তিনি গ্রামে গ্রামে পাঠশালার সংখ্যা বৃদ্ধির জন্য বিশেষ চেষ্টায় কৃতকার্য্য হন এবং বহু দরিদ্র ছাত্রদের অর্দ্ধ বেতনে বা বিনা বেতনে পাঠশালায় ভর্ত্তি করাইবার অনুমতি দিতেন। পাঠশালার গুরুমহাশয়দিগের উৎসাহ বর্দ্ধনের জন্য যথেষ্ট পরিমাণে সরকারী সাহায্য মঞ্জুর করাইতেন।

সরকারী রিপোর্ট হইতে আরও জানিতে পারা যায় যে, তিনি স্কুল পরিদর্শনের জন্য বৎসরে প্রায় ৩০০০ তিন হাজার মাইল পথ ভ্রমণ করিতেন। সে সময় বঙ্গদেশের কোন স্কুল পরিদর্শকই তাঁহার ন্যায় ভ্রমণ করিতে সমর্থ হইতেন না। এই ভ্রমণ জনিত ঐ অঞ্চলের সামাজিক ও রাজনৈতিক অবস্থা তাঁহার বিশেষ পরিজ্ঞাত ছিল এজন্য তদানীন্তন বঙ্গের মহামান্য ছোটলাট বাহাদুর সম্ভবতঃ টমসন্ সাহেব কাল্না পরিদর্শনকালে প্রজাদিগের প্রকৃত অবস্থা জানিবার জন্য কেবল মাত্র তাঁহাকে রাজকীয় যানে উঠাইয়া লয়েন।

১৮৮৮ খৃঃ অব্দে তিনি ১০০৲ টাকা বেতনে হুগলী নর্ম্ম্যাল স্কুলের হেড্ পণ্ডিতের পদ গ্রহণ করেন। ১৮৮৮ হইতে ১৯০১ সালের ১৪ই আগষ্ট পর্য্যন্ত হুগলী নর্ম্ম্যাল স্কুলের হেড্ পণ্ডিতের এবং মধ্যে মধ্যে হেডমাষ্টারের কার্য্যে করেন। এখানে তাঁহার মাহিনা ২০০৲ টাকা পর্য্যন্ত হইয়াছিল। এখানে তিনি যতদিন শিক্ষক ছিলেন ততদিনই হুগলী নর্ম্ম্যাল স্কুলের ছাত্রেরা পরীক্ষায় বঙ্গদেশের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ স্থান অধিকার করিত। এখানে হেড পণ্ডিতের পদ গ্রহণ করাতে তাঁহার ডিভিসন্যাল ইন্সপেক্টরের পদ প্রাপ্তির সম্ভাবনা অন্তর্হিত হইলেও তিনি শিক্ষিত সমাজে ও I. C. S. প্রভৃতি উচ্চ ইংরাজ কর্ম্মচারী মহলে বিশেষ খ্যাতি ও প্রতিপত্তি অর্জ্জন করেন। হুগলী

নর্ম্ম্যাল স্কুল হইতে তাঁহার বহু কৌতূহলোদ্দীপক ও গবেষণা-পূর্ণ প্রবন্ধ "এডুকেশন গেজেটে" ও বিবিধ পত্রিকায় প্রকাশিত হইত। এখান হইতে "আর্য্যজাতির আদিম অবস্থা", "সম্বন্ধনির্ণয়ের পরিশিষ্ট" প্রভৃতি গ্রন্থ প্রকাশ করেন। তিনি গবর্ণমেণ্টের শিক্ষা বিভাগে ৩৪ বৎসর অতি দক্ষতার সহিত কার্য্য করিয়া, ১৯০১ সালের ১৪ই আগষ্ট হুগলী নর্ম্ম্যাল স্কুল হইতে অবসর গ্রহণ করেন। সে সময় তাঁহার সম্মানার্থ গবর্ণমেণ্ট কর্ত্তৃক তাঁহার একটী তৈলচিত্র গৃহীত হয়। অদ্যাপি উহা হুগলী নর্ম্ম্যাল স্কুলে রক্ষিত আছে।

"সম্বন্ধনির্ণয়" গ্রন্থখানির জন্য তিনি আজীবন পরিশ্রম করিয়া গিয়াছেন। হুগলী অবস্থানকালে তিনি মহাত্মা ভূদেব মুখোপাধ্যায়, বর্দ্ধমানের কমিশনার রমেশচন্দ্র দত্ত, মিষ্টার পি, মুখার্জ্জি, অবিনাশচন্দ্র চট্টোপাধ্যায়, রামগতি ন্যায়রত্ন এবং অন্যান্য বিশিষ্ট ভদ্রলোকের সহিত শাস্ত্র ও সাহিত্যের আলোচনা করিতেন।

হুগলী থাকিতে তিনি জুরীর কার্য্যও অতি বিচক্ষণতার সহিত সম্পাদন করিতেন। হুগলীর ডেপুটী ম্যাজিষ্ট্রেট্, মুন্সেফ্, সব্-জজ্ ও উকীল মহলে এবং ইংরাজ উচ্চ রাজকর্ম্মচারিগণের নিকট তাঁহার সম্মান যথেষ্ট ছিল; কারণ ঐ সকল ব্যক্তিগণ হিন্দু-ল সম্বন্ধে তাঁহার মতামত সারবানরূপে গ্রহণ করিতেন। গোলাপচন্দ্র শাস্ত্রীও হিন্দু-ল গ্রন্থ প্রকাশ কালে তাঁহার পরামর্শ লইতেন। উভয়ের মধ্যে বিশেষ সৌহার্দ্দ্যও ছিল। ১৮৯০, ১৯০১ ও ১৯১০ খৃঃ অব্দের সেন্‌সসে তিনি Sir H. H. Risley এবং Sir E. A. Gait সাহেব বাহাদুরদ্বয়কে বিশেষভাবে সাহায্য করিয়াছিলেন। ভারতের এই দুইজন Census কমিশনার তাঁহার জাতীয় মীমাংসা পক্ষপাতশূন্য বলিয়া গ্রহণ করিয়াছিলেন।

মহামান্য স্যর এডওয়ার্ড অ্যালবার্ট গেট সাহেব বাহাদুর বেহার ও উড়িষ্যার ছোটলাট হইয়াও তাঁহাকে মধ্যে মধ্যে পত্র লিখিতেন।

পেন্‌সন্‌ লইয়াও তিনি বাড়ীতে নিশ্চিন্তভাবে বসিয়া থাকিতেন না। মাসের মধ্যে প্রায় ২০ দিন বিদেশেই থাকিতেন এবং বঙ্গভাষা ও সাহিত্যের উন্নতির কামনায় অধিকাংশ সময় সভা-সমিতিতে যোগদান করিতেন। রাজসাহীর বরেন্দ্র অনুসন্ধান সমিতি, কলিকাতার সাহিত্য পরিষৎ মন্দির এবং রঙ্গপুরের সাহিত্য পরিষৎ মন্দিরের নব্য ঐতিহাসিকদিগের সংগৃহীত দ্রব্য সকল দেখিবার জন্য মধ্যে মধ্যে তথায় যাতায়াত করিতেন এবং ঐতিহাসিক নূতন উপাদান সকল কোথায় পাওয়া যাইতে পারে তাহারও সন্ধান নব্য ঐতিহাসিকদিগকে বলিয়া দিতেন।

তিনি বৃদ্ধ বয়সেও এত কর্ম্মঠ ছিলেন যে ১০।১২ মাইল পথ হাঁটিয়া আসিয়াও অবিশ্রান্তভাবে কাজ করিতেন। তিনি দেশ ভ্রমণ উপলক্ষে অনেক কুলীন ব্রাহ্মণগণের দীক্ষা-গুরু হইয়াছিলেন। তাঁহার কুটুম্বগণ মধ্যে যাঁহারা বহু বিবাহ করিতেন তাঁহারা তাঁহারই উপদেশে ঐ প্রকার কার্য্য করিতে বিরত হয়েন। এরূপে তিনি বহু বিবাহের স্রোত অনেকটা দমন করিয়াছিলেন।

কার্য্যসূত্রে তাঁহার কলিকাতা প্রায়ই যাইতে হইত এবং এই সূত্রে তিনি কলিকাতা ব্রাহ্মণ সভার, সাহিত্যসভার, বাঙ্গালা ভাষা ও ইতিহাস শাখার সভ্য ও ভারত ধর্ম্মমহামণ্ডলের ধর্ম্মপ্রচারক নিযুক্ত এবং বঙ্গদেশের সংস্কৃত উপাধি পরীক্ষার পরীক্ষক মনোনীত হইয়াছিলেন। তিনি কলিকাতা অবস্থানকালে স্যর সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, এন,এন, ঘোষ, রায় রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী বাহাদুর, মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী, স্যর গুরুদাস বন্দ্যোপাধ্যায়, স্যর আশুতোষ মুখোপাধ্যায়, পণ্ডিত কালীপ্রসন্ন ভট্টাচার্য্য, মহামহোপাধ্যায় সতীশচন্দ্র বিদ্যাভূষণ, রায় রসময় মিত্র বাহাদুর, মৌলবী মহম্মদ ইব্রাহিম, মিষ্টার পি, মুখার্জ্জী, রায় বাহাদুর শ্রীদীনেশচন্দ্র সেন, প্রাচ্যবিদ্যামহার্ণব নগেন্দ্রনাথ বসু, মৌলবী মহম্মদ আলফাজুদ্দীন সাহেব প্রভৃতির সহিত

বাঙ্গালী জাতি, বাঙ্গালা ভাষা ও সাহিত্যকে শক্তিশালী করিবার জন্য বহু বিষয়ের আলোচনা করিতেন। ইহঁাদের মধ্যে রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী, হরপ্রসাদ শাস্ত্রী ও সতীশ বিদ্যাভূষণ বহু মৌলিক গবেষণার জন্য প্রায়ই কলিকাতায় তাঁহাকে আহ্বান করিতেন।

তাঁহার জীবনীতে শিক্ষার বহু প্রকৃষ্ট উদাহরণ জাজ্বল্যমান আছে। তিনি অতিশয় কর্ম্মঠ ছিলেন ও সময়ের সদ্ব্যবহার জানিতেন।

ফলতঃ বাল্যকালেই তাঁহার যেরূপ প্রতিভার বিকাশ হইয়াছিল তাহা সচরাচর জগতের অন্যান্য শ্রেষ্ঠ জ্ঞানী ব্যক্তিগণের মধ্যেও সুদুর্লভ। এই অসামান্য প্রতিভাবলেই তিনি অতি অল্পবয়সেই পণ্ডিতগণ মধ্যে শ্রেষ্ঠ আসন লাভ করিয়া প্রাতঃস্মরণীয় হইয়া আছেন।

তাঁহার কষ্টসহ পরিশ্রম, অনলসভাব, অনাড়ম্বরপ্রিয়তা, সাধুতা, দৃঢ়প্রতিজ্ঞতা, অধ্যবসায়, তীক্ষ্ণবুদ্ধিমত্তা, সরলতা, কার্য্যকুশলতা, স্বধর্ম্মে নিষ্ঠা, সমদর্শিতা ও দরিদ্রের প্রতি দয়া, প্রভৃতি সদ্‌গুণ রাজীর যেরূপ বিকাশ হইয়াছিল, উহা সকলেরই অনুকরণীয়।

তিনি ১৩২৩ সালের ১২ই আশ্বিন রাত্রি ৪॥০ ঘটিকার সময় (ইং ১৯১৬, ২৮শে সেপ্টেম্বর) শান্তিপুরে জাহ্নবী তীরে ইহধাম ত্যাগ করেন।

তাঁহার মৃত্যুতে বঙ্গভাষা পুত্রহীন, নদীয়া ও যশোহরবাসী অনাথ হইয়াছে।

৺পণ্ডিত লালমোহন বিদ্যানিধির পুত্র ও কন্যাগণ

পুত্রগণ :— ১। বিশ্বেশ্বর (মৃত) ২। পাঁচুগোপাল (মৃত) ৩। শ্রীমাণিকচন্দ্র ৪। শরৎ (শৈশবে মৃত) ৫। শ্রীবিজয়কুমার ৬। শ্রীরামচন্দ্র।

কন্যাগণ :— ১। সুরেশ্বরী (মৃতা) ২। শ্রীমতী নলিনী ৩। শ্রীমতী বিনোদিনী ৪। শ্রীমতী কুসুমকুমারী ৫। শ্রীমতী ক্ষেমঙ্করী।

৺বিশ্বেশ্বর :—বিদ্যানিধি মহাশয়ের জ্যেষ্ঠ পুত্র বিশ্বেশ্বর ন্যায়পরায়ণ, অতিথিবৎসল ও ভগবদ্ভক্তিপরায়ণ ব্যক্তি ছিলেন। ইনি অকালে ৪২ বৎসর বয়সে পিতার মৃত্যুর ১ বৎসরের মধ্যে ১৯১৭ সালে স্বর্গারোহণ করেন। ইঁহার ২পুত্র, ২কন্যা ও স্ত্রী বর্ত্তমান।

৺পাঁচুগোপাল :—বিদ্যানিধি মহাশয়ের দ্বিতীয় পুত্র পাঁচুগোপাল পিতার ন্যায় তেজস্বী, কর্ম্মিষ্ঠ ও ন্যায়পরায়ণ ব্যক্তি ছিলেন। ইনি অতিশয় ধর্ম্মভীরু ও বিদ্যোৎসাহী ব্যক্তি ছিলেন। ইনি সংস্কৃত ও অঙ্কশাস্ত্রে বিশেষ বুৎপন্ন ছিলেন। ইনি বঙ্গীয় শিক্ষাবিভাগে Sub-Inspector of Schools এর কার্য্য করিতেন। উক্ত পদে সম্মানের সহিত কার্য্য করিতে করিতে ইনি কাঁথীতে (মেদিনীপুর জেলা) অকালে ১৯২৩ সালের ডিসেম্বর মাসে স্বর্গারোহণ করেন। ইঁহার একমাত্র কন্যা ও স্ত্রী বর্ত্তমান।

শ্রীমাণিকচন্দ্র :—বিদ্যানিধি মহাশয়ের তৃতীয় পুত্র মাণিকচন্দ্র ১৮৮৫ খৃঃ অব্দে শান্তিপুরে জন্মগ্রহণ করেন। ইনি পিতার অনেক গুণেরই অধিকারী হইয়াছেন। ইনি কর্ম্মঠ, কর্ত্তব্যপরায়ণ ও ন্যায়বান ব্যক্তি। ইঁহার ন্যায় সদ্ব্যক্তি সচরাচর দৃষ্ট হয় না। ইনি কাহারও নিন্দা, স্তুতিতে কর্ণপাত না করিয়া নিজ কর্ত্তব্য কর্ম্ম সম্পন্ন করেন। ইনি প্রকৃত পিতৃভক্ত ব্যক্তি।

পিতৃ-স্মৃতি রক্ষা কল্পে ইনি যেরূপ পরিশ্রম ও অকাতরে কষ্টার্জ্জিত অর্থব্যয় করিয়াছেন ও করিতেছেন তাহা সচরাচর দৃষ্ট হয় না। ইঁহারই একান্ত চেষ্টায় ও অর্থব্যয়ে এবং ইঁহার সুযোগ্য জ্যেষ্ঠ পুত্র চারুচন্দ্র ভট্টাচার্য্যের সহায়তায় বিদ্যানিধি মহাশয়ের অমূল্য গ্রন্থরাজীর পুনঃ প্রকাশের সম্ভাবনা হইয়াছে। "কাব্যনির্ণয়" বাঙ্গালা ভাষার সর্ব্বশ্রেষ্ঠ ও সর্ব্বপ্রথম অলঙ্কার গ্রন্থ ইতি পূর্ব্বেই প্রকাশিত হইয়াছে। এক্ষণে ইনি "সম্বন্ধ-নির্ণয়" গ্রন্থখানিকে পরিবর্দ্ধিত ও পরিমার্জ্জিত করিয়া পরিশিষ্টাকারে প্রকাশ করিতেছেন। বংশাবলী ও সামাজিক তথ্যাদি সংগ্রহ ব্যাপারে ইনি অসাধারণ পরিশ্রম ও অর্থব্যয় করিয়াছেন। এই মহৎ কার্য্যের জন্য ইনি দেশবাসীর অশেষ ধন্যবাদের পাত্র।

ইনি নিজেও একজন গ্রন্থকার। ইঁহার প্রণীত স্কুলপাঠ্য পুস্তক সমূহ একসময়ে বঙ্গ, বিহার, উড়িষ্যা ও আসাম প্রদেশের D. P. I. কর্ত্তৃক মনোনীত হইয়া বহু স্কুলে পাঠ্য ছিল। ইনি প্রাথমিক জ্যামিতি, ব্যবহারিক জ্যামিতি, চিত্রাঙ্কণ পদ্ধতি প্রভৃতি ৮।১০ খানি স্কুলপাঠ্য পুস্তক লিখিয়াছেন। এই সমস্ত পুস্তক প্রকাশের যাবতীয় কার্য্যই ইনি সরকারী কার্য্যের গুরুতর পরিশ্রমের পরেও করিতে পারিয়াছেন, ইহা কম শ্লাঘার বিষয় নয়। পিতৃ-স্মৃতি রক্ষায় ও তাঁহার পদাঙ্ক অনুসরণে ইনি কতদূর দৃঢ়-সঙ্কল্প তাহাও ইহা হইতে বুঝা যায়। ইনি এক্ষণে উড়িষ্যা সরকারের P. W. D. তে Overseer রূপে কার্য্য করিতেছেন।

শ্রীবিজয়কুমার :—বিদ্যানিধি মহাশয়ের পঞ্চম পুত্র বিজয়কুমার বি-এ অবধি পড়িয়া হোমিওপ্যাথিতে এম্-বি পাশ করিয়া, বর্ত্তমানে শান্তিপুরে Practice করিতেছেন। ইঁহার সুচিকিৎসায় অনেক দুরারোগ্য রোগী রোগমুক্ত হইয়াছে। ইনি অতি সরল, অনাড়ম্বরপ্রিয় ও উচ্চমনা ব্যক্তি।

ডক্টর রামচন্দ্র ভট্টাচার্য্য

১৮৯৫ খৃঃ অঃ শান্তিপুরে বিদ্যানিধি মহাশয়ের কনিষ্ঠ পুত্র রামচন্দ্রের জন্ম হয়। রামচন্দ্র ১৯১২ সাল পর্য্যন্ত শান্তিপুরে থাকিয়া স্থানীয় বিদ্যালয় (Oriental Academy) হইতে Matriculation পরীক্ষায় উত্তীর্ণ হয়েন। ১৯১৪ সালে কলিকাতা Bangabasi College হইতে I. Sc. পরীক্ষায় উত্তীর্ণ হইয়া Presidency Collegeএ B. Sc. পড়া আরম্ভ করেন। ১৯১৬ সালে Presidency College হইতে Honours লইয়া B. Sc. পাশ করেন। তাহার পর তিনি Calcutta Medical College এ 2nd. Year Class এ ভর্ত্তি হয়েন। এই সময় বিদ্যানিধি মহাশয়ের মৃত্যু হয়। কিছুদিন পরে তিনি Geological Survey of India অফিসে Museum Assistant হইয়া চাকরী আরম্ভ করেন। দাসত্বের মোহ তাঁহাকে আকৃষ্ট করিতে পারে নাই বলিয়াই তিনি পর বৎসরই সরকারী চাকরী ত্যাগ করিয়া য়ুরোপ যাত্রা করেন। রসায়ণ শাস্ত্র অধ্যয়ন ও রাসায়নিক গবেষণা করিবার উদ্দেশ্যেই তিনি Leipzig University তে Technological Chemistry Dept.এ ভর্ত্তি হয়েন। সুদীর্ঘ ৫ বৎসর এই বিশ্ববিখ্যাত Laboratoryতে ফলিত রসায়ণ অধ্যয়ন ও গবেষণা করার পর তিনি ঐ University হইতে Dr. Phil (Ph. D) উপাধি লাভ করেন। ঐ সময়ে Leipzig Universityর ফলিত রসায়ণের ছাত্র হিসাবে Krupp, Coppers, Badische Anilin & Soda Fabrik, Agfa, Zeiss, Rutgers, প্রভৃতি অন্যান্য বিশ্ববিখ্যাত কারখানায় যাইয়া ফলিত রসায়ণের সম্যক Technique শিক্ষা করেন। ১৯২৬ সালে ভারতবর্ষে ফিরিয়া আসিয়াই তিনি Tata Iron & Steel Works এ জামসেদপুরে ৫০০৲ বেতনে চাকরী পান। Tata Company তাঁহার দ্বারা নানারূপ রাসায়নিক গবেষণা করাইবার জন্যই তাঁহার জন্য Chief Research Chemistএর পদ সৃজন করেন।

তাঁহার অধীনে ও তত্ত্বাবধানে Research Department খোলা হয়। এই সময়ে তাঁহার অধীনে ও তত্ত্বাবধানে যে সব সহকারী ছিলেন, তাঁহারই শিক্ষার গুণে তাঁহাদেরই মধ্যে ২।১ জন কৃতী রাসায়নিক নামে পরিচিত হইয়াছেন। Dr. R. K. Dutta Roy, Imperial Chemist Geological Survey of India তাঁহার উল্লিখিত কৃতী সহকারীর মধ্যে একজন। Tata Companyতে চাকরী করার সময় রামচন্দ্র লোহা ও ইস্পাতের কারখানার ইন্ধন কয়লা ও কয়লার Bye-Products সম্বন্ধে নানারূপ গবেষণা করেন। Calcutta University College of Science এর ফলিত রসায়ণ বিভাগে যতগুলি বিষয়ের অধ্যাপনা ও গবেষণা হয়, Low-Temperature Carbonisation of Coals তাহার মধ্যে অন্যতম। ভারতীয় বৈজ্ঞানিকদিগের মধ্যে রামচন্দ্রই প্রথম Low-Temperature Carbonisation of Coals সম্বন্ধে মৌলিক গবেষণা করেন। ফলিত রসায়ণের এই একটি অধ্যায়ই যে দেশের আর্থিক উন্নতির পক্ষে কত প্রয়োজনীয় সে কথা রামচন্দ্র বার বার উচ্চকণ্ঠে ঘোষণা করার পর কলিকাতা বিশ্ববিদ্যালয় এ বিষয়ে মনোযোগ দেন এবং সেই জন্যই কলিকাতা সায়েন্স্ কলেজে আজ ১০ বৎসর যাবৎ ইহার গবেষণা প্রবর্ত্তিত হইয়াছে। একা রামচন্দ্র মৌলিক গবেষণা দ্বারা যে সব তথ্যে উপনীত হইয়াছিলেন, আজ দশ বৎসরের গবেষণা দ্বারাও সায়েন্স্ কলেজের অধ্যাপকেরা কিন্তু তাহা অপেক্ষা নূতন কোন তথ্যেরই সন্ধান দিতে পারেন নাই।

জামসেদপুরের কারখানায় প্রত্যহই ২।৪টি লোক আহত এবং ক্ষত, বিক্ষত হইত এবং তাহার ফলে নানারূপ বীজাণু দ্বারা আক্রান্ত হইয়া, সমস্ত শরীর বিষে জর্জ্জরিত হইয়া মৃত্যুমুখে পতিত হইত। সেখানে চিকিৎসা বিজ্ঞানের অধ্যয়ন অসমাপ্ত থাকার ক্ষোভ রামচন্দ্রের মনকে মাঝে মাঝে বিচলিত করিত। তিনি প্রায়ই মনে করিতেন যে সাধারণকে রোগের

যন্ত্রণা হইতে মুক্তির উপায় নির্দ্দেশ করিবার সম্ভাবনা থাকিলে পুনরায় চিকিৎসা বিজ্ঞান অধ্যয়ন করা তাঁহার পক্ষে সম্ভব কি না ? ৫০০৲ বেতনের চাকরী স্বেচ্ছায় ছাড়িয়া পুনরায় ছাত্রজীবন আরম্ভ করায় যে কত সাহস, কত আত্মনির্ভরতা ও কত স্বার্থত্যাগের প্রয়োজন বিশেষতঃ একজন বিবাহিত ও সংসারী ব্যক্তির পক্ষে তাহা কাহাকেও বুঝাইবার প্রয়োজন নাই।

জামসেদপুরের দৈনন্দিন দুর্ঘটনার ছবি রোগীদিগের দুর্ব্বিষহ যন্ত্রণার স্মৃতি রামচন্দ্রের মনে প্রায়ই "যন্ত্রণার উপশম" ও "রোগের প্রতিকার" এ দুইটি কথার প্রতিধ্বনি করিত। যতই দিন যাইতে লাগিল তাঁহার মন ততই চিকিৎসা বিজ্ঞান অধ্যয়নের জন্য ব্যাকুল হইয়া উঠিল, অবশেষে একদিন হঠাৎ তিনি Tata Companyর চাকুরীতে (Resign) ইস্তফা দিয়া কলিকাতায় চলিয়া আসিলেন। য়ুরোপ যাইয়া চিকিৎসা শাস্ত্র অধ্যয়ন করিবার ইচ্ছা বলবতী থাকিলেও তাঁহাকে উপস্থিত য়ুরোপ যাওয়া স্থগিত রাখিতে হইয়াছিল; কারণ তাঁহার বৃদ্ধা মাতৃদেবী তখন অসুস্থা ছিলেন। মাতৃদেবীকে সুস্থা দেখিয়া পুনরায় য়ুরোপ যাত্রা করিবেন স্থির করিয়া তিনি সামান্য দিনের জন্য কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপনার কার্য্য লইলেন। এই অধ্যাপনার জন্য তাঁহাকে যৎসামান্য পরিশ্রম করিতে হইত বলিয়া তিনি তাঁহার অবসর সময় আয়ুর্ব্বেদ শাস্ত্র অধ্যয়নে নিযুক্ত করেন। নানারূপ আয়ুর্ব্বেদ মন্থন করিয়া তিনি দেখিতে পান যে আর্য্যঋষিরা নানাপ্রকার দুঃশ্চিকিৎস্য রোগ নিরাময়ের জন্য সর্পবিষ ব্যবহার করিতেন। সর্পবিষ সম্বন্ধে আধুনিক বৈজ্ঞানিক গবেষণা বিশেষ ভাবে হয় নাই এবং উহা দ্বারা মানবের উপকার সাধনের সম্ভাবনা আছে জানিয়া তিনি সংস্কৃত শাস্ত্র মন্থন করিয়া সর্পবিষের সমস্ত তথ্যই সংগ্রহ করিলেন। ১ বৎসরের মধ্যে তাঁহার মাতৃদেবীর মৃত্যু হওয়ায় তিনি মাতার আদ্যকৃত্য সম্পন্ন করিয়া য়ুরোপ যাত্রা করিলেন। ১৯৩১ সালে ফ্রান্সের Pasteur Instituteএ তিনি

Bacteriology পড়িতে আরম্ভ করেন। কয়েক মাসের মধ্যেই তিনি French ভাষা শিখিয়া Serology ও Immunology শাস্ত্র আয়ত্ত করিয়া Paris Universityর Diploma পরীক্ষায় সসম্মানে উত্তীর্ণ হন। ইহার পর তিনি Pasteur Institutএ প্রফেসার Besredkaর Laboratoryতে Local Immunityর কতকগুলি জটিল প্রশ্নের সমাধান করেন: কিছুদিন পরে তিনি Pasteur Institut ও Paris Universityর Professor G. Bertrandর Laboratoryতে Bio-chemistryর মৌলিক গবেষণা আরম্ভ করেন। Prof. Bertrand ও Phisalix ১৮৯৩ সালে সর্ব্বপ্রথম সর্পবিষের টিকা আবিষ্কার করেন। রামচন্দ্র Prof. Bertrand ও Mme Phisalix এর নিকট সর্পবিষ সম্বন্ধে অনেক আধুনিক বৈজ্ঞানিক তথ্য সংগ্রহ করিতে পারায়, এ সম্বন্ধে গবেষণার অনেক সুবিধা হয়। এই Pasteur Institut এর Director Prof. Roux ও Prof. Calmette প্রায়ই রামচন্দ্রের গবেষণা ও অধ্যয়ন সম্বন্ধে খোঁজ খবর লইতেন। রামচন্দ্রকে ইহাঁরা বিশেষ স্নেহ করিতেন বলিয়া Calmette এর নিকট হইতেও রামচন্দ্র সর্পবিষ সম্বন্ধে অনেক আধুনিক বৈজ্ঞানিক তথ্যের সন্ধান পাইয়াছিলেন। Calmetteই সর্ব্বপ্রথম Snake bite চিকিৎসার জন্য Anti-Venom Serum তৈয়ারী করেন। ১৯৩৪ সালে রামচন্দ্র Paris University হইতে State Doctorate (Docteur-es-Sciences avec la mention "tres honorable") উপাধি প্রাপ্ত হন। প্যারী বিশ্ববিদ্যালয়ে এরূপ সম্মান সাধারণ ছাত্রের ভাগ্যে ঘটিয়া উঠে না; ৪।৫ বৎসর অন্তর মাত্র একটী ছাত্রকে এই সম্মান দেওয়া হয়। State Doctorate এর জন্য তিনি যে Thesis দেন তাহা Zinc এর Bio-chemistryর উপর। Viva-voce পরীক্ষায় সর্পবিষ তাঁহার Second Subject ছিল বলিয়া তাঁহাকে এ সম্বন্ধে সমস্ত জৈবিক ও রাসায়নিক তথ্য অবগত হইতে হইয়াছিল।

সর্পবিষ সম্বন্ধে রামচন্দ্র সমস্ত তথ্য সংগ্রহ করিতে পারিয়াছিলেন ও ইহার গবেষণায় ব্যস্ত ছিলেন বলিয়া এবং এই সময় সর্পবিষ দ্বারা ক্যানসারের যন্ত্রণার উপশম হয় জানিয়া Paris এর সর্ব্বপ্রধান ক্যানসার চিকিৎসক Dr. Taguet রামচন্দ্রকে তাঁহার সহকর্ম্মী হিসাবে ভারতে যাইয়া, সর্পবিষ হইতে আর কি কি ঔষধ বাহির হইতে পারে, তাহার গবেষণা করিতে অনুরোধ করেন। রামচন্দ্র ১৯৩৪ সালে ভারতে ফিরিয়া এই কার্য্য আরম্ভ করেন। ভারতে প্রত্যাবর্ত্তনের খরচ এবং এই গবেষণার খরচপত্র Dr. Taguet ফরাসীর কোন Research Society হইতে যোগার করিয়া দেন। ১৯৩৫ সালের পর হইতে রামচন্দ্র দমদমে নিজ ব্যয়ে তাঁহার Research Laboratories for Cancer & Venom প্রতিষ্ঠা করেন। এই Laboratory হইতে তিনি ক্যানসার, কুষ্ঠ প্রভৃতি দুরারোগ্য রোগের যন্ত্রণা উপশমের মহৌষধ Cobra-Toxil প্রস্তুত করেন। Vipro-Toxyl, Bee-Toxyl ও Anti-venom Serum প্রভৃতি আরও অনেক প্রকার নূতন নূতন ঔষধ এই Laboratory হইতে বাহির হইতেছে। তাঁহার অসাধারণ অধ্যবসায় গুণে তিনি আজ যে সমস্ত বৈজ্ঞানিক গবেষণা করিতেছেন তাহাতে আকৃষ্ট হইয়া, ভারতীয় Science Congress এর Jubilee Session এ যে সমস্ত য়ুরোপীয় বৈজ্ঞানিক Deligates আসেন, তাঁহারা তাঁহার এই Laboratory পরিদর্শন করিতে গিয়াছিলেন। এই Laboratory ও বসু বিজ্ঞান মন্দির ছাড়া তাঁহারা আর কোনও Private Laboratory, পরিদর্শন করিতে যান নাই। ক্যানসার ও অন্যান্য রোগীগণকে দুর্ব্বিহ যন্ত্রণা হইতে মুক্তি দিবার জন্য সর্প-বিষ লইয়া কি ভাবে গবেষণা করিতে হইবে সে বিষয়ে রামচন্দ্রকে নানারূপ প্রশ্ন করিয়া ইহাঁরা তাঁহার মতামত সংগ্রহ করেন। সর্প-বিষ হইতে জগতের কত উপকার হয় রামচন্দ্র তাহা দেখাইবার পর England, Germany,

France, America, Belgium প্রভৃতি দেশের প্রধান প্রধান Universityতে এ সম্বন্ধে বহু গবেষণা আরম্ভ হইয়াছে। Calcutta Universityও রামচন্দ্রের পদাঙ্ক অনুসরণ করিয়া এ বিষয়ে গবেষণা আরম্ভ করিয়াছেন।

রামচন্দ্র সস্ত্রীক England, France, Spain, Italy, Switzerland, Germany, Austria, Chekoslovakia, Balkan countries, Greece, Turkey ও Egypt, প্রভৃতি দেশ ভ্রমণ করিয়া বহু আশ্চর্য্য প্রত্নতাত্ত্বিক দৃষ্ট বস্তু দর্শন করেন ও এত সুন্দর সুন্দর দৃশ্য দেখেন যে তাহা সাধারণ লোকের জীবনে ঘটিয়া উঠে না। দেশ ভ্রমণ করিয়া য়ুরোপের ঐতিহাসিক, ভৌগলিক ও সামাজিক তথ্যগুলি রামচন্দ্র সম্যক আয়ত্ব করেন। রামচন্দ্র বৈজ্ঞানিক হইলেও তাঁহার মন শুধু বিজ্ঞানেই আবদ্ধ নহে, য়ুরোপীয় সাহিত্যের রসও যে তিনি পূর্ণমাত্রায় উপভোগে সক্ষম তাহা তাঁহার নিজস্ব Library দেখিলেই বোঝা যায়। য়ুরোপীয় দর্শন শাস্ত্র, ইতিহাস, শিল্পকলা ও বিভিন্ন দেশের আচার ব্যবহার সম্বন্ধেও তাঁহার যেরূপ জ্ঞান আছে তাহা সাধারণ বিলাত-ফেরতদের মধ্যে দেখা যায় না। সাধারণ বিলাত-ফেরত ভারতবাসীরা শুধু নিজের অধীত বিষয় ছাড়া আর কিছু সম্বন্ধে বিশেষ খবর রাখেন বলিয়া মনে হয় না, রামচন্দ্রের কিন্তু সর্ব্ব বিষয়েই সম্যক জ্ঞান আছে।

রামচন্দ্র চেকোস্লোভাকিয়ার Dr. H. E. V. Carliczek, Ph.Dর একমাত্র কন্যা শ্রীমতী R. E. সাবিত্রী দেবীকে বিবাহ করেন। Dr. H. Carliczek একজন রাসায়নিক ছিলেন। তাঁহার পিতা Otomar Carliczek একজন জমিদার ছিলেন। তিনি অতিশয় ভ্রমণপ্রিয় ছিলেন; জীবনের অধিকাংশ সময়ই তিনি Asia, Europe ও America ভ্রমণে কাটাইয়া প্রচুর আনন্দ লাভ করিতেন। পরোপকারী ও দাতা বলিয়া তাঁহার যথেষ্ট খ্যাতি ছিল। সাধারণের উপকারার্থে তিনি বহু অর্থ ও ভূ দান

করিয়াছিলেন। তাঁহার পিতা Dr. Carliczek ও তাঁহার বন্ধু Count de Reden পোল্যাণ্ডের লোহার কারখানা Krolewska Huta স্থাপন করেন। সাবিত্রী দেবী ইংরাজী, বাংলা, ফরাসী ও জার্ম্মাণ প্রভৃতি ভাষা জানেন। ইনি ফরাসী ভাষায় পুস্তক লিখিয়াছেন এবং ইনি একজন চিত্রশিল্পী। ইঁহার অঙ্কিত চিত্র Parisএ অনেকবার expose করা হইয়াছে। ফরাসী ও ইংরাজী সংবাদপত্রে ও মাসিকপত্রে, ফরাসী ও ইংলণ্ডের Art-criticsরা ইঁহার ছবির ভূয়সী প্রশংসা করিয়াছেন। ইনি বড় ছবির জন্য বেশীর ভাগ Ancient Indian Cave Style ব্যবহার করেন এবং Miniature এর জন্য Kangra Style ও 16th. century Persian Style ব্যবহার করেন।

স্বামীর প্রতি অকৃত্রিম ভালবাসা, গুরুজনদিগকে শ্রদ্ধা, দরিদ্রের প্রতি দয়া প্রভৃতি সদ্গুণের বিকাশ ইঁহার মধ্যে বিলক্ষণ পরিদৃষ্ট হয়।

রামচন্দ্র পিতার সমস্ত গুণেরই অধিকারী হইয়াছেন। ইনি পিতার ন্যায় কর্ম্মঠ, তেজস্বী ও কর্ত্তব্যপরায়ণ ব্যক্তি।

রামচন্দ্র যে বংশে জন্মিয়াছেন সে বংশের প্রত্যেক পুরুষেই অন্ততঃ একজন করিয়া অসাধারণ বিদ্বানের জন্ম হইয়াছে। বহু পূর্ব্বের কথা ছাড়িয়া দিয়া মহারাজাধিরাজ কৃষ্ণচন্দ্রের সময় হইতে ধরিলেও আমরা দেখিতে পাই যে, এই বংশের রামরাম তর্কপঞ্চানন, তৎপুত্র রামলোচন তর্কসিদ্ধান্ত, তৎপুত্র কৃষ্ণানন্দ বিদ্যাবাচস্পতি সরস্বতী, তদীয় ভ্রাতুষ্পুত্র লালমোহন বিদ্যানিধি ও তৎপুত্র ডাক্তার রামচন্দ্র স্বনামখ্যাত যশস্বী বিদ্বান।

৺পণ্ডিত লালমোহন বিদ্যানিধির

বংশলতা

(আদি বাসস্থান নদীয়া জেলার অন্তর্গত মহেশপুর গ্রাম)

বাৎস গোত্র শিমলাল শুদ্ধ শ্রোত্রিয় বংশ।

ছান্দড় ১
|
কবি শিমলাল ২ (ছান্দড়ের পুত্রের নাম কবি, তাঁহার গ্রামের নাম বা গাঁই শিমলাল)
|
ভয়াপহ ৩
|
কিরণ ৪
|
গৌতম ৫
|
কর্ণবাল ৬
|
গঙ্গাধর ৭
|
ভগীরথ ৮
|
রাম ৯
|
রুদ্র ১০
|
বিষ্ণু ১১
|
শ্রীমান্ ১২
|
মধুসূদন ১৩

ইঁহার অধস্তন সন্তানেরা মধুসূদন হাজরার সন্তান বলিয়া পরিচয় দিয়া থাকেন। তৎকালে ইনি রাঢ় দেশের মধ্যে বিশেষ ধনবান ও মান্য ছিলেন।

যথা—রাঢ়ে রসবতী ধন্যা যত্রাস্তে মধুসূদনঃ। মেলমালা

মধুসূদন ১৩
|
যদুনন্দন ১৪
|
সুবুদ্ধি ১৫
|
উমাপতি ১৬
|
গঙ্গাদাস ১৭
|
অভয় ১৮
|
রামগোপাল ১৯
|
রমাবল্লভ বিদ্যাবাগীশ ২০ (ইনি প্রথমে মহেশপুর গ্রামে আবাস গ্রহণ করেন; তদবধি নবদ্বীপাধিপতির গুরুর অধ্যাপক হন)
|
মধুসূদন বিদ্যালঙ্কার ২১
|
রামরাম তর্কপঞ্চানন ২২
|
রামলোচন তর্কসিদ্ধান্ত — পদ্ম ২৩
|
মদন ২৪
|
পঞ্চানন সাহিত্যাচার্য্য ২৫ (ইনি সংস্কৃত কলেজের জ্যোতিষাধ্যাপক ছিলেন)

২৩ রামলোচন তর্কসিদ্ধান্ত
২৪ কৃষ্ণানন্দ বিদ্যাবাচস্পতি সরস্বতী (ইনি কৃষ্ণনগরের রাজ-সভাসদ ও অদ্বিতীয় পণ্ডিত ছিলেন)
পরমানন্দ বিদ্যারত্ন (কথক)
রমেশ
শ্রীপতি (নিঃ সঃ)
২৫ শীতল
২৫ পূর্ণচন্দ্র
লালমোহন বিদ্যানিধি
২৬ শশী (নিঃ সঃ)
কালীকৃষ্ণ এম্ এ, বিএল
২৫ কাশীপতি
উমাপতি
সীতাপতি শিরোমণি
২৬ ভূধর
তারক
পণ্ডিত লালমোহন বিদ্যানিধি ২৫
২৬ বিশ্বেশ্বর
সুরেশ্বরী দেবী
নলিনী দেবী
পাঁচুগোপাল
বিনোদিনী দেবী
মাণিকচন্দ্র
শরৎ
বিজয়
ক্ষেমঙ্করী দেবী
রামচন্দ্র
জ্যোতিদেবী
২৭ ইন্দুমতী দেবী
ভূদেব
কিরণ্ময়ী দেবী
বিমল
যমুনা দেবী
২৭ চারুচন্দ্র
সুধাময়
২৭ শম্ভুনাথ
কণকবালা
প্রতিমা
খুকী
২৮ মুকুন্দ
নিভা
খোকা
২৮ মৃগাঙ্ক
শোভা
২৮ অমরনাথ
গৌরীদেবী

৺পণ্ডিত লালমোহন বিদ্যানিধি প্রণীত

পুস্তকাবলী ও প্রবন্ধরাজীর তালিকা

সাধারণের পাঠ্য।

১। সম্বন্ধ-নির্ণয় ঃ—(জাতীয় ইতিহাস) ও তাহার পরিশিষ্ট তৃতীয় খণ্ড।

২। কাব্যনির্ণয় ঃ—বাঙ্গালা ভাষার সর্ব্বপ্রথম ও সর্ব্বশ্রেষ্ঠ অলঙ্কার গ্রন্থ।

৩। ভারতীয় আর্য্যজাতির আদিম অবস্থা।

স্কুলপাঠ্য পুস্তক সমূহ।

৪। চারুপ্রবন্ধ (ঢাকা হইতে প্রকাশিত) ৫। পত্র প্রবন্ধ।

৬। শিক্ষাসোপান। ৭। মেঘদূতের টীকা সংস্কৃত

৮। মেঘদূতের টীকা ইংরাজি অনুবাদ উইলসন কৃত

৯। কবিকল্পদ্রুম ধাতুপাঠ

অপ্রকাশিত পুস্তক

১০। মুগ্ধবোধ দিধিতি ১১। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জীবনী

প্রবন্ধরাজী

পত্রিকার নাম কোন বিষয়ক প্রবন্ধ

১। পরিদর্শক পত্রে—বাঙ্গালা অলঙ্কার সম্বন্ধে

২। রহস্য সন্দর্ভে—শিশু সাহিত্য বিষয়ক ইংরাজি পুস্তকের অনুবাদ ও বিবিধ প্রবন্ধ।

৩। বঙ্গদর্শনে (বঙ্কিম বাবুর)—জাতিতত্ব, ধর্ম্মতত্ব ও বিবিধ-বিষয়ক।

৪। আর্য্যদর্শনে—বিবিধ-বিষয়ক।

৫। বান্ধবে (ঢাকা হইতে কালীপ্রসন্ন ঘোষ বিদ্যাসাগর দ্বারা প্রকাশিত)—জাতিতত্ত্ব ও বিবিধ-বিষয়ক।

৬। নবপ্রভায় (দেওয়ান জ্ঞানেন্দ্রলাল রায়ের)—বিবিধ প্রবন্ধ।

৭। সাহিত্য-সংহিতায়—বাঙ্গালা ভাষার উৎপত্তি সম্বন্ধীয় ও বিবিধ বিষয়ক প্রবন্ধ।

৮। বঙ্গদর্শনে (মজুমদার লাইব্রেরীর)—গণিত সম্বন্ধীয়।

৯। প্রজাপতি—জাতিতত্ত্ব ও বিবিধ বিষয়ক।

১০। এডুকেশন গেজেটে—জাতিতত্ত্ব ও বিবিধ বিষয়ক।

১১। বসুমতীতে—শুদ্ধাচার সম্বন্ধীয়।

১২। প্রতিভায় (ঢাকা হইতে প্রকাশিত)—তত্ত্বচিন্তন (দর্শন সম্বন্ধে)।

বর্দ্ধমান জেলার গলাতূণের চক্রবর্ত্তী বংশ।

মধুসূদন প্রমুখ অভিরামের ধারা (৩১ পৃঃ)

বাৎস্য গোত্র শিমলাল সিদ্ধ শ্রোত্রিয় বংশ

অভিরাম (১৭) সুত রাজীবলোচন তর্কপঞ্চানন ১৮। সুত ভৃগুরাম তর্কবাগীশ ১৯। সুত দয়ারাম ন্যায়রত্ন ও শ্রীরাম ২০। দয়ারাম সুত বৈদ্যনাথ, ভোলানাথ, কাশীনাথ ও রঘুনাথ ২১। ভোলানাথ সুত নন্দলাল ও হারাধন ২২। কাশীনাথ সুত বিশ্বেশ্বর ২২।

হারাধন সন্তান উমেশ, যদুনাথ, কালীকিঙ্কর দাক্ষায়ণী, আশুতোষ, ব্যোমকেশ ও শরচ্চন্দ্র ২৩। উমেশ সুত পিনাকনাথ, মথুরানাথ, মৃত্যুঞ্জয় বিদ্যাকৌমুদী জ্যোতির্ভূষণ ও শ্যামাপদ (বাল্যে মৃত) ২৪। মথুরানাথ সুত বলরাম, শৈলেন ও শঙ্করীমোহন ২৫। মৃত্যুঞ্জয় সুত জগন্নাথদেব ২৫। জগন্নাথ সুত মনোজমোহন, মধুসূদন ও শান্তিদেব।

আশুতোষ সুত দুর্গাশঙ্কর, বি-এ, ত্রিপুরানন, রাধাজীবন, সতীশঙ্কর (আই-এ) ও গিরিজাশঙ্কর (এ-এম্-এম্, সাঁইথিয়া) ২৪।

দুর্গাশঙ্কর সুত চণ্ডীদাস, ব্রজবাসী ও শিবদাস এবং ৪ কন্যা ২৫।

ত্রিপুরাননের ২ পুত্র ও ২ কন্যা। ১ম পুত্র তারানাথ ও ২য় পুত্র কৃষ্ণনাথ ২৫। রাধাজীবনের ২ পুত্র ও ২য় কন্যা (সকলেই অবিবাহিত)। ১ম পুত্রের নাম কনককৃষ্ণ ও ২য় পুত্রের নাম ক্ষেত্রনাথ ২৫।

সতীশঙ্করের ২ পুত্র ও ১ম কন্যা—পুত্র আনন্দ ও কন্যা আশাপূর্ণ তৎপর যমজ পুত্র অমৃতনাথ ২৫।

গিরিজাশঙ্কর পুত্র ক্ষীরোদ ও সুবোধ ২৫।

শ্রীরাম সুত অভয়রাম ২১। তৎকন্যা শিবদাসী (স্বামী জয়চাঁদ মুখো খড়দা মেলের যোগেশ্বর পণ্ডিতের সন্তান) ২২।

[দৌহিত্র বংশ। জয়চাঁদ সুত গিরীশ (সন্ধ্যানন্দী পোষ্য) ২৩। তৎসুত কালীপদ ২৪। তৎসুত রামরাম (দত্তক) ২৫।

হারাধন চক্রবর্ত্তীর কন্যা দাক্ষায়নীর স্বামী অমৃতলাল মুখো খড়দহ মেলের যোগেশ্বর পণ্ডিতের সন্তান মুড়াগাছা, নদীয়া ২৩। সুত বিমলাচরণ ২৪। তৎসুত নীলাদ্রী (পোষ্ট মাষ্টার আলিপুর, বোম্বের (A. P. M. G.), সত্যেন্দ্র বি-এল, গোপেন্দ্র (অরুন্ধদার স্বদেশী) ও নৃপেন্দ্র ডাক্তার ২৫।

নীলাদ্রী সুত পাঁচু, বি-এ, ও সাধন ২৬।

সত্যেন্দ্র সুত নিত্য বি-এ ২৬।]

ভৃগুরাম (১৯ পর্য্যায়) ঃ—এইরূপ শুনা যায় যে তাঁহার প্রথম বয়সে পুত্র না হওয়ায় তিনি ভাগিনেয়দিগকে সম্পত্তি দিয়া, রসুই (রসবতী) হইতে খড়েশ্বরী নদীতীরে গলাভূণ গ্রামে আসিয়া বাস করেন। পরে দুই পুত্র হয়। তখন হইতেই অবস্থা হীন হয়। পরে ভৃগুরামের পৌত্র ভোলানাথ কিছু সম্পত্তি করেন। তৎপুত্র হারাধন তীর্থভ্রমণ, পূজা প্রভৃতিতেই সময় কাটাইতেন। কাইগ্রাম নিবাসী জমিদার বসু বংশীয়েরা তাঁহাকে খুবই ভক্তি করিতেন এবং কিছু সম্পত্তি দান করেন। বর্ত্তমান আধুনিক উগ্রক্ষত্রিয় জমিদারদিগের নিকট পূর্ব্বতন জমিদারদিগের ন্যায় ইহারা সদয় ব্যবহার প্রত্যাশা করেন।

হারাধন (২২শ পর্য্যায়) ঃ—ইহার মাতা শ্রীমতী রাইগ্রামীর কন্যা। পিতামহী কাত্যায়নী এবং পত্নী মৃন্ময়ী মামুদপুরের মজুমদার বংশের কন্যা। ইনি ৩ বার গয়া, কাশী, বৃন্দাবন, মথুরা, শ্রীক্ষেত্র প্রভৃতি ভ্রমণ করেন। ৫০ বৎসরের পর ইষ্ট চিন্তায় রত থাকিয়া ৭৬ বৎসর বয়সে পরলোক গমন করেন। ইহার অবস্থা তাদৃশ সচ্ছল না থাকিলেও দোল, দুর্গোৎসব ও কালীপূজা প্রভৃতি করিতেন। ইনি মিষ্টভাষী ও অতিথিসেবক ছিলেন।

বৈবাহিক সম্বন্ধ

২৩। উমেশচন্দ্র পালধি কন্যা ভবসুন্দরীকে বিবাহ করেন।

২৪। পিনাকনাথ বংশজ বন্দ্যঘটীতে বিবাহ করেন। মথুরানাথ শুদ্ধ শ্রোত্রিয়ে এবং মৃত্যুঞ্জয় কাচনার মুখুটী দ্যাকরের সন্তান রামবিষ্ণুর কন্যা নীলরু-বরণীকে বিবাহ করেন।

হারাধনের দ্বিতীয় পুত্র যদুনাথ ক্ষীরগ্রামে কাশ্যপ পালধি কন্যা বিবাহ করেন। তৃতীয় পুত্র কালীকিঙ্করের কাশ্যপ পলশাই কুলচণ্ডায় বিবাহ। তাহার এক কন্যা হিঙ্গুলেশ্বরী স্বামী সিঙ্গীনিবাসী সাতকড়ি মুখো। হিঙ্গুলেশ্বরীর দুই পুত্র মুরারি ও সাগর।

হারাধনের ৪র্থ পুত্র আশুতোষ বংশজ বন্দ্যঘটীতে বিবাহ করেন। তাহার ৫ পুত্র ও এক কন্যা মৃড়ানী স্বামী বিল্বগ্রামের সর্ব্বানন্দী মেলের যামিনীমোহন চট্টোপাধ্যায়।

ব্যোমকেশ আদি বংশজ শীলা নিবাসী বন্দ্যো বংশের কন্যা বিবাহ করেন, নিঃসন্তান। শরচ্চন্দ্র কাষ্ঠকুরুম্বার ভরদ্বাজ গৌরী মুখোর কন্যার সহিত বিবাহ হয়। তাহার ২ পুত্র ও ১ কন্যা। ১মা কন্যার সর্ব্বানন্দীতে বিবাহ। দ্বিতীয়া কন্যার মামুদপুরের চৈতল চাটুজ্যে বংশে (খড়দহ মেলে) বিবাহ হয়।

২৪। মথুরানাথের দুই কন্যা। ১ কন্যার গোপীপুরের রাজবল্লভের সন্তান ভুবনমোহন মুখোর পুত্র ক্ষিতীশ মুখোর সহিত বিবাহ হয়। তাহার এক পুত্র ও এক কন্যা। মথুরার বিবাহ রামেশ্বর চক্রবর্ত্তীর সন্তান ফুলিয়ার পূর্ণচন্দ্র বাঁড়ুয্যের পুত্র বামাচরণের সহিত হয়।

মৃত্যুঞ্জয়ের প্রথমা কন্যার বিবাহ রামেশ্বর চক্রবর্ত্তীর সন্তান (ফুলিয়া) পূর্ণচন্দ্র বন্দ্যোর দ্বিতীয় পুত্র তারিণীচরণের সহিত এবং দ্বিতীয়া কন্যা চিত্তরূপার বিবাহ ফুলে রামের সন্তান দিবাপতি মুখোর সহিত হয়।

গলাতুণ নিবাসী শ্রীমৃত্যুঞ্জয় শর্ম্মা চক্রবর্ত্তী প্রদত্ত। ৯।৯।৩৯

১১৩-১৪৫ পৃষ্ঠার অবশিষ্টাংশ।

বাৎস্য গোত্র ঘোষাল বংশ

জয়দিয়া নিবাসী শ্রীরাজমোহন মুখোপাধ্যায় প্রদত্ত পুঁথি হইতে

(খ) পশুপতির ধারা কংসারি মিশ্রজ। ১২২ পৃঃ

২১। শ্রীধর সুত কৃষ্ণানন্দ ২২।

২২। কৃষ্ণানন্দ সুত জ্ঞানানন্দ ও পরমানন্দ ২৩।

২৩। পরমানন্দ সুত কাশীশ্বর ও গোপীকান্ত ২৪।

২৪। গোপীকান্ত সুত রামকৃষ্ণ পাঠক ২৫।

২৫। রামকৃষ্ণ সুত রাজেন্দ্র পাঠক ২৬।

২৬। রাজেন্দ্র পাঠক সুত বিষ্ণুদেব ও মহাদেব ২৭।

২৭। বিষ্ণুদেব পাঠক সুত দুলাল পাঠক ও **কন্দর্প ঘোষাল** ২৮।

২৮। **কন্দর্প** ঘোষাল সুত কৃষ্ণচন্দ্র, (সাং ভূকৈলাস, খিদিরপুর, কলিকাতা), গোকুলচন্দ্র (পটলডাঙ্গার বংশ) ও রামচন্দ্র (০) ২৯।

২৯। কৃষ্ণচন্দ্র ঘোষাল সুত মহারাজ জয়নারায়ণ ঘোষাল বাহাদুর ৩০।

৩০। জয়নারায়ণ সুত রাজা কালীশঙ্কর ঘোষাল বাহাদুর ৩১।

৩১। কালীশঙ্কর সুত কুমার কাশীকান্ত, কুমার সত্যপ্রসাদ, কুমার সত্যকিঙ্কর, রাজা সত্যচরণ ঘোষাল বাহাদুর, রাজা সত্যশরণ ঘোষাল বাহাদুর, কুমার সত্যপ্রসন্ন ও কুমার সত্যভক্ত (০) ৩২।

৩২। কুমার কাশীকান্ত সুত সত্যদয়াল ও সত্যবল্লভ ৩৩।

৩২। কুমার সত্যপ্রসাদ সুত সত্যজীবন (০) ৩৩।

৩২। কুমার সত্যকিঙ্কর কন্যা সবিত্রীদেবী ও শচীদেবী ৩৩।

৩২। রাজা সত্যচরণ সুত রাজা সত্যানন্দ ও কুমার সত্যসত্য ৩৩।

৩৩। রাজা সত্যানন্দ সুত সত্যশ্রী, সত্যনিধি (০), সত্যসেবক ও সত্য মোহন ৩৪।

৩৪। সত্যশ্রী সুত সত্যশান্তি ও সত্যজ্যোতি ৩৫।

৩৪। কুমার সত্যসেবক সুত সত্যতপন ৩৫।

৩৪। কুমার সত্যমোহন সুত সত্যবিজয় ৩৫।

৩৪। কুমার সত্যসত্য সুত সত্যশঙ্কর, সত্যবাদী (০), সত্যভানু, সত্যধ্যান ও সত্যচর্ম ৩৫।

৩৪। কুমার সত্যশঙ্কর সুত সত্যকাম, সত্যনিধি, সত্যদ্বিজ, সত্যপ্রিয় ও সত্যরাম ৩৫।

৩২। কুমার সত্যপ্রসন্ন সুত সত্যরঞ্জন ও সত্যকৃষ্ণ ৩৩।

৩৩। সত্যরঞ্জন কন্যা বসুমতী দেবী ৩৪।

৩৩। সত্যকৃষ্ণ সুত সত্যভূষণ, সত্যেশ্বর, সত্যাঙ্গ, সত্যজিৎ, ও সত্যকান্তি ৩৪।

৩৪। সত্যভূষণ সুত সত্যেন্দ্র ৩৫।

৩৪। সত্যাঙ্গ সুত সত্যপ্রিয় ৩৫।

৩৫। সত্যপ্রিয় সুত সত্যসত্য ৩৬।

৩৪। সত্যজিৎ সুত সত্যসুধীর ৩৫।

কন্দর্পজ—

২৯। গোকুলচন্দ্র ঘোষাল সুত লক্ষ্মীনারায়ণ, গঙ্গানারায়ণ, রামনারায়ণ, হরিনারায়ণ ৩০। সাং ভূকৈলাস, খিদিরপুর কলিকাতা।

৩০। লক্ষ্মীনারায়ণ কন্যা রাধামণি দেবী ৩১।

৩০। গঙ্গানারায়ণ, রামনারায়ণ ও হরিনারায়ণের বংশ অপ্রাপ্ত বা বংশাভাব

ঘোষাল পশুপতির ধারা তেঁইজ (১২২পৃঃ)

১৭। কৃষ্ণ মিশ্র সুত শূলপাণি মিশ্র, নরসিংহ, বৈকুণ্ঠ, মাধব, চাঁদ ও শঙ্কর ১৮।

১৮। শূলপাণি সুত বিদ্যাধর, হরিদাস, ভবানীদাস, চতুর্ভুজ, ধনঞ্জয়, কনকেশ্বর ও লম্বোদর ১৯।

১৯। বিদ্যাধর সুত ভবানীদাস, বিষ্ণুদাস, কৃষ্ণদাস, বাসুদেব, ও গৌরীনাথ ২০।

২০। ভবানীদাস সুত বাসুদেব ভট্টাচার্য্য, গোপীনাথ বিদ্যালঙ্কার, হরিনাথ তর্কালঙ্কার ও পার্ব্বতী সিদ্ধান্ত ২১।

২১। বাসুদেব সুত অভিরাম চক্রবর্ত্তী, মুণিরাম চক্রবর্ত্তী ও জনার্দ্দন চক্রবর্ত্তী ২২। সাং বোর।

২১। গোপীনাথ সুত বুদ্ধিরাম ও কৃষ্ণকিঙ্কর ২২। সাং চোয়বন্দী—রাঢ়দেশ

২১। হরিনাথ সুত কংসারী, ত্রৈলোক্য, গোপীনাথ, ভগীরথ ও জগন্নাথ ২২।

২১। পার্ব্বতী নাথ সুত রামচন্দ্র ২২।

২২। রামচন্দ্র সুত দুর্গারাম ২৩।

২৩। দুর্গারাম সুত রামরাম, অযোধ্যারাম ও বিষ্ণুরাম ২৪।

২৪। রামরাম সুত রামদুলাল ২৫।

২৫। রামদুলাল সুত জগমোহন ও গৌরমোহন ২৬।

২৪। অযোধ্যা সুত গোপীনাথ ২৫।

২৫। গোপীনাথ সুত রাজনারায়ণ ও শ্রীনারায়ণ ২৬।

২৪। বিষ্ণুরাম সুত জয়নারায়ণ ২৫।

১৯। হরিদাস সুত কৃষ্ণদাস ২০।

১৯। ভবানীদাস সুত শ্রীকণ্ঠ ও সৃষ্টীধর ২০।

২০। শ্রীকণ্ঠ সুত চণ্ডীদাস, হরিমিশ্র, কৃষ্ণমিশ্র ও দাশাই ২১।

২১। চণ্ডী সুত জয়রাম ২২।

২১। হরিমিশ্র সুত জগদীশ ও রতিনাথ ২২।

২২। জগদীশ সুত রামানন্দ, রামকৃষ্ণ ও রামনাথ ২৩।

১৯। চতুর্ভুজ সুত শ্রীকান্ত মিশ্র ২০।

১৯। কনকেশ্বর সুত নয়ন ২০।

১৯। লম্বোদর সুত ভবদেব ২০। সাং আজুগড়, খুলনা জেলা।

২০। ভবদেব সুত আচার্য্যশেখর ২১।

২১। আচার্য্যশেখর সুত হৃদয়ানন্দ বাচস্পতি ২২।

২২। হৃদয়ানন্দ সুত ভবানন্দ ও বিদ্যাভূষণ ২৩।

২৩। ভবানন্দ সুত রাজীব চক্রবর্ত্তী, নারায়ণ চক্রবর্ত্তী, রঘুনাথ চক্রবর্ত্তী, মধুসূদন চক্রবর্ত্তী ২৪। সাং আজুগড়, খুলনা।

২৪। রাজীব সুত মহাদেব ২৫।

২৪। নারায়ণ সুত বিশ্বনাথ বিদ্যাবাগীশ ২৫।

২৫। বিশ্বনাথ সুত রামকৃষ্ণ ও নন্দরাম ২৬।

২৬। রামকৃষ্ণ সুত রামসন্তোষ, শ্যামসুন্দর ও আনন্দীরাম সার্ব্বভৌম ২৭।

২৭। রামসন্তোষ সুত রামদুলাল ও রামরুদ্র ২৮।

২৮। রামদুলাল সুত রতন ও মহেশ ২৯।

২৯। রতন সুত নিবারণ ৩০।

২৮। রামচন্দ্র সুত বাঞ্ছারাম ২৯। সুত পার্ব্বতী ও হরশীত ৩০।

২৭। শ্যামসুন্দর সুত রঘুনাথ সিদ্ধান্ত ২৮।

২৮। রঘুনাথ সুত রামতনু ও উগ্রকণ্ঠ ২৯।

২৯। রামরতন সুত মদন, দীননাথ, মধু, রামধন ও হরচন্দ্র ৩০।

২৯। উগ্রকণ্ঠ সুত দিগম্বর ও ফটিক ৩০।

২৭। আনন্দীরাম সার্ব্বভৌম সুত দেবীপ্রসাদ ন্যায়ালঙ্কার, গৌরীকান্ত ও তারাচাঁদ ২৮।

২৮। গৌরীকান্ত সুত জনমেজয়, গদাধর ও ঈশ্বর ২৯।

২৯। জনমেজয় সুত শ্রীমন্ত ৩০।

২৮। তারাচাঁদ সুত হরকালী ২৯।

২৬। নন্দরাম সুত রামচরণ, ঘনশ্যাম, রামকিঙ্কর ও নন্দন ২৭।

২৭। রামকিঙ্কর সুত রামকুমার বিদ্যাধর ২৮।

২৮। রামকুমার সুত দীননাথ ও কালাচাঁদ ২৯।

২৭। রামচরণ সুত মাণিক ২৮। সুত রামচাঁদ ২৯। সুত উমাচরণ ৩০।

২৭। ঘনশ্যাম সুত মনোহর ২৮।

২৮। মনোহর সুত গোবিন্দ ২৯। আড়ুগড়, খুল্না।

২৪। রঘুনাথ চক্রবর্ত্তী সুত রামেশ্বর সিদ্ধান্ত ও রমাকান্ত চক্রবর্ত্তী ২৫।

২৫। রামেশ্বর সুত রামগোবিন্দ চক্রবর্ত্তী, কাশীশ্বর পঞ্চানন ও রতিকান্ত ২৬।

২৬। রামগোবিন্দ সুত নাম অজ্ঞাত ২৭।

২৭। কাশীশ্বর সুত ঘনশ্যাম ও রাজবল্লভ ২৮।

২৭। ঘনশ্যাম সুত আনন্দীরাম ও নন্দদুলাল ২৮।

২৮। আনন্দীরাম সুত রামকানাই ২৯।

২৯। রামকানাই সুত হরিনাথ ৩০।

২৮। নন্দদুলাল সুত রামচন্দ্র ন্যায়বাগীশ ও কৃষ্ণচন্দ্র বাচস্পতি ২৯।

২৭। রাজবল্লভ সুত গোপীনাথ ও প্রেমনারায়ণ ২৮।

২৮। গোপীনাথ সুত রামগঙ্গা, সদানন্দ ও রামরতন ২৯।

২৮। প্রেমনারায়ণ সুত দুর্গাবর, তারাচাঁদ ও ঈশ্বর ২৯। সাং আড়ুগড়, জেলা খুল্না।

২৬। রতিকান্ত সুত রামশরণ তর্কালঙ্কার, বিষ্ণুরাম সার্ব্বভৌম ও শিবরাম বিদ্যার্ণব ২৭।

২৭। রামশরণ সুত কালীকুমার পঞ্চানন ২৮।

২৮। কালীকুমার সুত বীরেশ্বর তর্কবাগীশ ২৯।

২৭। বিষ্ণুরাম সুত রাজকৃষ্ণ তর্কভূষণ ও মুক্তেশ্বর বিদ্যাবাগীশ ২৮।

২৭। শিবরাম সুত রামলোচন ২৮।

২৮। রামলোচন সুত বিশ্বেশ্বর ২৯। সাং আজুগড়, খুলনা।

২৫। রমাকান্ত চক্রবর্ত্তী সুত রামনাথ বাচস্পতি, পরমানন্দ চক্রবর্ত্তী, রামানন্দ চক্রবর্ত্তী ও শ্যামসুন্দর চক্রবর্ত্তী ২৬।

২৬। রামনাথ সুত রাধাকান্ত ২৭। সুত রামধন ২৮।

২৮। রামধন সুত কৃষ্ণমোহন ২৯।

২৬। পরমানন্দ সুত রামশঙ্কর ২৭।

২৭। রামশঙ্কর সুত রামগতি ন্যায়রত্ন ও বনমালী বিদ্যাবাগীশ ২৮।

২৬। রামানন্দ সুত রামকুমার ও হরচন্দ্র ২৭।

২৭। হরচন্দ্র সুত জনার্দ্দন ২৮।

২৬। শ্যামসুন্দর সুত নন্দকিশোর ২৭।

২৭। নন্দকিশোর সুত মদনমোহন, পঞ্চানন শিরোমণি ও পার্ব্বতীনাথ ২৮। সাং আজুগড়, খুলনা জেলা।

২৪। মধুসূদন চক্রবর্ত্তী সুত রামজীবন ২৫।

২৫। রামজীবন সুত কালিদাস, রামদাস ও লক্ষ্মণ ২৬।

২৬। কালিদাস সুত রামানন্দ ও রামরাম ২৭।

২৭। রামানন্দ সুত শিবরাম ২৮।

২৮। শিবরাম সুত মহেশ ও ঈশ্বর ২৯।

২৭। রামরাম সুত নীলকণ্ঠ ২৮।

২৮। নীলচন্দ্র সুত ভরতচন্দ্র ও কাশীনাথ ২৯।

২৬। লক্ষ্মণ সুত অযোধ্যারাম ও রামকিঙ্কর ২৭।

২৭। অযোধ্যারাম সুত রামসুন্দর বিদ্যাবাগীশ ২৮।

২৮। রামসুন্দর সুত গঙ্গারাম ২৯।

২৭। রামকিঙ্কর সুত রামতনু ও রামধন ২৮। সাং আজুগড়, জেলা খুলনা।

ঘোষাল পশুপাতির ধারা—কৃষ্ণমিশ্রজ।

১৮। নরসিংহ সুত রামচন্দ্র, বিষ্ণুচন্দ্র, হুকো, চকো, নিনো, সিধো, কুবের, গোবিন্দ ও দুর্গাবর ১৯।

১৯। রামচন্দ্র সুত লোচনদাস, গৌরীবর ও বিকর্ত্তন ২০।

২০। লোচন সুত গোপাল ও বিশ্বেশ্বর ২১।

২১। গোপাল সুত রঘুনাথ ও রামচন্দ্র ২২।

২২। রঘুনাথ সুত লক্ষ্মীনারায়ণ ও রূপনারায়ণ ২৩।

২৩। লক্ষ্মীনারায়ণ সুত চন্দ্রশেখর, রত্নেশ্বর, জীবনকৃষ্ণ, প্রাণকৃষ্ণ ও রামচন্দ্র ২৪।

২৪। চন্দ্রশেখর সুত নরনাথ ও যদুনাথ ২৫।

২৪। রত্নেশ্বর সুত জগৎচন্দ্র ও হরিশ্চন্দ্র ২৫।

২৪। জীবনকৃষ্ণ সুত রুক্মিণীকান্ত ও বাণীকান্ত ২৫।

২৪। প্রাণকৃষ্ণ সুত মহেশ ও উদয় ২৫।

২৪। রামচন্দ্র সুত ঈশান ও যাদব ২৫।

১৯। বিষ্ণুচন্দ্র সুত গৌরীবর, বিকর্ত্তন বা বিকো, পৃথ্বীধর বা পিথো ২০।

২০। গৌরীবর সুত বাসুদেব ২১।

২১। বাসুদেব সুত মধুসূদন ২২।

২২। মধুসূদন সুত হরিজীবন, বিষ্ণুদাস ও লোকনাথ ২৩।

২৩। হরিজীবন সুত যদুনাথ ও বিনোদ ২৪।

২৪। যদু সুত গোপাল, গোপীরমণ ও দেবিদাস ২৫।

১৯। হুকো সুত শ্রীকর, বিদ্যানিধি, পরশুরাম, পরমানন্দ ও রুদ্ররাম ২০।

২০। শ্রীকর সুত রাঘবেন্দ্র ২১।

২১। রাঘবেন্দ্র সুত রঘুনাথ, রূপনারায়ণ ও মথুরানাথ ২২।

২২। রঘুনাথ সুত বল্লভ, রামভদ্র ও রাজীবলোচন ২৩।

২২। রূপনারায়ণ সুত নাম অজ্ঞাত ২৩।

২২। মথুরানাথ সুত পরশুরাম, গোপীনাথ ন্যায়বাগীশ, রামদেব ও কামদেব ২৩।

২৩। পরশুরাম সুত কৃষ্ণদেব ২৪।

২৩। গোপীনাথ সুত রামচন্দ্র তর্কালঙ্কার, বিষ্ণুরাম সিদ্ধান্ত, জয়দেব তর্কবাগীশ ও চন্দ্রশেখর বিদ্যারত্ন ২৪।

২৪। বিষ্ণুরাম সুত রাজবল্লভ ন্যায়ালঙ্কার ও রামনারায়ণ বিদ্যাভূষণ ২৫।

২৫। রাজবল্লভ সুত কালীশঙ্কর তর্কভূষণ ২৬।

২৬। কালীশঙ্কর সুত শ্রীনাথ শিরোমণি, ষষ্ঠীবর ন্যায়পঞ্চানন ২৭।

২৭। শ্রীনাথ সুত শশীশেখর, সূর্য্যকান্ত ও বরদাকান্ত ২৮।

২৭। ষষ্ঠীবর সুত পদ্মলোচন, প্রসন্নচন্দ্র ও গোবিন্দচন্দ্র ২৮।

২৮। গোবিন্দ সুত নিধিরাম ও চিন্তামণি ২৯।

২৩। রামদেব সুত রাধাকৃষ্ণ ২৪।

২৩। কামদেব সুত রুদ্ররাম বিদ্যাবাগীশ ২৪।

২৪। রুদ্ররাম সুত রামশরণ, নন্দকিশোর ও কার্ত্তিক ২৫।

২৫। রামশরণ সুত রামকিঙ্কর, রামজয়, তিলক ও সদাশিব ২৬।

২৬। রামকিঙ্কর সুত জগমোহন ২৭।

২৭। জগমোহন সুত শ্যামাচরণ ও অভয়াচরণ ২৮।

২৬। রামজয় সুত মাধবচন্দ্র, উমাকান্ত ও রামচন্দ্র ২৭।

২৭। মাধব সুত হরচন্দ্র ; অম্বিতাচরণ, চণ্ডীচরণ ও গোবিন্দচরণ ২৮।

২৭। উমাকান্ত সুত প্রিয়নাথ ২৮। সাং মদনপুর, রাণাঘাট, জেলা নদীয়া।

২৭। রামচন্দ্র সুত রামশঙ্কর ২৮।

ঘোষাল পশুপতির ধারা—কৃষ্ণমিশ্রজ।

১৮। বৈকুণ্ঠ সুত বিজয়, গর্ভেশ্বর ও নিত্যানন্দ ১৯।

১৯। নিত্যানন্দ সুত শ্রীকর ২০। শ্রীকর সুত ত্রিপুরারি ২১।

১৯। বিজয় সুত বাচস্পতি, গোপীনাথ আচার্য্য ২০।

২০। বাচস্পতি সুত সোমনাথ; ভবনাথ ও নীলকণ্ঠ ২১।

২১। সোমনাথ সুত শ্রীনিধি ও পুরুষোত্তম ২২।

২১। ভবনাথ সুত সদানন্দ ও শিবানন্দ ২২।

২২। সদানন্দ আচার্য্য সুত শ্রীনাথ আচার্য্য, লক্ষ্মীকান্ত, রামনাথ ভট্টাচার্য্য ও রুক্মিণীকান্ত ২৩।

২৩। শ্রীনাথ সুত কেশব চক্রবর্ত্তী ২৪। সুত শিবরাম চক্রবর্ত্তী ২৫।

২৫। শিবরাম সুত মধু, রামভদ্র, রামদেব ২৬। সাং উপক্ষ মচিরা।

২৩। রুক্মিণীকান্ত সুত রাজীবলোচন ২৪।

২৪। রাজীব সুত রাঘব ও মথুরেশ ২৫। সাং কুমারহট্ট হালিসহর, ২৪ পঃ।

২০। গোপীনাথ সুত গোবিন্দ, বিমলানন্দ, কমলাকর, লোচনদাস, হৃদয় ২১।

২১। গোবিন্দ সুত শ্রীহর্ষ ও শ্রীনিধি ২২।

২০। লক্ষ্মীকান্ত সুত পরমেশ্বর, চন্দ্রশেখর, হৃষীকেশ, পরমানন্দ ও রামকৃষ্ণ ২১।

২১। পরমেশ্বর সুত যুগলকিশোর ও কৃষ্ণকিশোর ২২।

২২। কৃষ্ণকিশোর সুত দয়ারাম ২৩।

২৩। দয়ারাম সুত জীবনধন, মদনমোহন ও গোপীকৃষ্ণ ২৪।

২৪। মদনমোহন সুত হরিনাথ, জগমোহন ও আদিত্যনাথ ২৫।

২৫। আদিত্যনাথ সুত গোপীজনবল্লভ ২৬। সুত রামচরণ ও কৃষ্ণচরণ ২৭।

২৭। কৃষ্ণচরণ সুত অনাথবন্ধু ২৮। সুত শিবশেখর ২৯।

২৯। শিবশেখর সুত রামধন ও জীবনধন ৩০।

৩০। রামধন সুত রামচন্দ্র ৩১। সুত রামশঙ্কর (ভঙ্গ) ও শিবশঙ্কর ৩২।

২৯। গুরুগোবিন্দ সাং রামনগড়, থানা ঝিনাইদহ, জেলা যশোহর। (১২৮পৃঃ)

২৯। গুরুগোবিন্দ সুত দীনবন্ধু ও প্রমথভূষণ (ইহাকে নলডাঙ্গার রাজা

ইন্দুভূষণ দেবরায়কে পোষ্যপুত্র দেওয়া হয়)। **রাজা প্রমথভূষণ** দেব রায় বাহাদুর জীবিত আছেন। তিনি এক্ষণে পুরীবাসী।

৩০। দীনবন্ধু সুত মুরারিমোহন B. L. ৩১। সাং ঝিনাইদহ, জেলা যশোহর।

ঘোষাল পশুপতির ধারা—কৃষ্ণমিশ্রজ।

১৮। মাধব সুত গোপাল, বামন, কৃত্তিবাস, বিশ্বম্ভর, কানু ও চাঁদ ১৯।

১৯। গোপাল সুত সুরানন্দ, নিত্যানন্দ, পরমানন্দ ও মকরন্দ ২০।

২০। নিত্যানন্দ সুত শ্রীনাথ ২১।

১৯। বামন সুত রত্নগর্ভ ও কালিদাস ২০। কালিদাস সুত গোবিন্দ ২১।

২১। গোবিন্দ সুত শ্রীকর ও বিদ্যাবল্লভ ২২।

২২। শ্রীকর সুত সিদ্ধান্তবাগীশ ও রাজীব ২৩।

২৩। সিদ্ধান্তবাগীশ সুত রামভদ্র ন্যায়রত্ন, মহাদেব ন্যায়বাগীশ, রামনারায়ণ ও মথুরেশ ২৪।

২৪। রামভদ্র সুত রত্নেশ্বর, মুকুন্দ, কৃষ্ণদেব সার্ব্বভৌম ও রামগোবিন্দ বাচস্পতি ২৫।

২৫। রত্নেশ্বর সুত গঙ্গাধর পঞ্চানন ২৬।

২৬। গঙ্গাধর সুত রামচরণ ন্যায়ালঙ্কার, শঙ্কর বিদ্যালঙ্কার ও ভবানীচরণ সিদ্ধান্ত ২৭। সাং আউলা, পঃ আনরপুর।

২৫। কৃষ্ণদেব সার্ব্বভৌম সুত রামশরণ ন্যায়বাগীশ ও অনন্তরাম তর্কবাগীশ ২৬।

২৬। রামশরণ ন্যায়বাগীশ সুত রঘুনাথ, রামনাথ, শম্ভুনাথ, হরিরাম কালিদাস, সীতারাম, লক্ষ্মণ, কেবলরাম ও রামশঙ্কর ২৭। সাং আউলা।

২৬। অনন্তরাম সুত রামচরণ ন্যায়পঞ্চানন, রামচন্দ্র বিদ্যালঙ্কার, দয়ারাম বাচস্পতি ২৭। সাং বারাকপুর, ২৪ পরগণা।

২৫। রামগোবিন্দ বাচস্পতি সুত রামানন্দ বিদ্যাবাগীশ ২৬। সাং আউলা, পোঃ আনারপুর।

২৪। মহাদেব ন্যায়বাগীশ সুত রামদেব, গোপীশ্বর ন্যায়ালঙ্কার, রামগোবিন্দ তর্কপঞ্চানন, রাজেন্দ্র তর্কবাগীশ ও মাধব বিদ্যাভূষণ ২৫। সাং আড়িয়াদহ, জেলা ২৪ পরগণা।

২৫। রামদেব সুত শিবদেব ২৬।

২৫। গোপীশ্বর ন্যায়ালঙ্কার সুত কৃষ্ণচরণ ভট্টাচার্য্য চক্রবর্ত্তী ২৬। সাং কামারহাটী, জেলা ২৪ পরগণা।

২৬। কৃষ্ণচরণ সুত রঘুনন্দন ন্যায়বাগীশ, রামদুলাল ও রামসুন্দর বিদ্যাবাচস্পতি ২৭।

২৫। রামগোবিন্দ সুত কৃষ্ণরাম ভট্টাচার্য্য, রমাকান্ত বিদ্যাভূষণ, রমানাথ ন্যায়বাচস্পতি, কেশব ভট্টাচার্য্য ও রামদাস ভট্টাচার্য্য ২৬। সাং পুড়, পোঃ কাথুলিয়া।

২৬। কৃষ্ণরাম সুত কমলাকান্ত বিদ্যালঙ্কার ও রামজীবন ন্যায়ালঙ্কার ২৭।

২৭। কমলাকান্ত সুত রামহরি, রামনারায়ণ ও শিবচন্দ্র ২৮।

২৮। রামহরি সুত কৃষ্ণহরি পাঞ্চতীর্থ ২৯।

২৮। রামনারায়ণ সুত রামজীবন তর্কবাগীশ ও জনার্দ্দন সার্ব্বভৌম ২৯।

২৯। রামজীবন সুত রামজয়, নীলকণ্ঠ, রাজারাম সিদ্ধান্ত ৩০। সাং বারাশত, পরগণা আনরপুর।

২৯। জনার্দ্দন সুত রামচন্দ্র তর্কালঙ্কার ও রুদ্ররাম বাচস্পতি ৩০।

৩০। রামচন্দ্র তর্কালঙ্কার সুত দুর্গারাম বিদ্যালঙ্কার ও লক্ষ্মণচন্দ্র তর্কবাগীশ ৩১। সাং কলিকাতা।

৩১। দুর্গারাম সুত কালীচরণ সিদ্ধান্ত ও হরিচরণ তর্কভূষণ ৩২।

৩২। কালীচরণ সুত শিবনারায়ণ ৩৩।

৩১। হরিচরণ সুত জয়নারায়ণ, রাজনারায়ণ, গঙ্গানারায়ণ, রামকৃষ্ণ ও কাশীনাথ ৩৩।

৩১। লক্ষ্মণচন্দ্র সুত কালীপ্রসাদ ন্যায়পঞ্চানন ৩২।

৩২। কালীপ্রসাদ সুত কৃষ্ণপ্রসাদ ও ভৈরবচরণ ৩৩।

৩০। রুদ্ররাম বাচস্পতি সুত দয়ারাম বাচস্পতি, কালীচরণ সিদ্ধান্ত ও শ্যাম বিদ্যাপঞ্চানন ৩১।

৩১। দয়ারাম সুত রামদুলাল ৩২।

৩১। কালীচরণ সুত গঙ্গাচরণ ৩২।

৩১। শ্যাম বিদ্যাপঞ্চানন সুত হরচন্দ্র ও শিবচন্দ্র বিদ্যার্ণব ৩২।

২৬। রমানাথ সুত কৃষ্ণচরণ ন্যায়বাগীশ, দুর্গাপ্রসাদ বিদ্যাভূষণ, কন্দর্প তর্কসিদ্ধান্ত ২৭।

ঘোষাল পশুপতির ধারা—তেঁইজ।

১৭। বনমালী সুত গঙ্গাধর, উমাপতি ও নিধিরাম বা নিধো ১৮।

১৮। গঙ্গাধর সুত শত, সর্ব্বানন্দ, অচ্যুত ও পদ্মনাভ ১৯।

১৯। সর্ব্বানন্দ সুত শ্রীনাথ ২০।

১৯। পদ্মনাভ সুত প্রভাকর ২০।

২০। প্রভাকর সুত ত্রিলোচন ২১। সুত সত্যবান ২২।

২২। সত্যবান সুত সূর্য্যকান্ত, কমলাকর ও পুরন্দর ২৩।

২৩। সূর্য্য সুত জগদানন্দ কবিরাজ ২৪।

২৪। জগদানন্দ সুত রঘুনাথ ও লক্ষ্মণ বা লখো ২৫।

২৫। লক্ষ্মণ বা লখো সুত যদুনাথ ও কৃপানাথ ২৬।

২৩। কমলাকর সুত বামাকর, দিবাকর, সুধাকর ও রবিকর ২৪।

১৮। উমপতি সুত বিশ্বনাথ ১৯।

১৯। বিশ্বনাথ সুত সদাশিব ও বিকর্ত্তন ২০।

২০। সদাশিব সুত নারায়ণ ২১।

২১। নারায়ণ সুত রঘুনাথ ২২। সাং বাগোনশা।

১৮। নিধিরাম বা নিধো সুত ব্যাস ১৯। ব্যাসদেব সুত কামদেব ২০।

